প্রাকৃত-প্রকাশ

শ্রীগিরীশচন্দ্র বেদান্ততীর্থ

মূল্য এক টাকা।

(বররুচিকৃতঃ)

প্রাকৃত-প্রকাশঃ

শ্রীগিরীশচন্দ্রবেদান্ততীর্থ-প্রণীত-

ভাষাবৃত্তিসমেতঃ ।

রামপুরবোয়ালিয়ানগর প্রবাসিনা

শ্রীসতীশচন্দ্রসিদ্ধান্তভূষণেন প্রকাশিতঃ।

কলিকাতা,

২৫ নং, রায়বাগান ষ্ট্রীট্ ভারতমিহির যন্ত্রে

শ্রীমহেশ্বর ভট্টাচার্য্যেণ মুদ্রিতঃ ।

সন ১৩১৮।

বহুমানাস্পদ বিদ্যোৎসাহী

দিঘাপাতিয়া-রাজকুমার

শ্রীযুক্ত শরৎকুমার রায় এম, এ,

বাহাদুরের

নামে

এই গ্রন্থ

উৎসর্গীকৃত হইল।

গ্রন্থকার।

বিজ্ঞাপন।

এই প্রাকৃত প্রকাশে অনেকগুলি অশুদ্ধি হইয়াছে। এই পুস্তকের মুদ্রণ সময়ে আমি উৎকট রোগে আক্রান্ত হইয়া দীর্ঘকাল যাতনা পাইয়াছি, তাহারই ফলে এই ক্ষুদ্র পুস্তকে এতগুলি ভুল হইয়াছে। সহৃদয় পাঠকগণ অনুগ্রহপূর্ব্বক এই ক্ষুদ্র পুস্তকের ভ্রান্তি-বাহুল্য ক্ষমা করিবেন, ইহাই প্রার্থনীয়। পাঠের সুবিধার জন্য পুস্তকের প্রথম ভাগে সূত্রগুলি স্বতন্ত্র ভাবে সন্নিবেশিত হইল। ইতি—

ভূমিকা

প্রাকৃতভাষা একসময়ে ভারতবর্ষের বিভিন্নপ্রদেশে বিশেষরূপে সমাদৃত হইয়াছিল। সংস্কৃতভাষার ন্যায় প্রাকৃতভাষাতেও বিবিধ রমণীয় কাব্য, মহাকাব্য এবং নাটক, নাটিকা প্রভৃতি দৃশ্যকাব্য বিরচিত হইত *। সংস্কৃতভাষী কবির ন্যায় প্রাকৃতভাষী কবিও সভ্যসমাজে সমধিক সম্মান লাভে অধিকারী হইতেন। কোনও ভাষা সভ্যসমাজে বিস্তৃতি লাভ করিলেই তদনুশীলনার্থ ব্যাকরণের প্রয়োজন হয়। অতএব অনুমিত হইতে পারে যে, প্রাকৃতভাষা উন্নতিমার্গে আরোহণ করিবার সময়েই, প্রাকৃত-সাহিত্যের মর্ম্মার্থ হৃদয়ঙ্গম করিবার জন্য, মনীষিগণ প্রাকৃতব্যাকরণের সৃষ্টি করিয়াছিলেন। এক সময়ে প্রাকৃতকাব্যের এবং ব্যাকরণের সমধিক পঠন পাঠন প্রচলিত ছিল। উত্তরকালে প্রাকৃত-সাহিত্যের অনুশীলন একপ্রকার বিলুপ্ত হইয়া গিয়াছিল। বর্ত্তমান সময়ে যদিও নাটকাদিতে কিঞ্চিৎ পরিমাণে প্রাকৃতের পঠন পাঠন হইতে দেখা যায়, কিন্তু প্রকৃতপক্ষে ইহা প্রাকৃতের অনুশীলন নহে; সংস্কৃত অনুবাদের সাহায্যে নাটকাদির প্রাকৃত অংশের মর্ম্মার্থের অনুধাবন মাত্র। ইহাতে প্রাকৃতভাষার পদ-পদার্থজ্ঞান কিছুই হয় না, সুতরাং বর্ত্তমান রীতিতে প্রাকৃতপাঠ ব্যাকরণানভিজ্ঞের সংস্কৃত মন্ত্রপাঠের মত একপ্রকার অদৃষ্টার্থ হইয়া দাঁড়াইয়াছে। অনুবাদ পড়িয়া, সাহিত্যের প্রকৃত মর্ম্ম হৃদয়ঙ্গম করা যায় না। বিশেষতঃ দীর্ঘকালব্যাপক প্রাকৃতব্যাকরণের অননুশীলনের ফলে, প্রাকৃত-সাহিত্য এতই বিপর্য্যস্ত হইয়া পড়িয়াছে যে, অনেক-

* তৎকালে প্রাকৃতভাষায় জ্যোতিষশাস্ত্রেরও অনেক গ্রন্থ রচিত হইয়াছিল, বৃহজ্জাতকের ভট্টোৎপলকৃত টীকায় তাহার নিদর্শন পাওয়া যায়।

স্থলে তাহার প্রকৃত পাঠের অভাবে, বাস্তবিক অর্থ একবারে তিরোহিত হইয়া গিয়াছে; তাহা উপেক্ষার যোগ্য নহে। কারণ, প্রাকৃতভাষার সহিত বাঙ্গালাভাষার সম্বন্ধ অতীব ঘনিষ্ঠ; এবং প্রাচীন ঐতিহাসিক অনেক তত্ত্ব প্রাকৃত-সাহিত্যের অন্তর্নিবিষ্ট। "গৌড়বহো" প্রভৃতি প্রকৃষ্ট ঐতিহাসিক কাব্য প্রাকৃতভাষাতেই বিরচিত। সুতরাং ঐতিহাসিক তত্ত্বনির্ণয়ের উপায় এবং বাঙ্গালাভাষার উৎপত্তি-বিবরণ-জ্ঞানের জন্যও প্রাকৃত-সাহিত্যের অনুশীলন বিশেষ উপযোগী। ভাষার অনুশীলন করিতে হইলে, ব্যাকরণের জ্ঞান আবশ্যক। ব্যাকরণ না জানিলে, প্রতিপদ-পাঠ দ্বারা ভাষার মর্ম্মার্থজ্ঞান সম্ভবপর হয় না। এই ধারণার বশবর্ত্তী হইয়া, আমি প্রাকৃত ব্যাকরণের প্রচার কার্য্যে ব্যাপৃত হইয়াছি।

দণ্ডিকৃত "কাব্যাদর্শে" প্রাকৃতভাষা সাধারণতঃ সংস্কৃতোৎপন্ন, সংস্কৃত-সম এবং দেশী এই তিন শ্রেণীতে বিভক্ত হইয়াছে *। মহারাষ্ট্রী ভাষা সাক্ষাৎ সম্বন্ধে সংস্কৃত হইতে উৎপন্ন। শৌরসেনী প্রভৃতি সংস্কৃত তুল্য ভাষা। যাহাতে সংস্কৃতের সম্পর্ক দেখা যায় না, তাহা দেশী প্রাকৃত নামে অভিহিত। প্রাকৃতের মধ্যে মহারাষ্ট্রের ভাষাই সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট বলিয়া উক্ত হইয়াছে †।

কাব্যাদর্শে (১) শৌরসেনী, (২) গৌড়ী, (৩) লাটী, (৪) আভিরী, (৫) অপভ্রংশ এবং (৬) ভূতভাষা বা পৈশাচী, এই কয়টী প্রাকৃতভাষার

* "সংস্কৃতং নাম দৈবী বাগন্বাখ্যাতা মহর্ষিভিঃ।
তদ্ভব স্তৎসমো দেশী ত্যনেকঃ প্রাকৃতঃ স্মৃতঃ॥"
(কাব্যাদর্শ ১।৩৩)

† "মহারাষ্ট্রাশ্রয়াং ভাষাং প্রকৃষ্টং প্রাকৃতং বিদুঃ।
সাগরঃ সূক্তিরত্নানাং সেতুবন্ধাদি যন্ময়ম্॥"
(কাব্যাদর্শ ১।৩৪)

উল্লেখ আছে।* সাহিত্যদর্পণে (১) শৌরসেনী, (২) মহারাষ্ট্রী, (৩) মাগধী, (৪) অর্দ্ধমাগধী, (৫) প্রাচ্যা (গৌড়ী), (৬) অবন্তিকা, (৭) দাক্ষিণাত্যা (বৈদর্ভী), (৮) শাকারী, (৯) বাহ্লীকী, (১০) দ্রাবিড়ী, (১১) আভীরী, (১২) চাণ্ডালী, (১৩) শাবরী এবং (১৪) পৈশাচী, এই চতুর্দ্দশপ্রকার প্রাকৃতভাষার উল্লেখ আছে। †

সাহিত্যদর্পণকার বিশ্বনাথ 'অষ্টাদশভাষাবারবিলাসিনীভুজঙ্গ' বলিয়া নিজের পরিচয় দিয়াছেন; কিন্তু এই অষ্টাদশ ভাষার নাম বিশেষরূপে ব্যক্ত করেন নাই। "ভাষাসম" নামে একটী অলঙ্কার আছে; ইহাতে একরূপ শব্দদ্বারা বিবিধভাষাতে বাক্য রচিত হইয়া থাকে। ইহার উদাহরণ-শ্লোকের উপসংহারে বিশ্বনাথ দেখাইয়াছেন,—"এষ শ্লোকঃ

* "শৌরসেনীচ গৌড়ীচ লাটী চাণ্যাচ তাদৃশী।"
"আভীরাদিগিরঃ কাব্যেষপভ্রংশতয়েষাতে।"
"ভূতভাষাময়ীং প্রাহুরদ্ভুতার্থাং বৃহৎকথাম্।"
(কাব্যাদর্শ ১।৩৫, ৩৬, ৩৮)

† "শৌরসেনী প্রযোক্তব্যা তাদৃশীনাঞ্চ যোষিতাম্।
আসামেবতু গাথাসু মহারাষ্ট্রীং প্রযোজয়েৎ॥
অত্রোক্তা মাগধীভাসা রাজান্তঃপুরচারিণাম্।
চেটানাং রাজপুত্রানাং শ্রেষ্ঠানাঞ্চার্দ্ধমাগধী॥
প্রাচ্যা বিদূষকাদীনাং ধূর্ত্তানাং স্যাদবন্তিকা।
যোধনাগরিকাদীনাং দাক্ষিণাত্যা হি দীব্যতাম্॥
শকারাণাং শকাদীনাং শাকারীং সংপ্রযোজয়েৎ।
বাহ্লীকভাষা দিব্যানাং দ্রাবিড়ী দ্রবিড়াদিষু॥
আভীরেষু তথাভীরী চাণ্ডালী পুক্কসাদিষু।
আভীরী শাবরী চাপি কাষ্ঠপত্রোপজীবিষু॥
তথৈবাঙ্গারকারাদৌ পৈশাচী স্যাৎ পিশাচবাক্।"
(সাহিত্যদর্পণ, ৬।৩৩২)

সংস্কৃত-প্রাকৃত-শৌরসেনী-প্রাচ্যাবন্তী-নাগরাপভ্রংশেষ্বেকবিধ এব”। এই অষ্টাদশভাষা সম্ভবতঃ একসময়ে বিভিন্ন অক্ষরে লিখিত হইত। রাজশেখর কৃত “বিদ্ধশালভঞ্জিকা” নাটিকায় বিদূষকের প্রতি রাজার উক্তিতে তাহার কতক পরিচয় পাওয়া যায়; বিদূষকের অক্ষর দেখিয়া রাজা উপহাস করিয়া বলিতেছেন,—“অষ্টাদশলিপিবিদো বয়ং ন ত্বদীয়াক্ষরবিচক্ষণাঃ।”

এক সময়ে ছাত্রকে বুঝাইতে প্রাকৃতভাষা অধ্যাপকের সাহায্য করিত, তাহার প্রমাণ পাওয়া যায়। যথা, আহ্নিকতত্ত্বধৃত শিবধর্ম্মে——

“সংস্কৃতৈঃ প্রাকৃতৈ র্ব্বাক্যৈ র্যঃ শিষ্য মনুরূপতঃ।
দেশভাষাদ্যুপায়ৈ শ্চ বোধয়েৎ স গুরুঃ স্মৃতঃ॥”

তন্ত্র-সাহিত্যে অনেক স্থলে প্রাকৃত-প্রভাব পরিলক্ষিত হয়। যথা, তন্ত্রসারে হোম-প্রকরণে উক্ত হইয়াছে——

“ভৈরবাংশ্চ হুনেদষ্টৌ আজ্যান্বিততিলৈঃ শুভৈঃ।”
“হুনেৎ পঞ্চমবাণেন আহুতীনাং এয়ং তথা।”
তথাচ “প্রপঞ্চসারে”—
“মনুনা গাণপত্যেন হুনেৎ পূর্ব্বং দশাহুতীঃ।”

এই সকল বচনের ‘হুনেৎ’-প্রয়োগ সংস্কৃত ব্যাকরণ দ্বারা সাধিত হয় না; ‘জুহুয়াৎ’ এইরূপ প্রয়োগ হয়। প্রাকৃতপ্রকাশের অষ্টম পরিচ্ছেদের ৫৬ সূত্রে “হু দানে” এই ‘হু’ ধাতুর পর ণকারের প্রয়োগ বিহিত হইয়াছে; তাহা দ্বারা প্রাকৃতে ‘হুণই’ ইত্যাদি পদ সাধিত হয়। প্রাকৃত ভাষা হইতে ণকারাগমযুক্ত ‘হু’ ধাতুর ‘হুণ’ এইরূপ গ্রহণ করিয়া, তাহার উত্তর বিধিলিঙ্-এর ‘যাৎ’ বিভক্তিদ্বারা ‘হুনেৎ’ এই প্রয়োগ তন্ত্র-সাহিত্যে প্রযুক্ত হইয়াছে বলিয়া বোধ হয়। সংস্কৃত ভাষায় স্থান প্রাপ্ত হইয়া, রূপ-পরিবর্ত্তনে অথবা উচ্চারণ বৈকল্যে, মূর্দ্ধণ্য ণ দন্ত্য ন রূপে পরিণত হইয়াছে।

কোন্ সময়ে প্রাকৃত ভাষার সমাদর আরব্ধ হইয়াছিল, তাহার নির্ণয়ের কোন উপায় নাই। তবে ইহার সমধিক আদরের সময় হইতেই প্রাকৃত ব্যাকরণের প্রয়োজন অনুভূত হইয়াছিল বলিয়া অনুমান করা যাইতে পারে।

যে সকল প্রাকৃত ব্যাকরণ অদ্যাপি বর্ত্তমান আছে, তন্মধ্যে 'প্রাকৃত-প্রকাশ' প্রাচীন বলিয়া বোধ হয়। ইহার রচয়িতা বররুচি অন্যত্র কাত্যা-য়ন নামে পরিচিত। এই কাত্যায়ন-বররুচি কলাপ ব্যাকরণের একটি বৃত্তি এবং কৃৎপ্রকরণ রচনা করিয়াছিলেন। পালিভাষার ব্যাকরণ কর্ত্তা 'কচ্চাঅণ' ও সম্ভবতঃ ইনিই; কারণ ইঁহারই বিবিধ ব্যাকরণ রচনার প্রবৃত্তি দেখা গিয়াছে। প্রাকৃত-প্রকাশের শেষে "শেষং মাহারাষ্ট্রীবৎ" এই সূত্রে "শৌরসেনী ভাষার অন্যান্য নিয়ম মাহারাষ্ট্রীর মত হইবে" এইরূপ নির্দ্দেশ দ্বারা বোধ হয় তিনি মাহারাষ্ট্রী ভাষারও স্বতন্ত্র ব্যাকরণ রচনা করিয়াছিলেন।

প্রাকৃত-প্রকাশে মাগধীভাষার জন্য ১৭টী মাত্র সূত্র রচিত হইয়াছে। ইহাতে বোধ হয়, ঐ সময়ে সাধারণ প্রাকৃত হইতে মাগধীভাষার অধিক পার্থক্য ছিল না; পরবর্ত্তী সময়ে ক্রমে ক্রমে প্রভূত প্রভেদ ঘটিয়াছে। হেমচন্দ্রের বৃহৎ (মাগধী) প্রাকৃতব্যাকরণই ইহার নিদর্শন। মাগধীর মিশ্রণে অর্দ্ধমাগধী নামে একটী স্বতন্ত্র ভাষারও উৎপত্তি হইয়াছিল। প্রাকৃত-প্রকাশে গৌড়ী বা প্রাচ্যভাষার উল্লেখ নাই। ইহাতে বোধ হয়, ঐ সময়ে গৌড়ী ভাষা স্বতন্ত্র সত্তা লাভ করিতে পারে নাই; মাগধীরই অন্তর্ভূত ছিল। বর্ত্তমান বাঙ্গালা ভাষার সহিত মাগধীভাষার ঘনিষ্ঠ সম্পর্ক দেখিয়া, এই সিদ্ধান্তে উপনীত হওয়া যায়।

মাগধীর একটী সূত্রে উক্ত হইয়াছে, "সু বিভক্তি (প্রথমার একবচন) পরে থাকিলে, অন্ত্য অকারের স্থানে ইকার, এবং একার হয়; স্থান বিশেষে অন্ত্য অকারের লোপও হয়।" বাঙ্গালা ভাষায় 'মানুষে খায়'

'বানরে লাফায়' 'বালকে হাসে' ইত্যাদি স্থলে, কর্ত্তাতে একারের স্পষ্টতঃ ব্যবহার দেখা যায়।* মানুষ্, গাছ্, ফল্, জল্, মল্, ইত্যাদি স্থলে, অন্ত্য অকারের লোপের উদাহরণও বিরল নহে। আমরা লিখিবার সময়ে হসন্ত চিহ্ন ব্যবহার করিনা বটে, কিন্তু পড়িবার সময়ে এবং উক্তি-প্রত্যুক্তিতে হসন্ত উচ্চারণই করিয়া থাকি। মাগধী ভাষায় একমাত্র তালব্য শকারের ব্যবহার আছে; বাঙ্গালাতেও কেবল তালব্য শকারই উচ্চারিত হয়; কেবল কাগজ পত্রে মূর্দ্ধন্য ষ এবং দন্ত্য সকারের অস্তিত্ব দেখা যায়। বাঙ্গালায় কতকাল হইতে উচ্চারণ-বৈকল্য ঘটিয়াছে, তাহার নির্ণয়ের উপায় নাই। তবে অন্যূন সাতশত বৎসর পূর্ব্বেও যে 'দন্ত্যসকার' 'তালব্য শকার' ইত্যাদি নাম ধরিয়া ভেদ করা হইত, পুরুষোত্তম দেবের 'ভাষাবৃত্তি' পাঠে তাহা বুঝিতে পারা যায়।

প্রাকৃত ভাষার মধ্যে পৈশাচী ভাষা নামে একটী ভাষার উল্লেখ দেখা যায়। এই ভাষায় 'বৃহৎ কথা' নামক এক প্রকাণ্ড গ্রন্থ রচিত হইয়াছিল। এই ভাষার জন্মদাতা 'পিশাচ'-জাতি কাহারা, তাহার বিশেষ পরিচয় পাওয়া যায় না। মনুসংহিতার (১।৩৭) মেধাতিথিকৃত ভাষ্যে এবং কুল্লুক ভট্টের টীকায় 'অপবিত্র মরুদেশবাসী নিকৃষ্ট জাতি বিশেষ' পিশাচ নামে ব্যাখ্যাত হইয়াছে।† সম্ভবতঃ এই পিশাচজাতি-ব্যবহৃত ভাষাই 'পৈশাচী' নামে আখ্যাত হইয়াছে। এই পিশাচাধিষ্ঠিত মরুদেশ কোথায় ছিল, জানিবার উপায় নাই।

---

* এরূপ স্থলে বাঙ্গালা ব্যাকরণকার কর্ত্তাতে সপ্তমী বিভক্তির নির্দ্দেশ করিয়াছেন, আবার কেহ বা গবেষণার ফলে 'মানুষে পায়' ইহা 'মানুষেণ পায্যতে' এই কর্ম্মবাচী বাক্যের অপভ্রংশ এইরূপ বলিয়া থাকেন। প্রকৃত পক্ষে 'মানুষে' ইহা প্রথমার একবচনান্ত পদ।

† "পিশাচাঃ অশুচি-মরুদেশাদিবাসিনো নিকৃষ্টাঃ"। (মেধাতিথি)

"পিশাচা স্তেভ্যঃ (রক্ষোভ্যঃ) অপকৃষ্টাঃ অশুচি-মরুদেশনিবাসিনঃ"।

(কুল্লুকভট্ট)

বর্ত্তমান সময়ে যে সকল প্রাকৃত ব্যাকরণ মুদ্রিত এবং অমুদ্রিত অবস্থায় দৃষ্টিগোচর হইতেছে, তন্মধ্যে বররুচিকৃত 'প্রাকৃত-প্রকাশ'ই সর্ব্বাপেক্ষা উপাদেয়। ইহাতে প্রাকৃত ভাষার বোধোপযোগী নিয়মগুলি সংস্কৃত ভাষায় সূত্রাকারে লিখিত হইয়াছে। এই পুস্তক দ্বাদশ পরিচ্ছেদে বিভক্ত। প্রথম হইতে নবম পরিচ্ছেদ পর্য্যন্ত সাধারণ প্রাকৃতের নিয়ম উক্ত হইয়াছে; দশমে 'পৈশাচী'; একাদশে 'মাগধী'; এবং দ্বাদশে শৌরসেনী ভাষার নিয়ম উক্ত হইয়াছে। প্রথম হইতে একাদশ পরিচ্ছেদ পর্য্যন্ত 'ভামহ'-কৃত বৃত্তি পাওয়া যায়। কাওএল্ সাহেব কর্ত্তৃক প্রকাশিত এবং বেনারস চৌখাম্বা হইতে প্রকাশিত প্রাকৃত-প্রকাশে দ্বাদশ পরিচ্ছেদের বৃত্তি সন্নিবেশিত হয় নাই। মহোদয় কাওএল্ মাঝে মাঝে দুই একটী সূত্রের পদচ্ছেদ করিয়াছেন মাত্র; ইহা প্রকৃতের কতদূর উপযোগী হইয়াছে, তাহা মনীষিগণ বিচার করিয়া দেখিতে পারেন। সাধারণের পাঠোপযোগী করিবার অভিপ্রায়ে, আমি বাঙ্গালা ভাষায় বিস্তৃত বৃত্তি সন্নিবেশিত করিয়াছি। একাদশ পরিচ্ছেদ পর্য্যন্ত ভামহকৃত বৃত্তির অনুসরণ করিয়াছি; বৃত্তির যে সকল অংশ অসমীচীন বলিয়া প্রতীয়মান হইয়াছে, তাহা উপেক্ষা করিয়াছি। ইহা অবশ্য বক্তব্য যে আমি ভামহকৃত বৃত্তি হইতে সমধিক সাহায্য পাইয়াছি; কিন্তু আমার এই বৃত্তি ভামহবৃত্তির অনুবাদ মাত্র নহে।

আমি বিবিধ প্রাকৃত গ্রন্থ হইতে উদাহরণ সংগ্রহ করিয়াছি। প্রাকৃত-কাব্যে ব্যবহৃত প্রয়োগ দেখিয়া, দ্বাদশ পরিচ্ছেদের বৃত্তি প্রস্তুত করিয়াছি। ইহাতে কৃতকার্য্য হইয়াছি কিংবা ভ্রমবাহুল্যে বিজড়িত হইয়াছি, তাহা বলিতে পারি না। মৃতকল্প অপ্রচলিত ভাষার ব্যাকরণ রচনায় হস্তক্ষেপকারীর ভ্রম-প্রমাদ অবশ্যম্ভাবী; সুতরাং এই বৃত্তি রচনায় আমার যে সকল ভ্রম হইয়াছে, সহৃদয় সুধীগণ তাহার সংশোধন করিয়া লইলে, বিশেষ অনুগৃহীত হইব। আমার এই ক্ষুদ্র উদ্যম দ্বারা প্রাকৃত গ্রন্থ-

পাঠের এবং বাঙ্গালা ভাষার তথ্য নির্ণয়ের যদি কিছু মাত্র উপকার সাধিত হয়, তবে শ্রম ও অর্থব্যয় সফল মনে করিব।

উপসংহারে বক্তব্য যে, এই পুস্তকের সঙ্কলন ও মুদ্রণ বিষয়ে রাজসাহী কলেজের সুযোগ্য অধ্যক্ষ রায় শ্রীযুক্ত কুমুদিনী কান্ত বন্দ্যোপাধ্যায় বাহাদুর এম, এ, মহোদয় আমাকে উৎসাহান্বিত করিয়াছেন; এবং রাজসাহীর প্রসিদ্ধ ঐতিহাসিক শ্রীযুক্ত অক্ষয় কুমার মৈত্রেয় বি, এল, মহোদয় মুদ্রণ-কার্য্যে বিশেষ সহায়তা করিয়াছেন; এই জন্য আমি তাঁহাদের নিকট কৃতজ্ঞতাপাশে আবদ্ধ রহিলাম। ইতি।

১৪ই অগ্রহায়ণ
১৩১৮ সন

শ্রীগিরীশচন্দ্র শর্ম্মা।
রাণী হেমন্তকুমারী সংস্কৃত কলেজ, রাজসাহী।

শুদ্ধিপত্র।

অশুদ্ধ	শুদ্ধ	পৃষ্ঠা	পংক্তি
লূ শব্দের	লূশব্দের সহিত	৫	১৩
জামাউও।	জামাউও; ইত্যাদি।	৭	৪
জউনা	জউণা	১১	১৪
থ।	খ।	১৪	১৯
জকে্থা	জক্খো	১৫	১৩
ষষ্ঠী	ষষ্ঠী	১৬	১৬
সর্ব্বজ্ঞো	সব্বজ্ঞো	১৯	৩
মধ্যাহ্ন	মধ্যাহ্নঃ	১৯	৮
স্তম্ভে থ॥	স্তম্ভে থঃ॥	২০	৪
পর্য্যস্তম্	পর্য্যস্তম্	২১	৬
ছীরঃ	ছীরং	২২	১৪
স্পার্শ-গর্হার্হর্হেষু	স্পার্শ-হর্ষার্হ-গর্হেষু	২৮	১
হরিসো।	হরিসো। অর্হঃ—অরিহো।	২৮	৫
অশ্র	অশ্রু	৩১	১৭
তল	তল্	৩৩	৫
বচ্ছেণি অচ্ছহ	বচ্ছে ণিঅচ্ছহ	৩৭	৯
সুপঃ সু॥	সুপঃ সুঃ॥	৩৮	১৭
সাবো ত্ব	সাবোত্ব	৪২	১
ইদমেদৎ	ইদমেতৎ	৪৬	৮

অশুদ্ধ	শুদ্ধ	পৃষ্ঠা	পঙ্‌ক্তি
প্রত্যষের	প্রত্যয়ের	৬৩	১০
ধাবিষ্যতি	ধা'বিষ্যতি	৭০	৮
লিহে লিহ্মঃ ॥	লিহে লিহ্মঃ ॥	৭৪	১৫
মাষ্টি	মাষ্টি´	৭৫	২০
বুট্ট-খুপ্পা	বুট্ট-খুপ্পৌ	৭৬	১
মজ্জ্‌তি	মজ্জতি	৭৬	২
ণিঅক্ক	ণিঅক্ক	৭৬	৪
৬৮	৬৯	৭৬	৪
মহাণহাব	মহাণুহাব	৭৯	১৯

প্রাকৃতপ্রকাশ-সূত্রপাঠঃ।

আদেরতঃ ॥ ১ ॥ আ সমৃদ্ধ্যাদিষু বা ॥ ২ ॥ ইদীষৎ-পক্ব-স্বপ্ন-বেতস-ব্যজন মৃদঙ্গাঙ্গারেষু ॥ ৩ ॥ লোপোঽরণ্যে ॥ ৪ ॥ এঃ শয্যাদিষু ॥ ৫ ॥ ও বদরে দেন ॥ ৬ ॥ লবণ-নবমল্লিকয়োর্বেণ ॥ ৭ ॥ ময়ূর-ময়ূখয়ো র্য্বা বা ॥ ৮ ॥ চতুর্থী-চতুর্দ্দশ্যোস্তুনা ॥ ৯ ॥ অদাতো যথাদিষু ॥ ১০ ॥ ইৎ সদাদিষু ॥ ১১ ॥ ইত এৎ পিণ্ডসমেষু ॥ ১২ ॥ অৎ পথি-হরিদ্রা-পৃথিবীষু ॥ ১৩ ॥ ইতে স্তঃ পদাদেঃ ॥ ১৪ ॥ উদিক্ষু-বৃশ্চিকয়োঃ ॥ ১৫ ॥ ও চ দ্বিধাকৃঞঃ ॥ ১৬ ॥ ইৎ সিংহ-জিহ্বয়োশ্চ ॥ ১৭ ॥ ইদীতঃ পানীয়াদিষু ॥ ১৮ ॥ এন্নীড়াপীড়কীদৃগীদৃশেষু ॥ ১৯ ॥ উত ও তুণ্ডরূপেষু ॥ ২০ ॥ উলূখলে ল্বাবা ॥ ২১ ॥ অন্মুকুটাদিষু ॥ ২২ ॥ ইৎ পুরুষে রোঃ ॥ ২৩ ॥ উদূতো মধূকে ॥ ২৪ ॥ অদ্দুকূলে বা লস্য দ্বিত্বং ॥ ২৫ ॥ এন্নূপুরে ॥ ২৬ ॥ ঋতোঽৎ ॥ ২৭ ॥ ইদৃষ্যাদিষু ॥ ২৮ ॥ উদৃত্বাদিষু ॥ ২৯ ॥ ঋ রীতি ॥ ৩০ ॥ বৃক্ষে বেণ রুর্বা ॥ ৩১ ॥ ঌ কৢপ্তে ইলিঃ ॥ ৩২ ॥ এত ইদ্বেদনা-দেবরয়োঃ ॥ ৩৩ ॥ ঐত এৎ ॥ ৩৪ ॥ দৈত্যাদিষ্বই ॥ ৩৫ ॥ দৈবে বা ॥ ৩৬ ॥ ইৎ সৈন্ধবে ॥ ৩৭ ॥ ঈদ্ধৈর্য্যে ॥ ৩৮ ॥ ও তোদ্বা প্রকোষ্ঠে কস্য বঃ ॥ ৩৯ ॥ ঔত ওৎ ॥ ৪০ ॥ পৌরাদিষ্বউ ॥ ৪১ ॥ আচ গৌরবে ॥ ৪২ ॥ উৎ সৌন্দর্য্যাদিষু ॥ ৪৩ ॥

প্রথমঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ ॥

অযুক্তস্যানাদৌ ॥ ১ ॥ ক গ চ জ ত দ প য বাং প্রায়োলোপঃ ॥ ২ ॥ যমুনায়াং মস্য ॥ ৩ ॥ স্ফটিক-নিকষ-চিকুরেষু কস্য হঃ ॥ ৪ ॥ শীকরে ভঃ ॥ ৫ ॥ চন্দ্রিকায়াং মঃ ॥ ৬ ॥ ঋত্বাদিষু তো দঃ ॥ ৭ ॥ প্রতিসর-বেতস-পতাকাসু ডঃ ॥ ৮ ॥ বসতি-ভরতয়ো র্হঃ ॥ ৯ ॥ গর্ভিতে ণঃ ॥ ১০ ॥ ঐরাবতে চ ॥ ১১ ॥ প্রদীপ্ত-কদম্ব-দোহদেষু দো লঃ ॥ ১২ ॥ গদ্গদেরঃ ॥ ১৩ ॥ সংখ্যায়াঞ্চ ॥ ১৪ ॥

পো বঃ ॥ ১৫ ॥ আপীড়ে মঃ ॥ ১৬ ॥ উত্তরীয়ানীয়য়োর্জ্জো বা ॥ ১৭ ॥ ছায়ায়াং হঃ ॥ ১৮ ॥ কবন্ধে বো মঃ ॥ ১৯ ॥ টো ডঃ ॥ ২০ ॥ সটা-শকট-কৈটভেষু ঢঃ ॥ ২১ ॥ স্ফটিকে লঃ ॥ ২২ ॥ ডস্য চ ॥ ২৩ ॥ ঠো ঢঃ ॥ ২৪ ॥ অঙ্কোলে ল্লঃ ॥ ২৫ ॥ ফো ভঃ ॥ ২৬ ॥ খ ঘ থ ধ ভাং হঃ ॥ ২৭ ॥ প্রথম-শিথিল-নিষধেষু ঢঃ ॥ ২৮ ॥ কৈটভে বঃ ॥ ২৯ ॥ হরিদ্রাদীনাং রো লঃ ॥৩০॥ আদের্যো জঃ ॥ ৩১ ॥ যষ্ট্যাং লঃ ॥ ৩২ ॥ কিরাতে লঃ ॥ ৩৩ ॥ কুব্জে খঃ ॥ ৩৪ ॥ দোলা-দণ্ড-দশনেষু ডঃ ॥ ৩৫ ॥ পরুষ পলিত পরিখাসু কঃ ॥ ৩৬ ॥ পনসেঽপি ॥ ৩৭ ॥ বিসিন্যাং ভঃ ॥ ৩৮ ॥ মন্মথে বঃ ॥ ৩৯ ॥ লাহলে ণঃ ॥ ৪০ ॥ ষট্‌শাবক-সপ্তপর্ণানাং ছঃ ॥ ৪১ ॥ নো ণঃ সর্ব্বত্র ॥ ৪২ ॥ শ-ষোঃ সঃ ॥ ৪৩ ॥ দশাদিষু হঃ ॥ ৪৪ ॥ সংজ্ঞায়াং বা ॥ ৪৫ ॥ দিবসে সস্য ॥ ৪৬ ॥ স্নুষায়াং ণ্‌ হঃ ॥ ৪৭ ॥

দ্বিতীয়ঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ ॥

উপরিলোপঃ ক গ ড ত দ প ষ সাম্‌ ॥ ১ ॥ অধো ম ন যাম্‌ ॥ ২ ॥ সর্ব্বত্র ল ব রাম্‌ ॥ ৩ ॥ দ্রে রো বা ॥ ৪ ॥ সর্ব্বজ্ঞতুল্যেষু ঞঃ ॥ ৫ ॥ শ্মশ্রু-শ্মশানয়োঃ রাদেঃ ॥ ৬ ॥ মধ্যাহ্নে হস্য ॥ ৭ ॥ হ্ন হ্ল ক্ষেষু ন-ল-মাং স্থিতি রূর্দ্ধম্‌ ॥ ৮ ॥ যুক্তস্য ॥ ৯ ॥ ষ্টস্য ঠঃ ॥ ১০ ॥ অস্থনি ॥ ১১ ॥ স্তস্য থঃ ॥ ১২ ॥ ন স্তম্বে ॥ ১৩ ॥ স্তম্ভে খঃ ॥ ১৪ ॥ স্থাণা বহরে ॥ ১৫ ॥ স্ফোটকে ॥ ১৬ ॥ র্য্য-শয্যাঽভিমন্যুষু জঃ ॥ ১৭ ॥ তূর্য্য-ধৈর্য্য-সৌন্দর্য্যাশ্চর্য্য পর্য্যন্তেষু রঃ ॥ ১৮ ॥ সূর্য্যে বা ॥ ১৯ ॥ চৌর্য্যসমেষু রিঅং ॥ ২০ ॥ পর্য্যস্ত-পর্য্যাণ-সৌকুমার্য্যেষু লঃ ॥ ২১ ॥ র্তস্য টঃ ॥ ২২ ॥ পত্তনে ॥ ২৩ ॥ ন ধূর্ত্তাদিষু ॥ ২৪ ॥ গর্ত্তে ডঃ ॥ ২৫ ॥ গর্দ্দভ-সংমর্দ্দ-বিতর্দ্দি-বিচ্ছর্দ্দিষু র্দ্দস্য । ২৬ ॥ ত্য-থ্য-দ্যাং চ-ছ-জাঃ ॥ ২৭ ॥ ধ্য-হ্যো র্ঝঃ ॥ ২৮ ॥ ক্ষ স্ক-ক্ষাং খঃ ॥ ২৯ ॥ অক্ষ্যাদিষু ছঃ ॥ ৩০ ॥ ক্ষমা-বৃক্ষ-ক্ষণেষু বা ॥ ৩১ ॥ স্ম-পক্ষ-বিস্ময়েষু ম্‌ হঃ ॥ ৩২ ॥ হ্ন-স্ন ষ্ণ-ক্ষ্ণ-শ্নাং ণ্‌ হঃ ॥ ৩৩ ॥ চিহ্নে ন্ধঃ ॥ ৩৪ ॥ ষ্পস্য ফঃ ॥ ৩৫ ॥ স্পস্য সর্ব্বত্রস্থিতস্য

॥ ৩৬ ॥ সি চ ॥ ৩৭ ॥ বাষ্পে অশ্রুণি হঃ ॥ ৩৮ ॥ কার্ষাপণে ॥ ৩৯ ॥ শ্চ-ৎস-প্সাং ছঃ ॥ ৪০ ॥ বৃশ্চিকে চ্ছঃ ॥ ৪১ ॥ নোৎসুকোৎসবয়োঃ ॥ ৪২ ॥ ন্মো মঃ ॥ ৪৩ ॥ ম্ন-জ্ঞ-পঞ্চাশৎ-পঞ্চদশেষু-ণঃ ॥ ৪৪ ॥ তালবৃন্তে ণ্টঃ ॥ ৪৫ ॥ ভিন্দিপালে ণ্ডঃ ॥ ৪৬ ॥ বিহ্বলে ভহৌ বা ॥ ৪৭ ॥ আত্মনি পঃ ॥ ৪৮ ॥ ক্মস্য ॥ ৪৯ ॥ শেষাদেশয়োর্দ্বিত্বমনাদৌ ॥ ৫০ ॥ বর্গেষু যুজঃ পূর্ব্বঃ ॥ ৫১ ॥ নীড়াদিষু ॥ ৫২ ॥ আম্র তাম্রয়োর্ব্বঃ ॥ ৫৩ ॥ ন র-হোঃ ॥ ৫৪ ॥ অঙো জ্ঞস্য ৫৫ ॥ ন বিন্দুপরে ॥ ৫৬ ॥ সমাসে বা ॥ ৫৭ ॥ সেবাদিষু ॥ ৫৮ ॥ বিপ্রকর্ষঃ ॥ ৫৯ ॥ ক্লিষ্ট-শ্লিষ্ট-রত্ন-ক্রিয়া-শার্ঙ্গেষু তৎস্বরবৎ পূর্ব্বস্য ॥ ৬০ ॥ ক্ষ্ণে বা ॥ ৬১ ॥ ইঃ শ্রী-হ্রী-ক্রীত ক্লান্ত-ক্লেশ-ম্লান-স্বপ্ন-স্পর্শ হর্ষার্হ-গর্হেষু ॥ ৬২ ॥ অঃ ক্ষ্মা-শ্লাঘয়োঃ ॥ ৬৩ ॥ স্নেহে বা ॥ ৬৪ ॥ উঃ পদ্ম-তন্বীসমেষু ॥ ৬৫ ॥ জ্যায়ামীৎ ॥ ৬৬ ॥

তৃতীয়ঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ ॥

সন্ধাবচাং মজ্লোপবিশেষা বহুলম্ ॥ ১ ॥ উদুম্বরে দোর্লোপঃ ॥ ২ ॥ কালায়সে যস্য বা ॥ ৩ ॥ ভাজনে জস্য ॥ ৪ ॥ যাবদাদিষু বস্য ॥ ৫ ॥ অন্ত্যহলঃ ॥৬॥ স্ত্রিয়ামাৎ ॥ ৭ ॥ রোরা ॥ ৮ ॥ ন বিদ্যুতি ॥ ৯ ॥ শরদো দঃ ॥ ১০ ॥ দিক্-প্রাবৃষোঃ সঃ ॥ ১১ ॥ মো বিন্দুঃ ॥ ১২ ॥ অচি মশ্চ ॥ ১৩ ॥ ন-ঞো র্হলি ॥ ১৪ ॥ বক্রাদিষু ॥ ১৫ ॥ মাংসাদিষু বা ॥ ১৬ ॥ বয়ি তদ্বর্গান্তঃ ॥ ১৭ ॥ নসান্ত প্রাবৃট্-শরদঃ পুংসি ॥ ১৮ ॥ ন শিরো-নভসী ॥ ১৯ ॥ পৃষ্ঠাক্ষিপ্রশ্নাঃ স্ত্রিয়াং বা ॥ ২০ ॥ ওদবাপয়োঃ ॥ ২১ ॥ তল্-ত্বয়োর্দা-ত্তণৌ ॥ ২২ ॥ ক্ত্ব উণঃ ॥ ২৩ ॥ তৃণ ইরঃ শীলে ॥ ২৪ ॥ আল্বিল্লোল্লালবন্তেন্তা মতুপঃ ॥ ২৫ ॥ বিদ্যুৎ-পীতাভ্যাং লঃ ॥ ২৬ ॥ বৃন্দে বো রঃ ॥ ২৭ ॥ করেণ্বাং রণোঃ স্থিতি-পরিবৃত্তিঃ ॥ ২৮ ॥ আলানে ল-নোঃ ॥ ২৯ ॥ বৃহস্পতৌ বহো র্ভঔ ॥ ৩০ ॥ মলিনে লি নো রিলৌ বা ॥ ৩২ ॥ গৃহে ঘরো হ পতৌ ॥ ৩২ ॥ দাঢ়াদয়ো বহুলম্ ॥ ৩৩ ॥

চতুর্থ পরিচ্ছেদঃ সমাপ্তঃ ॥

অত ওৎ সোঃ ॥ ১ ॥ জশ্‌শসোর্লোপঃ ॥ ২ ॥ অতোহমঃ ॥ ৩ টামো র্ণঃ ॥ ৪ ॥ ভিসো হিং ॥ ৫ ॥ ঙসে রাদোদুহয়ঃ ॥ ৬ ॥ ভ্যসো হিংতো-সুংতো ॥ ৭ ॥ ঙ্সো ঙসঃ ॥ ৮ ॥ ঙে রে-ম্মী ॥ ৯ ॥ সুপঃ সুঃ ॥ ১০ ॥ জশ্‌-শস্‌-ঙস্যাম্‌সু দীর্ঘঃ ॥ ১১ ॥ এচ সুপ্যঙিঙসোঃ ॥ ১২ ॥ কচিঙঙ্‌সি-ঙ্ভ্যো র্লোপঃ ॥ ১৩ ॥ ইদুতোঃ শসো ণো ॥ ১৪ ॥ ঙসো বা ॥ ১৫ ॥ জসশ্চ ও বৃত্বম্‌ ॥ ১৬ ॥ টা ণা ॥ ১৭ ॥ সু-ভিস্‌-সুপসু দীর্ঘঃ ॥ ১৮ ॥ স্ত্রিয়াং শস উদোতৌ ॥ ১৯ ॥ জসো বা ॥ ২০ ॥ অমি হ্রস্বঃ ॥ ২১ ॥ টা-ঙস্‌-ঙীণা দি দে দ দাতঃ ॥ ২২ ॥ নাতো হদাতৌ ॥ ২৩ ॥ আদীতৌ বহুলম্‌ ॥ ২৪ ॥ ন নপুংসকে ॥ ২৫ ॥ ইজ্‌জশ্‌-শসো দীর্ঘশ্চ ॥ ২৬ ॥ নামন্ত্রণে সাবোত্ব-দীর্ঘ-বিন্দবঃ ॥ ২৭ ॥ স্ত্রিয়ামাত এৎ ॥ ২৮ ॥ ঈদূতো হ্রস্বঃ ॥ ২৯ ॥ সো বিন্দুর্নপুংসকে ॥ ৩০ ॥ ঋত আরঃ সুপি ॥ ৩১ ॥ মাতুরাৎ ॥ ৩২ ॥ উর্জশ্‌-শস্‌-টা-ঙস্‌-সুপসু বা ॥ ৩৩ ॥ পিতৃ ভ্রাতৃ-জামাতৃণা মরঃ ॥ ৩৪ ॥ আচ সৌ ॥ ৩৫ ॥ রাজ্ঞশ্চ ॥ ৩৬ ॥ আমন্ত্রণে বা বিন্দুঃ ॥ ৩৭ ॥ জশ্‌-শস্‌-ঙসাং ণো ॥ ৩৮ ॥ শস এৎ ॥ ৩৯ ॥ আমো ণং ॥ ৪০ ॥ টা ণা ॥ ৪১ ॥ ঙসশ্চ দ্বিত্বং বাহন্তলোপশ্চ ॥ ৪২ ॥ ইদদ্বিত্বে ॥ ৪৩ ॥ আ ণো-ণমো রঙসি ॥ ৪৪ ॥ আত্মনোহপ্পাণো বা ॥ ৪৫ ॥ ইত্ব-দ্বিত্ববর্জং রাজবদনাদেশে ॥ ৪৬ ॥ ব্রহ্মাদ্যা আত্মবৎ ॥ ৪৭ ॥

পঞ্চমঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ ॥

সর্ব্বাদের্জস এত্বম্‌ ॥ ১ ॥ ঙেঃ স্সিং-ম্মি-থাঃ ॥ ২ ॥ ইদমেতৎ-কিম্‌-যত্তদ্ভ্য ষ্টা ইণা বা ॥ ৩ ॥ আম এসিং ॥ ৪ ॥ কিংযত্তদ্ভ্যো ঙস আসঃ ॥ ৫ ॥ ইদ্ভ্যঃ স্সা সে ॥ ৬ ॥ ঙে র্হিং ॥ ৭ ॥ আহে ইআ কালে ॥ ৮ ॥ ত্তো দো ঙসেঃ ॥ ৯ ॥ তদ ওশ্চ ॥ ১০ ॥ ঙসা সে ॥ ১১ ॥ আমা সিং ॥ ১২ ॥ কিমঃ কঃ ॥ ১৩ ॥ ইদম ইমঃ ॥ ১৪ ॥ স্স-স্সিমো রদ্বা ॥ ১৫ ॥ ঙে র্দেন হঃ ॥ ১৬ ॥ ন থঃ ॥ ১৭ ॥ নপুংসকে স্বমো রিদ মিণ মিণমো ॥ ১৮ ॥ এতদঃ সাবোত্বং বা ॥ ১৯ ॥ ত্তো ঙসেঃ ॥ ২০ ॥ ত্তো-থয়ো স্তলোপঃ ॥ ২১ ॥ তদেতদোঃ সঃ

সাবনপুংসকে ॥২২॥ অদসো দো মুঃ ॥ ২৩ ॥ হশ্চ সৌ ॥ ২৪ ॥ পদস্থ ॥২৫॥ যুষ্মদ স্তং তুমং ॥ ২৬ ॥ তুং চামি ॥ ২৭ ॥ তুম্হে তুম্হো জসি ॥ ২৮ ॥ বো চ শসি ॥ ২৯ ॥ টা-ঙ্যো স্তই তএ তুমএ তুমে ॥ ৩০ ॥ ঙসি তুমো-তুহ-তুজ্ঝ-তুম্হ-তুম্মাঃ ॥ ৩১ ॥ আঙিচ তে দে ॥ ৩২ ॥ তুমাই চ ॥ ৩৩ ॥ তুম্হেহিং তুজ্ঝেহিং তুম্মেহিং ভিসি ॥ ৩৪ । ঙসৌ তত্তো তইত্তো তুমাদো তুমাহু তুমাহি ॥ ৩৫ ॥ তুম্হাহিংতো তুম্হাসুংতো ভ্যসি ॥ ৩৬ ॥ বো মে তুম্হাণং তুম্হাণ মামি ॥ ৩৭ ॥ ঙৌ তুমম্মি ॥ ৩৮ ॥ তুম্হেসু তুজ্ঝেসু সুপি ॥ ৩৯ ॥ অস্মদো হং অহং অহহং সৌ ॥ ৪০ ॥ অহম্মি রমি চ ॥ ৪১ ॥ মং মমং ॥ ৪২ ॥ অম্হে জশ্-শসোঃ ॥ ৪৩ ॥ ণো শসি ॥ ৪৪ ॥ আঙি মে মমাই ॥ ৪৫ ॥ ঙৌ চ মই মএ ॥ ৪৬ ॥ অম্হেহিং ভিসি ॥ ৪৭ ॥ মত্তো মইত্তো মমাদো মমাহু মমাহি ঙসৌ ॥ ৪৮ ॥ অম্হাহিংতো অম্হাসুংতো ভ্যসি ॥ ৪৯ ॥ মে মম মহ মজ্ঝ ঙসি ॥ ৫০ ॥ মজ্ঝণো অম্হ অম্হাণং অম্হে আমি ॥ ৫১ ॥ মমম্মি ঙৌ ॥ ৫২ ॥ অম্হেসু সুপি ॥ ৫৩ ॥ দ্বের্দো ॥ ৫৪ ॥ ত্রেস্তী ॥ ৫৫ ॥ তিন্নি জশ্-শস্ভ্যাম্ ॥৫৬॥ দ্বে দুর্বে দোণি বা ॥ ৫৭ ॥ চতুর শ্চত্তারো চত্তারি ॥ ৫৮ ॥ এষা মামো ণ্হং ॥ ৫৯ ॥ শেষোঽদন্তবৎ ॥ ৬০ ॥ ন ঙি-ঙস্যো রেদাতৌ ॥ ৬১ ॥ এ ভ্যসি ॥ ৬২ ॥ দ্বিবচনস্য বহুবচনম্ ॥ ৬৩ ॥ চতুর্থ্যাঃ ষষ্ঠী ॥ ৬৪ ॥

ষষ্ঠঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ ॥

ত-তিপো রিদেতৌ ॥ ১ ॥ থাস্-সিপোঃ সি সে ॥২॥ ইড়্-মিপো র্মিঃ ॥৩॥ ন্তি হেত্থা মো মু মা বহুষু ॥ ৪ ॥ অত এ সে ॥ ৫ ॥ অন্তে র্লোপঃ ॥ ৬ ॥ মি-মো-মু-মানা মধো হশ্চ ॥ ৭ ॥ যক ঈঅ-ইজ্জৌ ॥ ৮ ॥ নান্ত্যদ্বিত্বে ॥ ৯ ॥ ন্ত-মাণৌ শতৃ-শানচোঃ ॥ ১০ ॥ ঈচ স্ত্রিয়াম্ ॥ ১১ ॥ ধাতো র্ভবিষ্যতি হিঃ ॥১২॥ উত্তমে স্সা হাচ ॥ ১৩ ॥ মিনা স্সং বা ॥ ১৪ ॥ মো-মু-মৈ র্হিস্সা হিত্থা ॥ ১৫ ॥ কৃ-দা-শ্রু-বচি-গমি-রুদি-দৃশ বিদিরূপাণাং কাহং দাহং সোচ্ছং বোচ্ছং গচ্ছং রোচ্ছং দচ্ছং বেচ্ছং ॥ ১৬ ॥ শ্রুাদীনাং ত্রিষপ্যনুস্বারবর্জং হিলোপশ্চ বা ॥ ১৭ ॥ উ-সু-মু বিধ্যাদিষেকস্মিন্ ॥ ১৮ ॥ স্তু-হ-মো বহুষু ॥১৯॥ বর্ত্তমান-

ভবিষ্যদনদ্যতনয়ো র্জ্জ র্জ্জা বা ॥ ২০ ॥ মধ্যে চ ॥ ২১ ॥ নানেকাচঃ ॥ ২২ ॥ ঈঅ ভূতে ॥ ২৩ ॥ একাচো হীঅ ॥ ২৪ ॥ অন্তে রাসিঃ ॥ ২৫ ॥ ণিচ এদাদে রত আৎ ॥ ২৬ ॥ আবেচ ॥ ২৭ ॥ আবিঃ ক্ত-কর্ম্ম-ভাবেষু বা ॥ ২৮॥ নৈদাবে ২৯ ॥ অত আ মিপিবা ॥ ৩০ ॥ ইচ্চ বহুষু ॥ ৩১ ॥ ক্তে ॥ ৩২ ॥ এচ ক্ত্বা-তুমুন্-তব্য ভবিষ্যৎসু ॥ ৩৩ ॥ লাদেশে বা ॥ ৩৪ ॥

সপ্তমঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ ॥

ভুবো হো-হুবৌ ॥ ১ ॥ ক্তে হুঃ ॥ ২ ॥ প্রাদে র্ভবঃ ॥ ৩ ॥ ত্বর স্তবরঃ ॥৪॥ ক্তে তুরঃ ॥ ৫ ॥ ঘুণো ঘোলঃ ॥ ৬ ॥ গুদো গোল্লঃ ॥ ৭ ॥ দুঙো দুমঃ ॥ ৮ ॥ পটেঃ ফলঃ ॥ ৯ ॥ পদেঃ পালঃ ॥ ১০ ॥ বৃষ-কৃষ মৃষ-হৃষা মৃতোঽরিঃ ॥ ১১ ॥ ঋতোঽরঃ ॥ ১২ ॥ কৃঞঃ কুণো বা ॥ ১৩ ॥ জৃভো জংভাঅঃ ॥ ১৪ ॥ গ্রহে র্গেণ্হঃ ॥ ১৫ ॥ ঘেৎ ক্ত্বা-তুমুন্-তব্যেষু ॥ ১৬ ॥ কৃঞঃ কা ভূত-ভবিষ্যতোশ্চ ॥ ১৭ ॥ স্মরতে র্ভর-সুমরৌ ॥ ১৮ ॥ ভিয়ো ভা-বীহৌ ॥ ১৯ ॥ জিঘ্রতেঃ পা-পাঅ ॥ ২০ ॥ ম্লৈ (ম্লায়ো) বা-বাঅ ॥ ২১ ॥ তৃপ স্থিংপঃ ॥ ২২ ॥ জ্ঞো জাণ-মুণৌ ॥ ২৩ ॥ জল্পে র্লো মঃ ॥ ২৪ ॥ ষ্ঠা-ধ্যা-গানাং ঠাঅ-ঝাঅ-গাআঃ ॥২৫॥ ঠা-ঝা-গাশ্চ বর্ত্তমান ভবিষ্যদ্-বিধ্যাদ্যেকবচনেষু ॥২৬॥ খাদি ধাব্যোঃ খা-ধৌ ॥ ২৭ ॥ গ্রসে র্বিসঃ ॥ ২৮ ॥ চিঞঃ শিচণঃ ॥ ২৯ ॥ ক্রীঞঃ কিণঃ ॥৩০॥ বেঃ কে চ ॥ ৩১ ॥ উদধ্মু উদ্ধুমা ॥৩২॥ শ্রদো ধো দহঃ ॥ ৩৩ ॥ অবাদ্ গাহে র্বাহঃ ॥ ৩৪ ॥ কাসে র্বাসঃ ॥ ৩৫ ॥ নিরো মাঙো মাণঃ ॥ ৩৬ ॥ ক্ষিয়ো ঝিজ্জঃ ॥ ৩৭ ॥ ভিদি-চ্ছিদ্যো রন্ত্যস্য ন্দঃ ॥ ৩৮ ॥ কথে র্ঢঃ ॥ ৩৯ ॥ বেষ্টে শ্চ ॥ ৪০ ॥ উৎ-সমো র্লঃ ॥ ৪১ ॥ রুদে র্বঃ ॥ ৪২ ॥ উদো বিজঃ ॥৪৩॥ বৃধে র্ঢঃ ॥ ৪৪ ॥ হস্তে র্ম্মঃ ॥ ৪৫ ॥ রুবাদীনাং দীর্ঘতা ॥ ৪৬ ॥ চ্চো ব্রজ-নৃত্যোঃ ॥৪৭॥ যুধি-বুধ্যতে র্ঝঃ ॥ ৪৮ ॥ রুধে ন্ধ-ম্ভৌ ॥ ৪৯ ॥ মৃদো লঃ ॥ ৫০ ॥ শদ্-পত্যো র্ডঃ ॥ ৫১ ॥ শকাদীনাং দ্বিত্বম্ ॥ ৫২॥ স্ফুটি-চল্যো র্বা ॥ ৫৩ ॥ প্রাদে র্মীলঃ ॥ ৫৪ ॥ ভুজাদীনাং ক্ত্বা-তুমুন্-তব্যেষু লোপঃ ॥ ৫৫ ॥ শ্রু হু-জি-লু-ধুবাং ণো

হস্তো হ্রস্বঃ ॥৫৬॥ ভাব কর্ম্মণো র্ব্বশ্চ ॥৫৭॥ গমাদীনাং দ্বিত্বং বা ॥৫৮॥ লিহে র্লিজ্ঝঃ ॥ ৫৯ ॥ হৃ-ক্রো হীর-কীরৌ ॥ ৬০ ॥ গ্রহে র্ঘেপ্পো বা ॥ ৬১ ॥ ক্তেন দিগ্নাদয়ঃ ॥ ৬২ ॥ খিদের্বিসূরঃ ॥ ৬৩ ॥ ক্রুধে র্জূরঃ ॥৬৪॥ চর্চ্চে শ্চংপঃ ॥৬৫॥ ত্রসে র্বজ্জঃ ॥ ৬৬ ॥ মৃজে র্লুভ-সুপৌ ॥ ৬৭ ॥ বুট্ট খুপ্পৌ মস্জেঃ ॥ ৬৮ ॥ দৃশেঃ পুলঅ-ণিঅক্ক-অবকৃখাঃ ॥ ৬৯ ॥ শকে স্তর-বঅ-তীরাঃ ॥ ৭০ ॥ শেষাণা মদন্ততা ॥ ৭১ ॥

অষ্টমঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ ॥

নিপাতাঃ ॥ ১ ॥ হুং দান-পৃচ্ছা-নির্দ্ধারণেষু ॥ ২ ॥ বিঅ বেঅ অবধারণে ॥৩ ॥ ও সূচনা পশ্চাত্তাপ বিকল্পেষু ॥ ৪ ॥ ইর-কির-কিলা অনিশ্চিতাখ্যানে ৫ ॥ হুং কৃখু নিশ্চয়-বিতর্ক-সম্ভাবনেষু ॥৬॥ ণবরঃ কেবলে ॥ ৭ ॥ আনন্তর্য্যে ণবরি ॥ ৮ ॥ কিণো প্রশ্নে ॥ ৯ ॥ অব্বো দুঃখ-সূচনা-সম্ভাবনেষু ॥১০॥ অলাহি নিবারণে ॥ ১১ ॥ অই বলে সম্ভাষণে ॥ ১২ ॥ ণবি বৈপরীত্যে ॥ ১৩ ॥ থূ কুৎসায়াম্ ॥ ১৪ ॥ রে অরে হিরে সম্ভাষণ-রতিকলহাক্ষেপেষু ॥ ১৫ ॥ মিব-মিব-বিঅ ইবার্থে ॥ ১৬ ॥ অজ্জ আমন্ত্রণে ॥ ১৭ ॥ শেষঃ সংস্কৃতাৎ ॥ ১৮ ॥

নবমঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ ॥

পৈশাচী ॥ ১ ॥ প্রকৃতিঃ শৌরসেনী ॥ ২ ॥ বর্গাণাং তৃতীয়-চতুর্থয়ো রযুজো রনাদ্যো রাদ্যৌ ॥ ৩ ॥ ইবস্য পিবঃ ॥৪॥ ণো নঃ ॥ ৫ ॥ ষ্টস্য সটঃ ॥৬॥ স্নস্য সনঃ ॥ ৭ ॥ র্য্যস্য রিঅঃ ॥ ৮ ॥ জ্ঞস্য ঞ্ঞঃ ॥ ৯ ॥ কন্যায়াং ন্যস্য ॥ ১০ ॥ ঞ্জস্য চ্চ ॥ ১১ ॥ রাজ্ঞো রাচিঃ টা-ঙসি ঙস্-ঙিষু ॥ ১২ ॥ ক্ত্ব স্তূনং ॥ ১৩ ॥ হৃদয়স্য হিতঅকং ॥ ১৪ ॥

দশমঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ ॥

মাগধী ॥ ১ ॥ প্রকৃতিঃ শৌরসেনী ॥ ২ ॥ ষসোঃ শঃ ॥ ৩ ॥ জো যঃ ॥৪॥ চবর্গস্য স্পষ্টতা তথোচ্চারণঃ ॥ ৫ ॥ হৃদয়স্য হড়ক্কঃ ॥ ৬ ॥ র্য্য-র্জয়ো র্য্যঃ ॥৭॥ ক্ষস্য স্কঃ ॥ ৮ ॥ অস্মদঃ সো হকে হগে অহকে ॥ ৯ ॥ অত ইদেতৌ লুক্ চ

॥ ১০ ॥ ক্তান্তা তুশ্চ ॥ ১১ ॥ ঙসো হো বা দীর্ঘত্বঞ্চ ॥ ১২ ॥ অদীর্ঘঃ সম্বুদ্ধৌ ॥ ১৩ ॥ চিট্‌ঠস্য চিষ্ঠঃ ॥ ১৪ ॥ কৃঞ্‌-মৃঙ-গমাং ক্তস্য ডঃ ॥১৫॥ ক্তো দাণিঃ ॥ ১৬ ॥ শৃগালশব্দস্য শিআলা-শিয়ালে-শিআলকাঃ ॥ ১৭ ॥

একাদশঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ ॥

শৌরসেনী ॥ ১ ॥ প্রকৃতিঃ সংস্কৃতম্ ॥ ২ ॥ অনাদাবযুজো স্ত-থয়ো দ-ধৌ ॥ ৩ ॥ ব্যাপৃতে ডঃ ॥ ৪ ॥ পুত্রেপি কচিৎ ॥ ৫ ॥ ই [দ্] গৃধ্রসমেষু ॥৬॥ ব্রহ্মণ্য-বিজ্ঞ-যজ্ঞ-কন্যকানাং ণ্য-জ্ঞ-ন্যানাং ঞ্জো বা ॥ ৭ ॥ সর্ব্বজ্ঞেঙ্গিতজ্ঞয়োর্ণঃ ॥ ৮ ॥ ক্ত্ব ইঅঃ ॥ ৯ ॥ কৃ-গমো ডুর্অঃ ॥ ১০ ॥ ণি র্জ্জশ্‌-শসো র্বা ক্লীবে স্বরদীর্ঘশ্চ ॥ ১১ ॥ ভো ভুব স্তিঙি ॥ ১২ ॥ ন লৃটি ॥ ১৩ ॥ দদাতে র্দে দই সৃসং লৃটি ॥ ১৪ ॥ ডুকৃঞঃ করঃ ॥ ১৫ ॥ স্থ শ্চিট্‌ঠঃ ॥ ১৬ ॥ স্মরতেঃ সুমরঃ ॥ ১৭ ॥ দৃশেঃ পেক্‌খঃ ॥ ১৮ ॥ অস্তেরচ্ছঃ ॥ ১৯ ॥ তিপাহথি ॥ ২০ ॥ ভবিষ্যতি মিপা সৃসং বা স্বরদীর্ঘত্বঞ্চ ॥ ২১ ॥ স্ত্রিয়া মিথী ॥ ২২ ॥ এবস্য জেব্ব ॥ ২৩ ॥ ইবস্য বিঅ ॥ ২৪ ॥ অস্মদো জসা বঅং চ ॥ ২৫॥ সর্ব্বনাম্নাং ঙেঃ সি-ত্থা ॥ ২৬ ॥ ধাতো র্ভাব-কর্ম্ম-কর্তৃষু পরস্মৈপদম্ ॥ ২৭ ॥ অনস্ত্যএচ্চ ॥ ২৮ ॥ মিপো লোটি চ ॥ ২৯ ॥ আশ্চর্য্যস্যাচ্চরিঅং ॥ ৩০ ॥ প্রকৃত্যা দোলা-দণ্ড-দশনেষু ॥ ৩১ ॥ শেষং মাহারাষ্ট্রীবৎ ॥ ৩২ ॥

দ্বাদশঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ ।

প্রাকৃতং ত্রিবিধং দেশ্যং সংস্কৃতভবং সংস্কৃতসমঞ্চ ॥ ১ ॥ ন দেশ্যস্য ॥ ২ ॥ লক্ষণমিতরয়োঃ ॥ ৩ ॥ আর্ষং বহুলম্ ॥ ৪ ॥ স্বরা ঋ ৠ ঌ ঐ ঔ বর্জ্জাঃ ॥ ৫ ॥ ঐ ঔ মাগধ্যাং কেচিদিচ্ছন্তি ॥ ৬ ॥ পদয়োঃ সন্ধির্ব্বা ॥ ৭ ॥ নেবর্ণো বর্ণয়ো রসবর্ণে ॥ ৮ ॥ এদোতোঃ স্বরে ॥ ৯ ॥ স্বরস্যাবশিষ্টে ॥ ১০ ॥ তিবাদীনাম্ ॥ ১১ ॥ নঞর্থে অণ নাইং চ ॥ ১২ ॥ হদ্ধী নির্ব্বেদে ॥ ১৩ ॥ মামি হলা হলে সখীসম্বোধনে ॥ ১৪ ॥

পরিশিষ্টং সমাপ্তম্ ।

প্রাকৃতপ্রকাশঃ।

প্রণম্য বাঙ্‌ময়ীং দেবীং বঙ্গানাং হিতকাম্যয়া।
বিবিধান্ প্রাকৃতগ্রন্থান্ বিলোক্য যত্নতশ্চিরম্ ॥ ১
বররুচেঃ কৃতৌ সূত্রে প্রাকৃতার্থপ্রকাশকে।
শ্রিয়া গিরীশচন্দ্রেণ ভাষাবৃত্তির্বিধীয়তে ॥ ২ ॥

প্রথমঃ পরিচ্ছেদঃ।

আদেরতঃ ॥ ১ ॥

অতঃপর যে সমস্ত কার্য্যের বিধান হইবে, তাহা আদিস্থিত অকারের স্থানে হয় এইরূপ বুঝিতে হইবে। এই স্থলে আদি শব্দ আপেক্ষিক আদি অর্থে প্রযুক্ত হইয়াছে; অর্থাৎ একটী শব্দের মধ্যে যে সকল অকার আছে, তন্মধ্যে প্রথম অকারের স্থানে বিধান হইবে।

আসমৃদ্ধ্যাদিষু বা ॥ ২ ॥

সমৃদ্ধি প্রভৃতি শব্দের আদি অকারের স্থানে আকার হয়, বিকল্পে। সমৃদ্ধিঃ—সমিদ্ধী, সামিদ্ধী। প্রকটং—পঅড়ং, পাঅড়ং। অভিজাতিঃ—অহিজাঈ, আহিজাঈ। মনস্বিনী—মণংসিণী, মাণংসিনী। প্রতিপদা—পড়িবআ, পাড়িবআ। সদৃশং—সরিচ্ছং, সারিচ্ছং। প্রতিষিদ্ধিঃ—

পড়িসিদ্ধী, পাড়িসিদ্ধী। প্রসুপ্তং—পসুত্তং, পাসুত্তং। প্রসিদ্ধিঃ—পসিদ্ধী, পাসিদ্ধী। অশ্বঃ—অস্সো, আসো। প্রথমা বিভক্তির একবচনের রূপমাত্র প্রদর্শিত হইল।

ইদীষৎ-পক্ক-স্বপ্ন-বেতস-ব্যজন-মৃদঙ্গাঙ্গারেষু ॥ ৩ ॥

ঈষৎ প্রভৃতি শব্দের আদিস্থিত অকারের স্থানে ইকার হয়। এইস্থলে বিকল্পের অধিকার হইল না। ঈষৎ—ঈসি। [ঈসীসি চন্দণরসম্মি মণঃ কুণন্তি *—কর্পূরমঞ্জরী ১ম অঙ্ক। ১৪।] পক্কং—পিক্কং। স্বপ্নঃ—সিবিণো। বেতসঃ—বেড়িসো। ব্যজনং—বিঅণো। মৃদঙ্গঃ—মিইঙ্গো, (মুইঙ্গো)। অঙ্গারঃ—ইংগালো।

লোপোঽরণ্যে ॥ ৪ ॥

অরণ্য শব্দের আদিভূত অকারের লোপ হয়। অরণ্যং—রণ্ণং।

এঃ শয্যাদিষু ॥ ৫ ॥

শয্যা প্রভৃতি শব্দের আদিস্থিত অকারের স্থানে একার হয়। শয্যা—সেজ্জা। সৌন্দর্য্যং—সুন্দেরং। উৎকরঃ—উক্কেরো। ত্রয়োদশ—তেরহো। আশ্চর্য্যং—অচ্ছেরং। পর্য্যন্তং—পেরন্তং। বল্লী—বেল্লী।

ও বদরে দেন ॥ ৬ ॥

বদর শব্দের দকারের সহিত আদিস্থিত অকারের স্থানে ওকার হয়। বদরং—বোরং।

লবণ-নবমল্লিকয়োর্বেণ ॥ ৭ ॥

লবণ এবং নবমল্লিকা শব্দের বকারের সহিত আদিস্থিত অকার স্থানে ওকার হয়। লবণং—লোণং। নবমল্লিকা—ণোমল্লিআ, ণোমালিআ।

---

* ঈষদীষচ্চন্দনরসে মনঃ কুর্ব্বন্তি।

[হলা সউন্তলে ইঅং সঅম্বরবহূ সহআরস্স তুএ কিদণামহেআ বণদোসিণীত্তি গোমালিআ ণং বিস্সুমরিদাসি। * (শকু ১ অ)]

ময়ূরময়ূখয়োর্য্বা বা ॥ ৮ ॥

ময়ূর এবং ময়ূখ শব্দের অংশভূত য়ূশব্দের সহিত আদিস্থিত অকারের স্থানে ওকার হয়, বিকল্পে। ময়ূরঃ—মোরো, মউরো। ময়ূখঃ—মোহো, মউহো।

চতুর্থীচতুর্দ্দশ্যোস্তুনা ॥ ৯ ॥

চতুর্থী এবং চতুর্দ্দশী শব্দের তু শব্দের সহিত আদিস্থিত অকারের স্থানে ওকার হয়, বিকল্পে। চতুর্থী—চোত্থী, চউত্থী। চতুর্দ্দশী—চোদ্দহী, চউদ্দহী।

অদাতো যথাদিষু ॥ ১০ ॥

যথা প্রভৃতি শব্দের আকারের স্থানে অকার হয়, বিকল্পে। যথা—যহ, যহা। তথা—তহ, তহা। প্রস্তারঃ—পত্থরো, পত্থারো। প্রাকৃতং—পউঅং, পাউঅং। তালবৃন্তকং—তলবেণ্টঅং, তালবেণ্টঅং। উৎখাতং—উক্খঅং, উক্খাঅং। চামরং—চমরং, চামরং। প্রহারঃ—পহরো, পহারো। চাটু—চডু, চাডু। দাবাগ্নিঃ—দবগ্গী, দাবগ্গী। খাদিতং—খইঅং, খাইঅং। সংস্থাপিতং—সংঠবিঅং, সংঠাবিঅং। হালিকঃ—হলিও, হালিও।

ইৎ সদাদিষু ॥ ১১ ॥

সদা প্রভৃতি শব্দের আকারের স্থানে ইকার হয়, বিকল্পে। সদা—সই, সআ। তদা—তই, তআ। যদা— যই, যআ।

ইত এৎ পিণ্ডসমেষু ॥ ১২ ॥

পিণ্ড শব্দ ও তৎসদৃশ শব্দের ইকারের স্থানে একার হয়, বিকল্পে। পিণ্ডং—পেণ্ডং, পিণ্ডং। নিদ্রা—ণেদ্দা, ণিদ্দা। সিন্দূরং—সেন্দূরং, সিন্দূরং।

---

* অয়ি শকুন্তলে ইয়ং স্বয়ম্বরবধূঃ সহকারস্য ত্বয়া কৃতনামধেয়া বনতোষিণীতি নবমালিকা এনাং বিস্মৃতাসি। সং।

ধম্মিল্লং—ধম্মেল্লং, ধম্মিল্লং। চিহ্নং—চেন্ধং. চিন্ধং। বিষ্ণুঃ—বেণ্হূ, বিণ্হূ। পিষ্টং—পেট্ঠং, পিট্ঠং।

অত্ পথিহরিদ্রাপৃথিবীষু ॥ ১৩ ॥

পথি হরিদ্রা এবং পৃথিবী শব্দের ইকারের স্থানে অকার হয়। পন্থাঃ—পহো। হরিদ্রা—হলদ্দা। পৃথিবী—পুহবী।

ইতেস্তঃ পদাদেঃ ॥ ১৪ ॥

অন্য পদের আদিতে স্থিত ইতি শব্দের তকারের পরবর্ত্তী ইকারের স্থানে অকার হয়। ইতি পশ্যতান্যথা বচনং—ইঅ উহ অণ্ণহ বঅণং। ইতি বিকসন্তাশ্চিরং—ইঅ বিঅসন্তীউ চিরং। পদের আদিস্থিত ইতি শব্দ উক্ত হইয়াছে, সুতরাং অনাদিতে হয় না। প্রিয় ইতি—পিওত্তি।

উদিক্ষুবৃশ্চিকয়োঃ ॥ ১৫ ॥

ইক্ষু এবং বৃশ্চিক শব্দের ইকারের স্থানে উকার হয়। ইক্ষুঃ—উচ্ছূ। বৃশ্চিকঃ—বিচ্ছুও।

ওচ দ্বিধাকৃঞঃ ॥ ১৬ ॥

কৃ ধাতুর প্রয়োগে সম্বন্ধ দ্বিধাশব্দের ইকারের স্থানে ওকার হয়; এবং "ওচ" এই চকার দ্বারা জ্ঞাপন করা হইয়াছে যে, স্থানে স্থানে উকারও হয়। দ্বিধাকৃতং—দোহাইঅং। দ্বিধাক্রিয়তে—দোহাইজ্জই, দুহাইজ্জই।

ইৎ সিংহজিহ্বয়োশ্চ ॥ ১৭ ॥

সিংহ এবং জিহ্বা শব্দের আদিস্থিত ইকারের স্থানে ঈকার হয়। সিংহঃ—সীহো। জিহ্বা—জীহা। চকার দ্বারা অনুক্তের সমুচ্চয় হইয়াছে, সেই জন্য অন্য স্থলেও প্রয়োগানুসারে এই সূত্রদ্বারা কাজ হইবে। বিশ্বস্থঃ—বীসত্থো। বিষভং—বীসভং। ইত্যাদি।

ইদীতঃ পানীয়াদিষু ॥ ১৮ ॥

পানীয় প্রভৃতিশব্দের ঈকারের স্থানে ইকার হয়। পানীয়ং—পাণিঅং। অলীকং—অলিঅং। তদানীং—তআণিং। করীষঃ—করিসো। দ্বিতীয়ং—দুইঅং। তৃতীয়ং—তইঅং। গভীরং—গহিরং।

এন্নীড়াপীড়কীদৃগীদৃশেষু ॥ ১৯ ॥

নীড়াদি শব্দের ঈকারের স্থানে একার হয়। নীড়ং—ণেড়ং। আপীড়ঃ—আপেড়ো। কীদৃশঃ—কেরিসো। ঈদৃশঃ—এরিসো।

উত ও তুণ্ডরূপেষু ॥ ২০ ॥

তুণ্ড শব্দের সদৃশ যে সমস্ত শব্দ, তাহাদের আদিস্থিত অকারের স্থানে ওকার হয়। তুণ্ডং—তোণ্ডং। মুক্তা—মোত্তা। পুষ্করং—পোক্খরো। পুস্তকং—পোত্থও। লুব্ধকঃ—লোদ্ধও। কুট্টিমং—কোট্টিমং।

উলূখলে ল্বাবা ॥ ২১ ॥

উলুখল শব্দস্থিত লূ শব্দের উকারের স্থানে ওকার হয়, বিকল্পে। উলূখলং—ওখলং, উলুখলং।

অন্‌-মুকুটাদিষু ॥ ২২ ॥

মুকুট প্রভৃতি শব্দের আদিস্থিত উকারের স্থানে অকার হয়। মুকুটং—মউড়ং। মুকুলং—মউলং। গুরু—গরু। গুর্ব্বী—গরুই। যুধিষ্ঠিরঃ—জহিট্‌ঠিলো। সৌকুমার্য্যং—সোঅমল্লং। উপরি—অবরি।

ইৎ পুরুষে রোঃ ॥ ২৩ ॥

পুরুষ শব্দস্থিত রু শব্দের উকারের স্থানে ইকার হয়। পুরুষঃ—পুরিসো। [অজ্জে সচ্চং মিত্তকজ্জেণ মম বিণাসো ণ পুরিসদোসেণ[১]। (মুদ্রারাক্ষস ৭ অ)।]

---

১ আর্য্য সত্যং, মিত্রকার্য্যেণ মম বিনাশো ন পুরুষদোষেণ।

উদূতো মধূকে ॥ ২৪ ॥

মধূক শব্দের ঊকারের স্থানে উকার হয়। মধূকঃ—মহুও।

অদ্দুকূলে বা লস্য দ্বিত্বং ॥ ২৫ ॥

দুকূল শব্দের ঊকারের স্থানে অকার হয়, বিকল্পে; এবং অকার হইলে লকারের দ্বিত্ব হয়। দুকূলং—দুঅল্লং, দুউলং।

এন্নূপুরে ॥ ২৬ ॥

নূপুর শব্দের ঊকারের স্থানে একার হয়। নূপুরং—ণেউরং।

ঋতোঽৎ ॥ ২৭ ॥

শব্দের আদিস্থিত ঋকারের স্থানে অকার হয়। তৃণং—তণং। ঘৃণা—ঘণা। মৃতং—মঅং। কৃতং—কঅং। বৃদ্ধঃ—বদ্ধো। বৃষভঃ—বসহো।

ইদৃষ্যাদিষু ॥ ২৮ ॥

ঋষি প্রভৃতি শব্দের আদিস্থিত ঋকারের স্থানে ইকার হয়। ঋষিঃ—ইসী। বৃষিঃ—বিসী। গৃষ্টিঃ—গিট্ঠি। দৃষ্টিঃ—দিট্ঠি। সৃষ্টিঃ—সিট্ঠি। শৃঙ্গারঃ—সিঙ্গারো। মৃগাঙ্কঃ—মিঅঙ্কো। ভৃঙ্গঃ—ভিঙ্গো। ভৃঙ্গারঃ—ভিঙ্গারো। হৃদয়ং—হিঅঅং। বিতৃষ্ণঃ—বিইণ্হো। বৃংহিতং—বিহঅং। কৃশরঃ—কিসরো। কৃত্যা—কিচ্চা। বৃশ্চিকঃ—বিচ্ছুও। শৃগালঃ—সিআলো। কৃতিঃ—কিঈ। কৃষিঃ—কিসী। কৃপা—কিআ।

উদৃত্বাদিষু ॥ ২৯ ॥

ঋতু প্রভৃতি শব্দের আদিস্থিত ঋকারের স্থানে উকার হয়। ঋতুঃ—উদু। [অধ কদমং উণ উদুং অধিকরিঅ গাইস্সং[১] (শকু ১ অ)]

১। অথ কতমং পুনর্ঋতুমধিকৃত্য গাস্যামি।

মৃণালঃ—মুণালো। পৃথিবী—পুহবী। বৃন্দাবনং—বুন্দাবণং। প্রাবৃট্—পাউসো। প্রবৃত্তিঃ—(পাউত্তি) পাউত্তী। নিবৃতং—ণিউদং। সংবৃতং—সংবুদং। নির্বৃতং—ণিব্বুদং। বৃত্তান্তঃ—বুত্তন্তো। পরভৃতঃ—পরহুও। মাতৃকঃ—মাউও। জামাতৃকঃ—জামাউও।

ঋ রীতি ॥ ৩০ ॥

শব্দের আদিস্থিত যে ঋকার অন্য বর্ণের সহিত মিলিত নহে, তাহার স্থানে রি হয়। ঋণং—রিণং। ঋদ্ধঃ—রিদ্ধো। ঋক্ষঃ—রিচ্ছো। কোন স্থলে অনাদিস্থিত এবং অন্যবর্ণে যুক্ত যে ঋকার, তাহার স্থানেও রি হয়। ঈদৃশঃ—এরিসো। সদৃশঃ—সরিসো। তাদৃশঃ—তারিসো। ইত্যাদি।

বৃক্ষে বেণ রুর্বা ॥ ৩১ ॥

বৃক্ষ শব্দস্থিত ব শব্দের সহিত ঋকারের স্থানে রু হয়, বিকল্পে। বৃক্ষ শব্দের ক্ষ ভাগের স্থানে ছকারের বিধান আছে, ছকার হইলে রু হয় না। বৃক্ষঃ—রুক্খো, বচ্ছো।

ঌ কৢপ্ত ইলিঃ ॥ ৩২ ॥

কৢপ্ত শব্দের ঌকারের স্থানে ইলি আদেশ হয়। কৢপ্তং—কিলিত্তং।

এত ইদ্বেদনাদেবরয়োঃ ॥ ৩৩ ॥

বেদনা এবং দেবর শব্দের একারের স্থানে ইকার হয়। বেদনা—বিঅণা। দেবরঃ—দিঅরো। পূর্ব্ব হইতে বিকল্পের অনুবৃত্তিদ্বারা বেঅণা, দেঅরো এইপ্রকার রূপও হইয়া থাকে।

ঐত এত্ ॥ ৩৪ ॥

শব্দের আদিস্থিত ঐকারের স্থানে একার হয়। শৈলঃ—সেলো।

শৈত্যং—সেত্তং। ঐরাবণঃ—এরাবণো। কৈলাসঃ—কেলাসঃ।
ত্রৈলোক্যং—তেল্লোক্কং।

দৈত্যাদিষ্বই ॥ ৩৫ ॥

দৈত্য প্রভৃতি শব্দের ঐকারের স্থানে অই আদেশ হয়। দৈত্যঃ—দইচ্চো। চৈত্রঃ—চইত্তো। ভৈরবঃ—ভইরবো। স্বৈরং—সইরং। বৈরং—বইরং। বৈদেশঃ—বইদেসো। বৈদেহঃ—বইদেহো। কৈতবঃ—কইঅবো। বৈশাখঃ—বইসাহো। বৈশিকঃ—বইসিও। বৈসম্পায়নঃ—বইসংপাঅণো। ইত্যাদি।

দৈবে বা ॥ ৩৬ ॥

দৈব শব্দের ঐকারের স্থানে অই আদেশ হয়, বিকল্পে। দৈবং—দইব্বং, দেব্বং।

ইৎ সৈন্ধবে ॥ ৩৭ ॥

সৈন্ধব শব্দের ঐকারের স্থানে ইকার হয়। সৈন্ধবং—সিন্ধবং।

ঈদ্ধৈর্য্যে ॥ ৩৮ ॥

ধৈর্য্য শব্দের ঐকারের স্থানে ঈকার হয়। ধৈর্য্যং—ধীরং।

ওতোদ্বা প্রকোষ্ঠে কস্য বঃ ॥ ৩৯ ॥

প্রকোষ্ঠ শব্দের ওকারের স্থানে অকার হয় বিকল্পে, এবং অ আদেশ হইলে ককারের স্থানে বকার হয়। প্রকোষ্ঠঃ—পবট্ঠো, পওট্ঠো।

ঔত ওৎ ॥ ৪০ ॥

শব্দের আদিস্থিত ঔকারের স্থানে ওকার হয়। কৌমুদী—কোমুই। যৌবনং—জোব্বণং। কৌস্তুভঃ—কোথুহো। কৌশাম্বী—কোসংবী। ইত্যাদি।

পৌরাদিষ্বউ ॥ ৪১ ॥

পৌর প্রভৃতি শব্দের ঔকারের স্থানে অউ আদেশ হয়। পৌরঃ—পউরো। কৌরবঃ—কউরবো। পৌরুষঃ—পউরুসো।

পৌরাদি আকৃতিগণ, অতএব প্রদর্শিত উদাহরণের অন্য স্থলেও এই সূত্রানুসারে কার্য্য হইয়া থাকে। যেমন কৌশলং—কউসলো, কোসলো। কৌশল শব্দে বিকল্পে কার্য্য হয়।

আচ গৌরবে ॥ ৪২ ॥

গৌরব শব্দের ঔকারের স্থানে আকার এবং অউ আদেশ হয়। গৌরবং—গারবং, গউরবং।

উৎ সৌন্দর্য্যাদিষু ॥ ৪৩ ॥

সৌন্দর্য্য প্রভৃতি শব্দের ঔকারের স্থানে উকার হয়। সৌন্দর্য্যং—সুন্দরং। মৌঞ্জায়নঃ—মুঞ্জাঅণো। শৌণ্ডঃ—সুণ্ডো। কৌক্ষেয়কঃ—কুক্খেঅও। দৌবারিকঃ—দুব্বারিও।

প্রথমঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ ॥

প্রথম পরিচ্ছেদ সমাপ্ত হইল।

দ্বিতীয়ঃ পরিচ্ছেদঃ।

অযুক্তস্যানাদৌ ॥ ১ ॥

এইটী অধিকার সূত্র। অতঃপর যে সমস্ত কার্য্যের বিধান হইবে তাহা অনাদিস্থিত অসংযুক্ত ব্যঞ্জন বর্ণ স্থানে বিধেয়, এইরূপ বুঝিতে হইবে।

ক, গ, চ, জ, ত, দ, প, য, বাং প্রায়োলাপঃ ॥ ২ ॥

অনাদিস্থিত এবং অসংযুক্ত ক, গ, চ, জ, ত, দ, প, য, ব, এই নয়টী বর্ণের প্রায়ই লোপ হয়। ক। মুকুলঃ—মউলো। নকুলঃ—ণউলো। গ। সাগরঃ—সাঅরো। নগরং—ণঅরং। চ। বচনং—বঅণং। সূচী—সূঈ। জ। গজঃ—গও। রজতং—রঅদং। ত। কৃতং—কঅং। বিতানং—বিআনং। দ। গদা—গআ। মদঃ—মও। প। কপিঃ—কঈ। বিপুলং—বিউলং। সুপুরুষঃ—সুউরিসো। য। বায়ুঃ—বাউ। নয়নং—ণঅণং। ব। জীবং—জীঅং। দিবসঃ—দিঅহো।

[ঈদিসস্স রাঅউলস্স।[1] (কর্পূ ম ১)]

অহ গমিঅ ণিসাসমঅং গম্ভীরত্তণ দঢ়ট্ঠিঅম্মি সমুদ্দে।
রোসো রাহব বঅণং উপ্পাও চন্দমণ্ডলং ব বিলগ্গো[2]।

(সেতুবন্ধ ৫ আশ্বাসক ১৩)

১ ঈদৃশস্য রাজকুলস্য।

২ অথ গমিত নিশাসময়ং গম্ভীরত্ব দৃঢ়স্থিতে সমুদ্রে।
রোষো রাঘববদনমুৎপাতশ্চন্দ্রমণ্ডলমিব বিলগ্নঃ।

মইরা পঞ্চগব্যঞ্চ একস্সিং ভণ্ডএ কীরদি[১]। (কর্পূ, ১)
তুজ্ঝ ণ আণে হিঅঅং মম উণ মঅণো দিবাপি রত্তিংপি[২]।
(শকু ৩য় অং)
তধা অন্তেউর ইথিয়া রঅণ পরিভোইণো ভঅদো ইঅং পত্থণা[৩]।
(শকু, ২য় অং)]

সূত্রে "প্রায়ঃ" গ্রহণদ্বারা জ্ঞাপিত হইয়াছে, যে স্থলে ককারাদিবর্ণ থাকিলে শ্রুতিমধুর হয় সে স্থলে তাহাদের লোপ হইবে না। উদাহরণ; সুকুসুমং। প্রিয়গমনং—পিঅগমণং। সচাপং—সচাবং। অপজলং—অবজলং। অতুলং। আদরঃ—আদরো। অপারঃ—অপারো। অযশঃ—অজসো। সবহুমানং—সবহুমাণং। সংযুক্তবর্ণ স্থলে হইবে না। শক্রঃ—সক্কো। মার্গঃ—মগ্গো। আদি বর্ণের লোপ হইবে না। কালঃ—কালো। গন্ধঃ—গংধো।

যমুনায়াং মস্য ॥ ৩ ॥

যমুনা শব্দস্থিত মকারের লোপ হয়। যমুনা—জউনা।

স্ফটিক নিকষ চিকুরেষু কস্য হঃ ॥ ৪ ॥

স্ফটিক, নিকষ এবং চিকুর শব্দের ককার স্থানে হ কার হয়।
স্ফটিকং—ফলিহো। নিকষঃ—ণিহসো। চিকুরঃ—চিহুরো।

শীকরে ভঃ ॥ ৫ ॥

শীকর শব্দস্থিত ককারের স্থানে ভ কার হয়। শীকরঃ—সীভরো।

চন্দ্রিকায়াং মঃ ॥ ৬ ॥

চন্দ্রিকা শব্দের ককারের স্থানে ম হয়। চন্দ্রিকা—চংদিমা।

১ মদিরা পঞ্চগব্যঞ্চ একস্মিন্ ভাণ্ডে ক্রিয়তে।
২ তব ন জানে হৃদয়ং মম পুনর্মদনো দিবাপি রাত্রিমপি।
৩ তথা অন্তঃপুর স্ত্রীরত্নপরিভোগিণো ভবত ইয়ং প্রার্থনা।

ঋত্বাদিষু তো দঃ ॥ ৭ ॥

ঋতু প্রভৃতি শব্দের তকারের স্থানে দকার হয়। ঋতুঃ—উদূ। রজতং—রঅদং। আগতঃ—আঅদো। নির্বৃতিঃ—নিব্বুদী। সংবৃতিঃ—সংবুদী। সুকৃতিঃ—সুইদী। আকৃতিঃ—আইদী। হতঃ—হদো। সংযতঃ—সংজদো। বিবৃতং—বিউদং। সংযাতঃ—সংজাদো। সংপ্রতি—সংপদি। প্রতিপত্তিঃ—পিড়বদ্দী।

প্রতিসর বেতস পতাকাসু ডঃ ॥ ৮ ॥

প্রতিসর, বেতস, এবং পতাকা শব্দের তকারের স্থানে ড হয়। প্রতিসরঃ—পড়িসরো। বেতসঃ—বেড়িসো। পতাকা—পড়াআ।

বসতিভরতয়োর্হঃ ॥ ৯ ॥

বসতি এবং ভরত শব্দের তকারের স্থানে হকার হয়। বসতিঃ—বসহী। ভরতঃ—ভরহো।

গর্ভিতে ণঃ ॥ ১০ ॥

গর্ভিত শব্দের তকারের স্থানে ণ হয়। গর্ভিতং—গব্ভিণং।

ঐরাবতে চ ॥ ১১ ॥

ঐরাবত শব্দের তকারের স্থানে ণ হয়। ঐরাবতঃ—এরাবণো।

প্রদীপ্তকদম্বদোহদেষু দো লঃ ॥ ১২ ॥

প্রদীপ্ত, কদম্ব এবং দোহদ শব্দের দকারের স্থানে ল হয়। প্রদীপ্তং—পলিত্তং। কদম্বঃ—কলম্বো। দোহদঃ—দোহলো।

গদ্গদেরঃ ॥ ১৩ ॥

গদ্গদ শব্দের দকারের স্থানে র হয়। গদ্গদঃ—গগ্গরো।

সংখ্যায়াঞ্চ ॥ ১৪ ॥

সংখ্যাবাচক শব্দের দকারের স্থানে র হয়। একাদশ—এআরহ।

দ্বাদশ—বারহ। ত্রয়োদশ—তেরহ। অযুক্ত দকারের স্থানেই হয়, সংযুক্তের স্থানে হয় না। চতুর্দ্দশ—চউদ্দহ।

পো বঃ ॥ ১৫ ॥

অনাদিস্থিত অসংযুক্ত পকারের স্থানে বকার হয়। শাপঃ—সাবো। শপথঃ—সবহো। উলপঃ—উলবো। পকারের লোপবিধায়ক সূত্রে প্রায়োগ্রহণপ্রযুক্ত যে স্থলে পকারের লোপ হয় না সেই স্থলেই বকার হইয়া থাকে।

আপীড়ে মঃ ॥ ১৬ ॥

আপীড় শব্দের পকারের স্থানে ম হয়। আপীড়ঃ—আমলো।

উত্তরীয়ানীয়য়ো র্জ্জোবা ॥ ১৭ ॥

উত্তরীয় শব্দ এবং অনীয় প্রত্যয়ের যকারের স্থানে জ্জো হয়, বিকল্পে। উত্তরীয়ং—উত্তরীঅং, উত্তরিজ্জং। রমণীয়ং—রমণীঅং, রমণিজ্জং।

ছায়ায়াং হঃ ॥ ১৮ ॥

ছায়া শব্দের যকারের স্থানে হ হয়। ছায়া—ছাহা।

কবন্ধে বো মঃ ॥ ১৯ ॥

কবন্ধ শব্দের বকারের স্থানে মকার হয়। কবন্ধঃ—কমন্ধো।

টো ডঃ ॥ ২০ ॥

অনাদিস্থিত টকারের স্থানে ড হয়। নটঃ—ণড়ো। বিটপঃ—বিড়বো।

সটা শকট কৈটভেষু ঢ়ঃ ॥ ২১ ॥

সটা, শকট এবং কৈটভ শব্দের টকারের স্থানে ঢ় হয়। সটা—সঢ়া। শকটং—সঅঢ়ং। কৈটভঃ—কেঢ়বো।

স্ফটিকে লঃ ॥ ২২ ॥

স্ফটিক শব্দের টকারের স্থানে ল হয়। স্ফটিকঃ—ফলিহো।

ডস্য চ ॥ ২৩ ॥

অনাদিস্থিত অসংযুক্ত ডকারের স্থানে ল হয়। দাড়িমং—ডালিমং। তড়াগং—তলাঅং। বড়ভী—বলহী। কোন কোন স্থানে হইবে না। দাড়িমং। বড়িশং—বড়িসং। নিবিড়ঃ—ণিবিড়ো।

ঠো ঢঃ ॥ ২৪ ॥

অনাদিস্থিত অসংযুক্ত ঠকারের স্থানে ঢকার হয়। মঠং—মঢ়ং। জঠরং—জঢ়রং। কঠোরং—কঢ়োরং।

অঙ্কোলে ল্লঃ ॥ ২৫ ॥

অঙ্কোল শব্দের লকারের স্থানে ল্ল হয়। অঙ্কোলঃ—অংকোল্লো।

ফো ভঃ ॥ ২৬ ॥

অনাদিস্থিত অসংযুক্ত ফকারের স্থানে ভ হয়। শিফা—সিভা। সেফালিকা—সেভালিআ। শফরী—সভরী। সফলং—সভলং।

খ ঘ থ ধ ভাং হঃ ॥ ২৭ ॥

খ, ঘ, থ, ধ, এবং ভ, এই পাঁচটী বর্ণের স্থানে হকার হয়, এই হকার বিধানও অনাদিস্থিত অসংযুক্ত বর্ণের স্থানেই বুঝিতে হইবে, স্থল বিশেষে এই বিধির ব্যভিচারও হইয়া থাকে।

খ। মুখং—মুহং। মেখলা—মেহলা। ঘ। মেঘঃ—মেহো। থ। গাথা—গাহা। শপথঃ—সবহো। ধ। রাধা—রাহা। বধিরঃ—বহিরো। ভ। সভা—সহা। রাসভঃ—রাসহো। ব্যভিচার; প্রখলঃ—পখলো। প্রলম্বনঃ—পলংঘণো। অধীরঃ—অধীরো। অধনঃ—অধণো। উপলব্ধভাবঃ—উপলদ্ধভাবো। ইত্যাদি।

প্রথম, শিথিল, নিষধেষু ঢঃ ॥ ২৮ ॥

প্রথম, শিথিল, এবং নিষধ শব্দের থকার ও ধকারের স্থানে ঢ হয়। প্রথমঃ—পঢ়মো। শিথিলঃ—সিঢ়িলো। নিষধঃ—ণিষঢ়ো।

কৈটভে বঃ ॥ ২৯ ॥

কৈটভ শব্দের ভকারের স্থানে ব হয়। কৈটভঃ—কেঢ়বো।

হরিদ্রাদীনাং রো লঃ। ৩০ ॥

হরিদ্রা প্রভৃতি শব্দের রবর্ণের স্থানে ল হয়। হরিদ্রা—হলদ্দা। চরণঃ—চলণো। মুখরঃ—মুহলো। যুধিষ্ঠিরঃ—জহিট্ঠিলো। সুকুমারঃ—সোমালো। করুণং—কলুণং। অঙ্গুরী—অংগুলী। অঙ্গারঃ—ইংগালো। কিরাতঃ—চিলাদো। পরিখা—কলিহা। পরিঘঃ—পলিহো। ইত্যাদি।

আদের্যো জঃ ॥ ৩১ ॥

শব্দের আদিস্থিত যকারের স্থানে জ হয়। যষ্টিঃ—জট্ঠী। যশঃ—জসো। যক্ষঃ—জক্খো।

যষ্ট্যাং লঃ ॥ ৩২ ॥

যষ্টি শব্দের যকারের স্থানে ল হয়। যষ্টিঃ—লট্ঠী। (জট্ঠী ও লট্ঠী এই দুইরূপ হয়)।

কিরাতে চঃ ॥ ৩৩ ॥

কিরাত শব্দের আদিস্থিত ককারের স্থানে চ হয়। কিরাতঃ—চিলাদো।

কুব্জে খঃ ॥ ৩৪ ॥

কুব্জ শব্দের ককারের স্থানে খ হয়। কুব্জঃ—খুজ্জো।

দোলাদণ্ড দশনেষু ডঃ ॥ ৩৫ ॥

দোলা, দণ্ড এবং দশন শব্দের দকারের স্থানে ড হয়। দোলা—ডোলা। দণ্ডঃ—ডণ্ডো। দশনং—ডসণো।

পরুষ, পলিত, পরিখাস্থ কঃ ॥ ৩৬ ॥

পরুষ প্রভৃতি শব্দের আদি বর্ণের স্থানে ক হয়। পরুষঃ—করুসো। পলিতঃ—কলিদো। পরিখা—কলিহা।

পনসেঽপি ॥ ৩৭ ॥

পনস শব্দের পকারের স্থানে ক হয়। পনসঃ—কণসো।

বিসিন্যাং ভঃ ॥ ৩৮ ॥

বিসিনী শব্দের আদি বর্ণের স্থানে ভ হয়। বিসিনী—ভিসিনী।

মন্মথে বঃ ॥ ৩৯ ॥

মন্মথ শব্দের আদিবর্ণের স্থানে ব হয়। মন্মথঃ—বম্মহো।

লাহলে ণঃ ॥ ৪০ ॥

লাহল শব্দের আদিবর্ণের স্থানে ণ হয়—লাহলঃ। ণাহলো।

ষট্, শাবক, সপ্তপর্ণানাং ছঃ ॥ ৪১ ॥

ষট্, শাবক, এবং সপ্তপর্ণশব্দের আদি বর্ণের স্থানে ছ হয়। ষষ্ঠী—ছট্‌ঠী। ষণ্মুখঃ—ছম্মুহো। শাবকঃ—ছাবও। সপ্তপর্ণঃ—ছত্তবণ্ণো।

নো ণঃ সর্ব্বত্র ॥ ৪২ ॥

শব্দের আদিতে, অন্তে কিংবা মধ্যে স্থিত নকারের স্থানে ণ হয়। নদী—ণঈ। কনকং—কণঅং। বচনং—বঅণং। মনস্বিনী—মাণংসিণী।

শ ষোঃ সঃ ॥ ৪৩ ॥

শকার এবং ষকারের স্থানে স হয়। শব্দঃ—সদ্দো। নিশা—ণিসা। অংশঃ—অংসো। ষণ্ঢঃ—সংঢো। বৃষভঃ—বসহো। কষায়ং—

কসাঅং। [সরিসং এদং সোমবংস-সংভবস্স[1] । এদস্মিং হেমকুড়সিহরে[2] । অবি ণাম সো রাএসী উদ্ধরদি ণো হিঅঅ-সল্লং[3] । (বিক্রমোর্ব্বশী ১ম অ) ।]

দশাদিষু হঃ ॥ ৪৪ ॥

দশ প্রভৃতি শব্দের শকারের স্থানে হ হয়। দশ—দহ। একাদশ—এআরহ। দ্বাদশ—বারহ। ত্রয়োদশ—তেরহ। [পড়মং বারহ মত্তা[4] তেরহ লহুআ বিপ্পী[5] । (প্রাকৃত পিঙ্গল ১ম পরিচ্ছেদ) ।]

সংজ্ঞায়াং বা ॥ ৪৫ ॥

সংজ্ঞাবাচক শব্দের অংশস্বরূপ দশশব্দের শকারের স্থানে হকার হয়, বিকল্পে। দশমুখঃ—দহমুহো, দসমুহো। দশবলঃ—দহবলো, দসবলো। দশরথঃ—দহরহো, দসরহো। [সেলাহিঘাঅমুচ্ছিঅ-দহমুহ তণঅ-ভঅভিন্ন-অণি-অরবলং[6] । (সেতুবন্ধ ১৪ আশ্বাসক) । হা মহারাঅ দসকংধর ! (মহাবীরচরিত ৭ম অঙ্ক) ।]

দিবসে সস্য ॥ ৪৬ ॥

দিবস শব্দের সকারের স্থানে হ হয় দিবসঃ—দিঅহো।

স্নুষায়াং ণ্হঃ ॥ ৪৭ ॥

স্নুষা শব্দের ষকারের স্থানে ণ্হ হয়। স্নুষা—সোণ্হা।

দ্বিতীয়ঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ ॥

দ্বিতীয় পরিচ্ছেদ সমাপ্ত হইল।

১। সদৃশমেতৎ সোমবংশসম্ভবস্য। ২। এতস্মিন্ হেমকূটশিখরে।
৩। অপি নাম স রাজর্ষিরুদ্ধরতি নো হৃদয়শল্যং। ৪। প্রথমং দ্বাদশমাত্রা।
৫। ত্রয়োদশ লঘুকা বিপ্রা।
৬। শৈলাভিঘাতমূর্চ্ছিত-দশমুখতনয়ভয়ভিন্ন-রজনীচরবলং।
৭। হা মহারাজ দশকন্ধর।

তৃতীয়ঃ পরিচ্ছেদঃ

উপরিলোপঃ ক গ ড ত দ প ষ সাম্ ॥ ১ ॥

সংযোগের উপরিস্থিত ক, গ, ড, ত, দ, প, ষ, স, এই আট বর্ণের লোপ হয়। ক। ভক্তম্—ভত্তং। সিক্থকম্—সিত্থঅং। গ। মুগ্ধঃ—মুদ্ধো। স্নিগ্ধঃ—সিণিদ্ধো। ড। খড়্গঃ—খগ্গো। ত। উৎপলম্—উপ্পলং। উৎপাতঃ—উপ্পাও। দ। মুদ্গঃ—মুগ্গো। মুদ্গরঃ—মুগ্গরো। প। সুপ্তঃ—সুত্তো। ষ। গোষ্ঠী—গোট্ঠী। নিষ্ঠুরঃ—নিট্ঠুরো। স। স্খলিতম্—খলিঅং। স্নেহঃ—ণেহো।

অধো ম ন যাম্ ॥ ২ ॥

সংযোগের অধঃস্থিত ম, ন, এবং যকারের লোপ হয়। ম। সোষ্ম—সোস্সং। রশ্মিঃ—রস্সী। যুগ্মম্—জুগ্গং। বাগ্মী—বাগ্গী,। ন। নগ্নঃ—ণগ্গো। য। সৌম্যঃ—সোম্মো। যোগ্যঃ—জোগ্গো।

সর্ব্বত্র ল ব রাম্ ॥ ৪ ॥

সংযোগের আদিতে অথবা অন্তে স্থিত ল, ব, র, এই তিনবর্ণের লোপ হয়। ল। উল্কা—উক্কা। বল্কলম্—বক্কলং। বিক্লবঃ—বিক্কবো। ব। লুব্ধকঃ—লুদ্ধও। পক্বম্—পিক্কং। র। অর্কঃ—অক্কো। শক্রঃ।

দ্রে রোবা ॥ ৪ ॥

দ্র শব্দস্থিত রবর্ণের লোপ হয়, বিকল্পে। দ্রোহঃ—দোহো, দ্রোহো চন্দ্রঃ—চন্দো, চন্দ্রো। রুদ্রঃ—রুদ্দো, রুদ্রো।

সর্ব্বজ্ঞতুল্যেযু ঞঃ ॥ ৫ ॥

সর্ব্বজ্ঞ শব্দের তুল্য যে শব্দ [অর্থাৎ যাহার অন্তে জ্ঞ এইরূপ আছে] তাহার জ্ঞ ভাগস্থিত ঞ কারের লোপ হয়। সর্ব্বজ্ঞঃ—সর্ব্বজ্ঞো।

শ্মশ্রুশ্মশানয়োরাদেঃ ॥ ৬ ॥

শ্মশ্রু এবং শ্মশান শব্দের আদিবর্ণ শকারের লোপ হয়। শ্মশ্রু—মস্সু। শ্মশানম্—মসাণং।

মধ্যাহ্নে হস্য ॥ ৭ ॥

মধ্যাহ্ন শব্দের হকারের লোপ হয়। মধ্যাহ্ন—মজ্ঝণ্ণো।

হ্ন, হ্ল, হ্মেযু নলমাং স্থিতি রূর্দ্ধ্বম্ ॥ ৮ ॥

হ্ন হ্ল, এবং হ্ম ভাগস্থিত ন, ল, এবং মবর্ণের ঊর্দ্ধস্থিতি হয়, অর্থাৎ অধস্থিত বর্ণ উপরি ভাগে যায়। হ্ন। পূর্ব্বাহ্নঃ—পুব্বণ্হো। অপ-রাহ্নঃ—অবরণ্হো। হ্ল। আহ্লাদঃ—অল্হাদো। হ্ম। ব্রাহ্মণঃ—বম্হণো।

যুক্তস্য ॥ ৯ ॥

এইটী অধিকার সূত্র। অতঃপর এই পরিচ্ছেদে যে সমস্ত কার্য্য বিহিত হইবে, তাহা সংযুক্ত বর্ণ স্থানে হয়, এইরূপ বুঝিতে হইবে।

ষ্টস্য ঠঃ ॥ ১০ ॥

ষ্ট এই সংযুক্ত বর্ণের স্থানে ঠ হয়। যষ্টিঃ—লট্ঠী। দৃষ্টিঃ—দিট্ঠী।

অস্থনি ॥ ১১ ॥

অস্থি শব্দের স্থ ভাগের স্থানে ঠ হয়। অস্থি—অট্ঠী।

স্তস্য থঃ ॥ ১২ ॥

এইটী "উপরিস্থিত সকার লোপের" অপবাদ [অর্থাৎ প্রতিষেধক বিশেষ সূত্র।] সংযুক্ত স্ত স্থানে থ হয়। হস্তঃ—হত্থো। সমর্থঃ—সমত্থো। স্তুতিঃ—থুই। স্তবকঃ—থবও। কৌস্তভঃ—কোত্থুহো।

ন স্তম্বে ॥ ১৩ ॥

স্তম্ব শব্দের স্ত স্থানে থ হয় না, (পূর্ব্ব সূত্রানুসারে সকারের লোপ হয়)। স্তম্বঃ—তংবো।

স্তম্ভে খ ॥ ১৪ ॥

স্তম্ভ শব্দের স্ত স্থানে খ হয়। স্তম্ভঃ—খংভো।

স্থাণাবহরে ॥ ১৫ ॥

স্থাণু শব্দের স্থ স্থানে খ হয়। কিন্তু স্থাণু শব্দ শিবের বাচক হইলে হয় না। স্থাণুঃ—খাণূ। শিবঅর্থে—থাণূ (খোঁটা, স্তম্ভ, সড়্কি, উয়ের ঢিপি, মুড়ো-গাছ, স্থির, স্থবির এবং শিব,—স্থাণু শব্দের এই কয়টী অর্থ)।

স্ফোটকে ॥ ১৬ ॥

স্ফোটক শব্দের স্ফ স্থানে খ হয়। স্ফোটকঃ—খোড়ও।

র্য্য-শয্যাঽভিমন্যুষু জঃ ॥ ১৭ ॥

শব্দের অবয়ব র্য্য শব্দ স্থানে, এবং অভিমন্যু শব্দ ও শয্যা শব্দের সংযুক্ত বর্ণের স্থানে জ হয়। কার্য্যম্—কজ্জং। শয্যা—সেজ্জা। অভিমন্যুঃ—অহিমজ্জূ।

তূর্য্য-ধৈর্য্য-সৌন্দর্য্যা-শ্চর্য্য-পর্য্যন্তেষু রঃ ॥ ১৮ ॥

তূর্য্য, ধৈর্য্য, সৌন্দর্য্য, আশ্চর্য্য এবং পর্য্যন্ত শব্দের র্য্য স্থানে র হয়। তূর্য্যম—তূরং। ধৈর্য্যম্—ধীরং। সৌন্দর্য্যম্—সুংদরং। আশ্চর্য্যম্—অচ্ছেরং। পর্য্যন্তম্—পেরংতং।

সূর্য্যে বা ॥ ১৯ ॥

সূর্য্য শব্দের র্য্য স্থানে র হয়, বিকল্পে। সূর্য্যঃ,—সূরো, সুজ্জো।

চৌর্য্যসমেষু রিঅং ॥ ২০ ॥

চৌর্য্য শব্দের তুল্য [অর্থাৎ যাহার অন্তে র্য্য আছে, এইরূপ দ্বিস্বর] যে শব্দ, তাহার র্য্য স্থানে রিঅং আদেশ হয়। চৌর্য্যম্—চোরিঅং। শৌর্য্যম—সোরিঅং। বীর্য্যম্—বীরিঅং।

পর্য্যন্ত-পর্য্যাণ-সৌকুমার্য্যেষু লঃ ॥ ২১ ॥

পর্য্যন্ত, পর্য্যাণ এবং সৌকুমার্য্য শব্দের র্য্য স্থানে ল হয়। পর্য্যন্তম্—পল্লন্তং। পর্য্যাণম্—পল্লাণং। সৌকুমার্য্যম্—সোঅমল্লং।

র্ত্তস্য টঃ ॥ ২২ ॥

শব্দের অবয়ব র্ত্ত স্থানে ট হয়। কৈবর্ত্তকঃ—কেবট্টও। নর্ত্তকঃ—ণট্টও। নর্ত্তকী—ণট্টঈ।

পত্তনে ॥ ২৩ ॥

পত্তন শব্দের ত্ত স্থানে ট হয়। পত্তনম্—পট্টণং।

ন ধূর্ত্তাদিষু ॥ ২৪ ॥

ধূর্ত্ত প্রভৃতি কতকগুলি শব্দের র্ত্ত স্থানে ট হয় না। ধূর্ত্তঃ—ধুত্তো। কীর্ত্তিঃ—কিত্তী। বর্ত্তমানম্—বত্তমাণং। বার্ত্তা—বত্তা। আবর্ত্তঃ—আবত্তো। সংবর্ত্তকঃ—সংবত্তও। নিবর্ত্তকঃ—ণিবত্তও। বর্ত্তিকা—বত্তিআ। আর্ত্তঃ—অত্তো। কর্ত্তরী—কত্তরী। মূর্ত্তিঃ—মুত্তী।

গর্ত্তে ডঃ ॥ ২৫ ॥

গর্ত্ত শব্দের র্ত্ত স্থানে ড হয়। গর্ত্তঃ—গড্ডো।

গর্দ্দভ-সংমর্দ্দ-বিতর্দ্দি-বিচ্ছর্দ্দিষু র্দ্দস্য ॥ ২৬ ॥

গর্দ্দভ, সংমর্দ্দ, বিতর্দ্দি এবং বিচ্ছর্দ্দি শব্দের র্দ্দ স্থানে ড হয়। গর্দ্দভঃ—গড্ডহো। সংমর্দ্দঃ—সংমড্ডো। বিতর্দ্দিঃ—বিঅড্ডী। বিচ্ছর্দ্দিঃ—বিছড্ডী।

ত্য-থ্য-দ্যাং চ-ছ-জাঃ ॥ ২৭ ॥

শব্দের অবয়ব যে, ত্য, থ্য এবং দ্য তাহাদের স্থানে ক্রমে চ, ছ, এবং জ হয়। ত্য। নিত্যম্—ণিচ্চং। প্রত্যক্ষম্—পচ্চচ্ছং। থ্য। রথ্যা—রচ্ছা। মিথ্যা—মিচ্ছা। দ্য। বিদ্যা—বিজ্জা। বৈদ্যঃ—বেজ্জং।

ধ্যহ্যোর্ঝঃ ॥ ২৮ ॥

শব্দের অবয়ব যে, ধ্য এবং হ্য তাহাদের স্থানে ঝ হয়। ধ্য। মধ্যম্—মজ্ঝং। অধ্যায়ঃ—অজ্ঝাও। হ্য। বাহ্যকঃ—বজ্ঝও। গুহ্যকঃ—গুজ্ঝও।

ষ্ক, স্ক, ক্ষাং খঃ ॥ ২৯ ॥

শব্দের অবয়ব যে, ষ্ক, স্ক, এবং ক্ষ তাহাদের স্থানে খ হয়। ষ্ক। শুষ্কম্—সুক্খং। পৌষ্করঃ—পোক্খরো। স্ক। স্কন্দঃ—খংদো। স্কন্ধঃ—খংধো। ক্ষ। ক্ষতঃ—খদো। যক্ষঃ—জক্খো।

অক্ষ্যাদিষু ছঃ ॥ ৩০ ॥

অক্ষি প্রভৃতি শব্দের ক্ষ স্থানে ছ হয়। অক্ষি—অচ্ছী। লক্ষ্মীঃ—লচ্ছী। ক্ষুণ্ণঃ—ছুণ্ণো। ক্ষীরম্—ছীরং।—ক্ষুব্ধঃ—ছুদ্ধো। উৎক্ষিপ্তঃ—উচ্ছিত্তো। সদৃক্ষম্—সরিচ্ছং। ইক্ষুঃ—উচ্ছূ। উক্ষা—অচ্ছা। ক্ষারম্—ছারং। ঋক্ষঃ—রিচ্ছো। মক্ষিকা—মচ্ছিআ। ক্ষুতম্—ছুঅং। ক্ষুরম্—ছুরং। ক্ষেত্রম্—ছেত্তং। বক্ষঃ—বচ্ছো। দক্ষঃ—দচ্ছো। কুক্ষি—কুচ্ছী। ইত্যাদি।

ক্ষমা-বৃক্ষ-ক্ষণেষু বা ॥ ৩১ ॥

ক্ষমা, বৃক্ষ এবং ক্ষণ শব্দের ক্ষ স্থানে ছ হয়, বিকল্পে। ক্ষমা—ছমা, খমা। বৃক্ষঃ—বচ্ছো, রুক্খো। ক্ষণম্—ছনং, খনং। বৃক্ষ শব্দের ঋকার স্থানে অকার হইলেই ক্ষ স্থানে ছ হয়, এবং উৎসব-বাচক ক্ষণ শব্দের ক্ষ স্থানেই ছ হয়; অন্যত্র হয় না।

ষ্ম-পক্ষ-বিস্ময়েষু ম্হঃ ॥ ৩২ ॥

শব্দের অবয়ব যে ষ্ম, এবং পক্ষ ও বিস্ময় শব্দের যে ক্ষ ও স্ম, তাহাদের স্থানে ম্হ হয়। ষ্ম। গ্রীষ্মঃ—গিম্হো। উষ্মা—উম্হা। পক্ষঃ—পম্হো। বিস্ময়ঃ—বিম্হও।

হ্ন-স্ন-ষ্ণ-ক্ষ্ণ, শ্নাং ণ্হঃ ॥ ৩৩ ॥

শব্দের অবয়ব যে, হ্ন, স্ন, ষ্ণ, ক্ষ্ণ, এবং শ্ন, তাহাদের স্থানে ণ্হ হয়। হ্ন। বহ্নিঃ—বণ্হী। জহ্নুঃ—সণ্হু। স্ন। স্নানম্—ণ্হাণং। প্রস্নুতম্—পণ্হুতং। ষ্ণ। বিষ্ণুঃ—বিণ্হু। কৃষ্ণঃ—কাণ্হো। ক্ষ্ণ। শ্লক্ষ্ণঃ—সণ্হো। তীক্ষ্ণম্—তিণ্হং। শ্ন। প্রশ্নঃ—পণ্হো। শিশ্নঃ—সিণ্হো।

চিহ্নে ন্ধঃ ॥ ৩৪ ॥

চিহ্ন শব্দের হ্ন স্থানে ন্ধ হয়। চিহ্নম্—চিন্ধং।

ষ্পস্য ফঃ ॥ ৩৫ ॥

শব্দের অবয়ব যে ষ্প, তাহার স্থানে ফ হয়। পুষ্পম্—পুপ্ফং। শষ্পম্—সপ্ফং। নিষ্পাপঃ—নিপ্ফাও।

স্পস্য সর্ব্বত্রস্থিতস্য ॥ ৩৬ ॥

সর্ব্বত্র অর্থাৎ শব্দের আদিতে, মধ্যে অথবা অন্তে স্থিত যে স্প, তাহার স্থানে ফ হয়। স্পর্শঃ—ফংসো। স্পন্দনম্—ফংদণং।

সি চ ॥ ৩৭ ॥

কোন কোন স্থলে স্প স্থানে সি হয়। প্রতিস্পর্দ্ধী—পাড়িসিদ্ধী।

বাষ্পে অশ্রুণি হঃ ॥ ৩৮ ॥

অশ্রু-অর্থে প্রযুক্ত বাষ্প শব্দের যে ষ্প, তাহার স্থানে হ হয়। বাষ্পঃ—বাহো। অন্য অর্থে হয় না। বাষ্পঃ (উষ্মা)—বপ্ফো।

কার্ষাপণে ॥ ৩৯ ॥

কার্ষাপণ শব্দের যে র্ষ, তাহার স্থানে হ হয়। কার্ষাপণঃ—কাহাবণো।

শ্চ-ৎস-প্সাং ছঃ ॥ ৪০ ॥

শব্দের অবয়ব যে, শ্চ, ৎস, এবং প্স, তাহাদের স্থানে ছ হয়। শ্চ। পশ্চিমম্—পচ্ছিমং। আশ্চর্য্যম্—অচ্ছেরং। ৎস। বৎসঃ—বচ্ছো। বৎসরঃ—বচ্ছরো। প্স। লিপ্সা—লিচ্ছা। জুগুপ্সা—জুগুচ্ছা।

বৃশ্চিকে চ্ছঃ ॥ ৪১ ॥

বৃশ্চিকশব্দের যে শ্চ, তাহার স্থানে চ্ছ হয়। বৃশ্চিকঃ—বিচ্ছুও।

নোৎসুকোৎসবয়োঃ ॥ ৪২ ॥

উৎসুক এবং উৎসব শব্দের যে ৎস, তাহার স্থানে ছ হয় না। উৎসুকঃ—উস্সুও। উৎসবঃ—উস্সবো।

ন্মোমঃ ॥ ৪৩ ॥

শব্দের অবয়ব যে ন্ম, তাহার স্থানে ম হয়। জন্ম—জম্মো। মন্মথঃ—মম্মহো।

ম্ন-জ্ঞ-পঞ্চাশৎ-পঞ্চদশেষু ণঃ ॥ ৪৪ ॥

শব্দের অবয়ব যে ম্ন, এবং জ্ঞ, এবং পঞ্চাশৎ ও পঞ্চদশ শব্দের যে ঞ্চ—তাহাদের স্থানে ণ হয়। ম্ন। প্রদ্যুম্নঃ—পজ্জুণ্ণো. যজ্ঞঃ—জণ্ণো। বিজ্ঞানম্—বিণ্ণাণং। পঞ্চাশৎ—পণ্ণাসা। পঞ্চদশ—পণ্ণরহো।

তালবৃন্তে ণ্টঃ ॥ ৪৫ ॥

তালবৃন্ত শব্দের ন্ত স্থানে ণ্ট হয়। তালবৃন্তকম্—তালবেণ্টঅং।

ভিন্দিপালে ণ্ডঃ ॥ ৪৬ ॥

ভিন্দিপাল শব্দের ন্দ স্থানে ণ্ড হয়। ভিন্দিপালঃ—ভিণ্ডিবালো।

বিহ্বলে ভহৌ বা ॥ ৪৭ ॥

বিহ্বলশব্দের হ্ব স্থানে ভ এবং হ হয়, বিকল্পে। বিহ্বলঃ—বিভলো, বিহলো।

আত্মনি পঃ ॥ ৪৮ ॥

আত্ম শব্দের ত্ম স্থানে প হয়। আত্মা—অপ্পা।

ক্মস্য ॥ ৪৯ ॥

শব্দের অবয়ব যে ক্ম, তাহার স্থানে প হয়। রুক্মম্—রুপ্পং। রুক্মিণী—রুপ্পিণী।

শেষাদেশয়োর্দ্বিত্বমনাদৌ ॥ ৫০ ॥

সংযুক্ত বর্ণের এক ভাগ লুপ্ত হইলে যে বর্ণ অবশিষ্ট থাকে, এবং সংযুক্ত বর্ণ স্থানে যে আদেশ হয়,অনাদিস্থিত এই উভয় বর্ণের দ্বিত্ব হয়। অবশিষ্ট। ভুক্তম্—ভুত্তং। মার্গঃ—মগ্গো। আদেশ। যষ্টিঃ—লট্ঠী। দৃষ্টিঃ—দিট্ঠী। হস্তঃ—হত্থো। "অনাদিতে হয়" এই বলিয়া ফল হইল যে, স্খলিতম্—খলিঅং। স্তম্ভঃ—খংভো। স্তবকঃ—থবও। ইত্যাদি স্থলে আদিবর্ণের দ্বিত্ব হইল না।

বর্গেষু যুজঃ পূর্ব্বঃ ॥ ৫১ ॥

অনাদিস্থিত যুক্তবর্ণের শেষ, অথবা আদেশস্বরূপ যে বর্ণ, তাহাদের দ্বিত্ব হইলে, সেই সংযোগের আদিস্থিত দ্বিতীয় ও চতুর্থবর্ণের স্থানে ক্রমে প্রথম ও তৃতীয় বর্ণ হয়। শেষ এবং আদেশভূত প্রথম তৃতীয় ও পঞ্চম বর্ণের দ্বিত্ব বিহিত হইলে, সেই সেই বর্ণেরই দ্বিত্ব হয়। শেষ। ব্যাখ্যানম্—বক্খাণং। অর্ঘঃ—অগ্ঘো। মূর্চ্ছা—মুচ্ছা। নির্ঝরঃ—নিজ্ঝরো। লুব্ধঃ—লুদ্ধো। নির্ভরঃ—নিব্ভরো। আদেশ। দৃষ্টিঃ—দিট্ঠী। যষ্টিঃ—লট্ঠী। বক্ষঃ—বচ্ছো। বিস্পর্শঃ—বিপ্ফরিসো। নিস্তারঃ—নিত্থারো। যক্ষঃ—জক্খো। লক্ষ্মীঃ—লচ্ছী। অস্থি—অট্ঠী। পুষ্পম্—পুপ্ফং।

নীড়াদিষু ॥ ৫২ ॥

নীড় প্রভৃতি শব্দের অনাদিস্থিত যে বর্ণ, তাহার দ্বিত্ব হয়। নীড়ম্—ণেড্ডং (এন্নীড়াদিষু এই সূত্রানুসারে এত্ব হইয়াছে)। স্রোতঃ—সোত্তং। প্রেম—পেম্মং। ব্যাহৃতম্—বাহিত্তং। ঋজুকঃ—উজ্জুও। জনকঃ—জন্নও। যৌবনম্—জোব্বনং।

আম্র-তাম্রয়োর্ব্বঃ ॥ ৫৩ ॥

আম্র এবং তাম্র এই উভয় শব্দের ম্র স্থানে দ্বিত্ববিশিষ্ট ব হয়। আম্রম্—অব্বং। তাম্রম্—তব্বং।

ন রহোঃ ॥ ৫৪ ॥

দ্বিত্ব হইবার কারণ থাকিলেও, রেফ এবং হকারের দ্বিত্ব হয় না। ধৈর্য্যম্—ধীরং। তূর্য্যম্—তূরং। জিহ্বা—জীহা। বাষ্পঃ—বাহো।

আঙো জ্ঞস্য ॥ ৫৫ ॥

আঙ্ উপসর্গের পরবর্ত্তী জ্ঞাধাতুনিষ্পন্ন জ্ঞ স্থানে আদিষ্ট যে ণ, তাহার দ্বিত্ব হয় না। আজ্ঞা—আণা। আজ্ঞপ্তিঃ—আণত্তি। আঙের পরেই নিষিদ্ধ; অন্যত্র নহে। সংজ্ঞা—সণ্ণা।

ন বিন্দুপরে ॥ ৫৬ ॥

অনুস্বারের পরবর্ত্তিবর্ণের দ্বিত্ব হয় না। সংক্রান্তঃ—সংকংতো। সন্ধ্যা—সংঝা।

সমাসে বা ॥ ৫৭ ॥

সমাসস্থলে শেষ এবং আদিষ্ট যে বর্ণ, তাহাদের দ্বিত্ব হয়, বিকল্পে। নদীগ্রামঃ—ণইগ্গামো, ণঈগামো। কুসুমপ্রকরঃ—কুসুমপ্পঅরো, কুসুমপঅরো। দেবস্তুতিঃ—দেবত্থুঈ, দেবথুঈ। আলানস্তম্ভঃ—আলাণক্খংভো, আলাণখংভো।

সেবাদিষু ॥ ৫৮ ॥

সেবা প্রভৃতি শব্দের অনাদিস্থিত বর্ণের দ্বিত্ব হয়, বিকল্পে। সেবা—সেব্বা। একম্—এক্কং, এঅং। নখঃ—ণক্খো, ণহো। দৈবম্—দেব্বং, দইবং। অশিবম্—অসিব্বং, অসিবং। ত্রৈলোক্যম্—তেল্লোক্কং, তেলোঅং। নিহিতঃ—ণিহিত্তো, ণিহিও। তূষ্ণীকঃ—তুহণিক্কো, তুহণিও। কর্ণিকারঃ—কণ্ণিআরো, কণিআরো। দীর্ঘম্—দিগ্ঘং, দীহং। রাত্রিঃ—রত্তী, রাঈ। দুঃখিতঃ—দুক্খিও, দুহিও। অশ্বঃ—অস্সো, অসো। ঈশ্বরঃ—ইস্সরো, ঈসরো। বিশ্বাসঃ—বিস্সাসো, বীসাসো। নিশ্বাসঃ—নিস্সাসো, নীসাসো। রশ্মিঃ—রস্সী, রসী। মিত্রম্—মিত্তো, মিও। পুষ্যম্—পুস্সো, পুসো। সেবাদি শব্দের অপ্রাপ্তিতে এবং দীর্ঘাদি শব্দের প্রাপ্তিতে বিকল্প হইল।

বিপ্রকর্ষঃ ॥ ৫৯ ॥

এইটী অধিকারসূত্র। সংযুক্তবর্ণের বিপ্রকর্ষ অর্থাৎ বিশ্লেষ হয়। অতঃপর তৃতীয় পরিচ্ছেদে উক্ত সমস্ত সূত্রে এই অধিকার বুঝিতে হইবে।

ক্লিষ্ট-শ্লিষ্ট-রত্ন-ক্রিয়া-শার্ঙ্গেষু তৎস্বরবৎ পূর্ব্বস্য ॥ ৬০ ॥

ক্লিষ্ট প্রভৃতি শব্দে বর্ত্তমান সংযুক্ত বর্ণের বিশ্লেষ হয়। বিশ্লিষ্ট পূর্ব্ব-ব্যঞ্জনে পূর্ব্ব স্বরের (অর্থাৎ সংযুক্ত বর্ণে যে স্বর বর্ত্তমান ছিল) যোগ হয়। ক্লিষ্টম্—কিলিট্ঠং। শ্লিষ্টম্—সিলিট্ঠং। রত্নম্—রঅণং। ক্রিয়া—কিরিআ। শার্ঙ্গঃ—সারংগো।

কৃষ্ণে বা ॥ ৬১ ॥

কৃষ্ণ শব্দে সংযুক্ত বর্ণের বিশ্লেষ হয়, এবং বিশ্লিষ্ট বর্ণে পূর্ব্ব স্বর অর্থাৎ অকারের যোগ হয়। কৃষ্ণঃ—কসণো। সূত্রে “বা” শব্দ দ্বারা প্রতিপাদিত হইয়াছে যে, বিষ্ণু অর্থে হয় না, তখন কণ্হো এই রূপ হয়।

ইঃ শ্রী-হ্রী-ক্রীত-ক্লান্ত-ক্লেশ-ম্লান-স্বপ্ন-স্পর্শ-গর্হাহর্ষেষু ॥৬২॥

শ্রী প্রভৃতি শব্দে বর্ত্তমান সংযুক্ত বর্ণের বিশ্লেষ হয়, এবং বিশ্লিষ্ট পূর্ব্ব বর্ণের পর ইকার আগম হয়। শ্রীঃ—সিরী। হ্রীঃ—হিরী। ক্রীতম্—কিরীতো। ক্লান্তঃ—কিলংতো। ক্লেশঃ—কিলেসো। ম্লানম্—মিলাণং। স্বপ্নঃ—সিবিণো। স্পর্শঃ—ফরিসো। হর্ষঃ—হরিসো। গর্হঃ—গরিহো।

অঃ ক্ষ্মা-শ্লাঘয়োঃ ॥ ৬৩ ॥

ক্ষ্মা এবং শ্লাঘা শব্দে বর্ত্তমান সংযুক্ত বর্ণের বিশ্লেষ হয়, এবং পূর্ব্ব বর্ণের পর অকার আগম হয়। ক্ষ্মা—খমা। শ্লাঘা—সলাহা।

স্নেহে বা ॥ ৬৪ ॥

স্নেহশব্দে বর্ত্তমান সংযুক্তবর্ণের বিশ্লেষ হয়; এবং পূর্ব্ব বর্ণের পর অকার আগম হয়, বিকল্পে। স্নেহঃ—সণেহো, ণেহো।

উঃ পদ্ম-তন্বীসমেষু ॥ ৬৫ ॥

পদ্মশব্দ এবং তন্বীশব্দের তুল্য যে সকল শব্দ, তাহাতে বর্ত্তমান সংযুক্ত বর্ণের বিশ্লেষ হয়, এবং বিশ্লিষ্ট পূর্ব্ববর্ণের পর উকার আগম হয়। পদ্মম্—পউমং (এই স্থলে ২য় পরিচ্ছেদের ২য় সূত্রানুসারে দকারের লোপ হইয়াছে)। তন্বী—তনুঈ। লঘ্বী—লহুঈ।

জ্যায়ামীৎ ॥ ৬৬ ॥

জ্যাশব্দে বর্ত্তমান সংযুক্ত বর্ণের বিশ্লেষ হয়, এবং পূর্ব্ববর্ণের পর ঈকার আগম হয়। জ্যা—জীয়া।

তৃতীয়ঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ।

তৃতীয় পরিচ্ছেদ সমাপ্ত হইল।

চতুর্থঃ পরিচ্ছেদঃ।

সন্ধাবচাং মজ্লোপবিশেষা বহুলম্ ॥ ১ ॥

সন্ধি স্থলে, অর্থাৎ বর্ণগুলি পরস্পর সন্নিহিত হইলে, অচের (স্বরবর্ণের) স্থানে অন্য অচ্ (স্বরবর্ণ) হয়, এবং কোন স্থলে অচের লোপ হয়। সূত্রে বহুলগ্রহণ দ্বারা জ্ঞাপিত হইল যে, এই বিধির বিষয় স্থির নাই, প্রয়োগ দেখিয়া বুঝিতে হইবে।

অজ্‌বিশেষ। যমুনা+অণ্ডম্—জউণঅণ্ডং, জউণাঅণ্ডং। নদী+স্রোতঃ—ণইসোত্তো, ণঈসোত্তো। বধূ+মুখম্—বহুমুহং, বহূমুহং। কর্ণ+পূরম্—কণ্ণউরং, কণ্ণউরং। শিরো+বেদনা—সিরবেঅণা, সিরোবেঅণা। পীত+অপীতম্—পিআপিঅং, পীআপীঅং। শীত+অশীতম্—সিআসিঅং, সীআসীঅং। শবঃ+মূকঃ—সবোমুও, সবমুও। সরোরুহম্—সররুহং, সরোরুহং। লোপবিশেষ। রাজ+কুলম্—রাউলং, রাঅউলং। তব+অর্দ্ধম্—তুহঅর্দ্ধং, তুহদ্ধং। মম+অর্দ্ধম্—মহঅদ্ধং মহদ্ধং। বা+অবটনম্—বাঅবড়ণং, বাবড়ণং। কুম্ভ+কারঃ—কুম্ভআরো, কুম্ভারো। পবন+উদ্ধতম্—পবনুদ্ধঅং।

সংযোগ পরে থাকিলে, সর্ব্বত্রই পূর্ব্বস্বরের লোপ হয়; এই লোপ কোন স্থলে নিত্য, এবং কোন স্থলে অনিত্য হয়।

উদুম্বরে দোর্লোপঃ ॥ ২ ॥

উদুম্বর শব্দের দু-ভাগের লোপ হয়। উদুম্বরম্—উম্বরং।

কালায়সে যস্য বা ॥ ৩ ॥

কালায়স শব্দের যকারের লোপ হয়, বিকল্পে। কালায়সম্—কালাঅসং, কালাসং।

ভাজনে জস্য ॥ ৪ ॥

ভাজন শব্দের জকারের লোপ হয়, বিকল্পে। ভাজনম্—ভাঅণং—ভাণং।

যাবদাদিষু বস্য ॥ ৫ ॥

যাবৎ প্রভৃতি শব্দে বর্ত্তমান বকারের লোপ হয়, বিকল্পে। যাবৎ—জা, জাব। তাবৎ—তা, তাব। পারাবতঃ—পারাবও, পারাও। অনুবর্ত্তমানঃ—অণুবত্তন্তো, অণুত্তন্তো। জীবিতম্—জীবিঅং, জীঅং। এবম্—এঅং, এব্বং। এব—এঅ, এব্ব। কুবলয়ম্—কুঅলঅং, কুবলঅং। ইত্যাদি। (কোন স্থলে স্বরযুক্ত এবং কোন স্থলে স্বররহিত বকারের লোপ হয়)।

অন্ত্য হলঃ ॥ ৬ ॥

শব্দের অন্তেস্থিতঃ ব্যঞ্জনবর্ণের লোপ হয়। যশঃ—জসো। নভঃ—ণহং। সরঃ—সরো। কর্ম্ম—কম্মো। যাবৎ—জাব। তাবৎ—তাব।

স্ত্রিয়ামাৎ ॥ ৭ ॥

স্ত্রীলিঙ্গে বর্ত্তমান শব্দের অন্তস্থিত ব্যঞ্জন বর্ণের স্থানে আকার হয়। সরিৎ—সরিআ। প্রতিপদ্—পড়িবআ। বাক্—বাআ।

রোরা ॥ ৮ ॥

স্ত্রীলিঙ্গে বর্ত্তমান শব্দের অন্তস্থিত রেফ বর্ণ স্থানে আকার হয়। গীঃ—গিরা। ধূঃ—ধুরা।

ন বিদ্যুতি ॥ ৯ ॥

বিদ্যুৎ শব্দের অন্ত্য ব্যঞ্জন বর্ণের স্থানে আকার হয় না। বিদ্যুৎ—বিজ্জু।

শরদো দঃ ॥ ১০ ॥

শরদ্ শব্দের অন্ত্য ব্যঞ্জন বর্ণের স্থানে দ হয়। শরদ্—সরদো।

দিক্-প্রাবৃষোঃ সঃ ॥ ১১ ॥

দিশ্ এবং প্রাবৃষ্ শব্দের অন্ত্যবর্ণ স্থানে স হয়। দিক্—দিসা। প্রাবৃট্—পাউসো।

মোবিন্দুঃ ॥ ১২ ॥

শব্দের অন্তাস্থিত ম স্থানে অনুস্বার হয়। অচ্ছম্—অচ্ছং। বৎসম্—বচ্ছং। ভদ্রম্—ভদ্দং। অগ্নিম্—অগ্গিং। দষ্টম্—দট্ঠং। বনম্—বণং। ধনম—ধণং।

অচি মশ্চ ॥ ১৩ ॥

স্বরবর্ণ পরে থাকিলে, অন্ত্য ম স্থানে অনুস্বার হয়, বিকল্পে। ফলম্ অপহরতি—ফলং অবহরই, ফলমবহরই।

নঞোর্হলি ॥ ১৪ ॥

ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে, নকার এবং ঞকার, এই উভয় বর্ণস্থানে অনুস্বার এবং মকার হয়, বিকল্পে। ন। অন্সঃ—অংসো, অম্সো। কন্সঃ—কংসো, কম্সো। ঞ। বঞ্চনীয়ম্—বংচণীঅং, বম্চণীঅং।

বক্রাদিষু ॥ ১৫ ॥

বক্র প্রভৃতি শব্দে অনুস্বার আগম হয়। বক্রম্—বংকং। ত্র্যস্রম্—তংসং। হ্রস্বঃ—হংসো। অশ্রু—অংসু। শ্মশ্রু—মংসু। গৃষ্টিঃ—গুংঠী। মুস্তম্—মুংথং। মনস্বিনী—মণংসিণী। দর্শনম্—দংসণং। স্পর্শঃ—ফংসো। বর্ণম্—বণ্ণং। প্রতিশ্রুতম্—পড়িংস্সুদং। অশ্বঃ—অংসো। অভিমুক্তঃ—অহিমুংকো। ইত্যাদি।

মাংসাদিষু বা ॥ ১৬ ॥

মাংস প্রভৃতি শব্দে অনুস্বারের প্রয়োগ হয়, বিকল্পে। (অর্থাৎ একবার অনুস্বার থাকেনা।)

মাংসম্—মংসং—মাসং। কথম্—কহং—কহ। নূনম্—ণূণং—ণূণ। তত্র—তহিং—তহি। অংশুঃ—অংসু—অসু।

মাংসাদিগণ—অনির্দ্দিষ্ট। যেস্থলে ছন্দের অনুরোধে অনুস্বার পঠিত হয়, অথবা উঠিয়া যায়, তাহাই মাংসাদিরূপে বুঝিতে হইবে।

যয়ি তদ্বর্গান্তঃ ॥ ১৭ ॥

যয় সংযুক্তবর্ণ পরে থাকিলে, অনুস্বারের স্থানে তদ্বর্গের [অর্থাৎ পরবর্ত্তী বর্গীয় বর্ণের] পঞ্চম বর্ণ হয়, বিকল্পে। শঙ্কা—শংকা। শংখঃ—সঙ্খো। অংকঃ—অঙ্কো। অংগম্—অঙ্গং। সংচরতি—সঞ্চরই। সংঢঃ—সণ্ঢো। সংতরতি—সন্তরই। সংপত্তি—সম্পত্তি। যয় পরে থাকিলেই হয়—সুতরাং অংসো এই স্থলে হইল না।

পূর্ব্ব হইতে বা শব্দের অধিকার হইয়াছে; অতএব পংকম্—পংকং। বিন্দু—বিংদূ। সংকা—সংখো। এই প্রকার রূপও সিদ্ধ হইল।

নসান্ত-প্রাবৃট্-শরদঃ পুংসি ॥ ১৮ ॥

নকারান্ত ও সকারান্ত শব্দ প্রাবৃষ্ এবং শরদ্ শব্দ পুংলিঙ্গে প্রযুক্ত হয়। নকারান্ত। কর্ম্মণ্—কম্মো। জন্মন্—জম্মো। বর্ম্মণ্—বম্মো। সকারান্ত। যশস্—জসো। তমস্—তমো। সরস্—সরো। প্রাবৃষ্—প্রাবৃট্, পাউসো। শরদ্—শরদো।

ন শিরোনভসী ॥ ১৯ ॥

শিরস্ এবং নভস্ এই দুই শব্দ পুংলিঙ্গে প্রযুক্ত হয় না। শিরঃ—শিরং। নভঃ—ণহং।

পৃষ্ঠাক্ষিপ্রশ্নাঃ স্ত্রিয়াং বা ॥ ২০ ॥

পৃষ্ঠ অক্ষি, এবং প্রশ্ন এই তিন শব্দ স্ত্রীলিঙ্গে প্রযুক্ত হয়, বিকল্পে। পৃষ্ঠম্—পুট্‌ঠি, পুট্‌ঠিং। অক্ষি—অচ্ছিং। প্রশ্নঃ—পণ্হা, পণ্হো।

ও দবাপয়োঃ ॥ ২১ ॥

অব এবং অপ এই উভয় উপসর্গের স্থানে ওকার হয়, বিকল্পে। অবহাসঃ—ওহাসো, অবহাসো। অপসারিতম্—ওসারিঅং, অবসারিঅং।

তল্ ত্বয়ো র্দা ত্তণৌ ॥ ২২ ॥

তল এবং ত্ব প্রত্যয়ের স্থানে ক্রমে দা এবং ত্তণ আদেশ হয়। পীনতা—পীণদা। মূঢ়তা—মূঢ়ত্তণং। পীনত্বম্—পীণত্তণং। মূঢ়ত্বম্—মূঢ়ত্তণং।

ক্ত্ব ঊণঃ ॥ ২৩ ॥

ক্ত্বা প্রত্যয়ের স্থানে ঊণ আদেশ হয়। গৃহীত্বা—ঘেঊণ। শ্রুত্বা—সোঊণ। কৃত্বা—কাঊণ। দত্ত্বা—দাঊণ।

তৃণ ইরঃ শীলে ॥ ২৪ ॥

শীলার্থে বিহিত তৃণ্ প্রত্যয়ের স্থানে ইর আদেশ হয়। ভ্রমণশীলঃ—ভমিরো। হসনশীলঃ—হসিরো।

আল্বিল্লোল্লাল বন্তেন্তা মতুপঃ[1] ॥ ২৫ ॥

অস্ত্যর্থে বিহিত মতুপ্ প্রত্যয়ের স্থানে আলু, ইল্ল, উল্ল, আল, বন্ত, ইন্ত এই কয়টী আদেশ হয়। আলু। ঈর্ষ্যাবৎ—ঈসালূ। নিদ্রাবৎ—নিদ্দালু। ইল্ল। বিকারবৎ—বিআরিল্লো। মালাবৎ—মালাইল্লো। উল্ল। বিকারবৎ—বিআরুল্লো। আল। ধনবৎ—ধণালো। শব্দবৎ—সদ্দালো। বন্ত। ধনবৎ—ধণবন্তো। যৌবনবৎ—জোব্বণবন্তো। ইন্ত। রোষবৎ—রোসাইন্তো। প্রাণবৎ—পাণাইন্তো।

"কচিদা মতুপোঽস্ত্যস্ত। মন্তো বা দৃশ্যতে কচিৎ।" *

মতুপ্ প্রত্যয়ের অন্ত্যস্থানে কোথাও আকার, এবং কোথাও মতুপ্ স্থানে মন্ত হয়। যথা—হনুমান্, হনুমা, হনুমন্তো।

১—মতুপ্ শব্দে কলাপ ব্যাকরণের মতে বন্ত, মন্ত, ইন্, বিণ্ এই চার প্রত্যয় বুঝিতে হইবে।

"ইল্লোল্লা বপরে প্রায়ঃ শৈষিকেষু প্রযুঞ্জতে" ॥ *

পাণিনি ব্যাকরণে বিহিত-শৈষিক তদ্ধিত-প্রত্যয়ের অর্থে ইল্ল উল্ল প্রভৃতি প্রত্যয় প্রায় প্রযুক্ত হইয়া থাকে। পুরোভবম্—পৌরস্ত্যম্, পুরিল্লং। আত্মনেহিতম্—আত্মীয়ম্, অপ্পুল্লং।

"পরিমাণে কিমাদিভ্যো ভবন্তি কেদ্দহাদয়ঃ।" *

পরিমাণার্থে বিহিত প্রত্যয়ান্ত কিম্ প্রভৃতি শব্দের স্থানে কেদ্দহ প্রভৃতি রূপ হয়। কিয়ৎ—কেদ্দহং, কেত্তিঅং। যাবৎ—জেদ্দহং, জেত্তিঅং। তাবৎ—তেদ্দহং, তেত্তিঅং। এতাবৎ—এদ্দহং, এত্তিঅং।

"কৃত্বসো হুত্ত মিত্যন্যে দেশীশব্দঃ স ইষ্যতে" ॥*

বারার্থে বিহিত কৃত্বস্ প্রত্যয়ের স্থানে হুত্ত আদেশ হয়। ইহা কাহারও মত; ভামহের মতে এইটি দেশী শব্দ। যথা—শতকৃত্বঃ, সঅহুত্তং। সহস্রকৃত্বঃ—সহস্‌সহুত্তং।

"জাতৌ বা স্বার্থিকঃ কঃ"। †

জাতিবাচক শব্দের পর স্বার্থিক ক প্রত্যয় হয়, বিকল্পে। বৃক্ষকঃ—রুক্খও, ইত্যাদি।

বিদ্যুৎ পীতাভ্যাং লঃ ॥ ২৬ ॥

বিদ্যুৎ এবং পীত শব্দের পর স্বার্থে ল প্রত্যয় হয়, বিকল্পে। বিদ্যুৎ বিজ্জূ, বিজ্জুলী। পীতম্—পীঅং, পীঅলং।

বৃন্দে বো রঃ ॥ ২৭ ॥

বৃন্দ-শব্দের বকারের পর স্বার্থে রেফ-আগম হয়, বিকল্পে। বৃন্দম্—ব্রন্দং, বংদং।

---

* চিহ্নিত কারিকাগুলি ভামহকৃত, বার্ত্তিকের রীতি অনুসারে এই সকল কারিক সন্নিবিষ্ট হইয়াছে।

† চিহ্নিত সূত্রটীও ভামহকৃত বার্ত্তিক।

করেণ্বাং রণোঃ স্থিতিপরিবৃত্তিঃ ॥ ২৮ ॥

করেণূ* শব্দের র ণ এই দুই বর্ণের স্থিতির পরিবর্ত্তন হয়, অর্থাৎ পূর্ব্ববর্ণ পরবর্ণের স্থানে এবং পরবর্ণ পূর্ব্ববর্ণের স্থানে যায়। করেণূ—কণেরূ। পুংলিঙ্গে হয় না; করেণুঃ—করেণূ (হস্তী)।

আলানে লনোঃ ॥ ২৯ ॥

আলান শব্দের ল ন এই দুই বর্ণের স্থিতির পরিবর্ত্তন হয়। আলানস্তম্ভঃ—আণালখংভো।

বৃহস্পতৌ বহোর্ভঔ ॥ ৩০ ॥

বৃহস্পতি-শব্দের বকার এবং হকার এই দুই বর্ণের স্থানে ক্রমে ভকার এবং অকার হয়। বৃহস্পতিঃ—ভঅপ্ফঈ।

মলিনে লিনো রিলৌ বা ॥ ৩১ ॥

মলিন শব্দের লিস্থানে ইকার এবং ন স্থানে লকার হয়, বিকল্পে। মলিনম্—মইলং, মলিণং।

গৃহে ঘরোঽপতৌ ॥ ৩২ ॥

গৃহ-শব্দের স্থানে ঘর আদেশ হয়, কিন্তু পতি শব্দ পরে থাকিলে হয় না। গৃহম্—ঘরং। গৃহপতিঃ—গহবঈ।

দাঢ়াদয়ো বহুলম্ ॥ ৩৩ ॥

দংষ্ট্রা প্রভৃতি (দাঁত প্রভৃতি) অর্থে দাঢ়া প্রভৃতি পদ নিপাতনে সিদ্ধ হয়, বাহুল্যরূপে। দংষ্ট্রা—দাঢ়া। ইদানীম্—এণ্হিং। দুহিতা—ধীআ, ধুদা। চাতুর্যাম্—চাতুলিঅং। মণ্ডূকঃ—মণ্ডূরো। গৃহেনিহিতম্—ঘরেণিহিতং। উৎপলম্—কংদোট্ঠো। গোদাবরী—গোলা। ললাটম্—ণিড়ালং। ভূঃ—ভুমআ। বৈদূর্য্যম্—বেলুরিঅং। উভয়পার্শ্বম্—অবহাংবাসং। চূতঃ—মাইংদো, মাঅংদো।

---

* করেণু শব্দ হস্তী এবং হস্তিনী এই উভয় অর্থের বাচক।

আদি শব্দ দ্বারা জ্ঞাপিত হইল যে, দেশবিশেষে সঙ্কেতিত (প্রসিদ্ধ) সমস্ত প্রাকৃত শব্দই এই নিয়মানুসারে সিদ্ধ হইয়া থাকে।

ইতি প্রাকৃত প্রকাশে সঙ্কীর্ণবিধির্নাম চতুর্থঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ।

চতুর্থ পরিচ্ছেদ সমাপ্ত হইল।

পঞ্চমঃ পরিচ্ছেদঃ।

অত ওৎ সোঃ ॥ ১ ॥

অকারান্ত শব্দের পরবর্ত্তী যে স্থ অর্থাৎ প্রথমা-বিভক্তির একবচন, তাহার স্থানে ওকার হয়। বৃক্ষঃ—বচ্ছো। বৃষভঃ—বসহো। পুরুষঃ—পুরিসো।

জশ্‌শসোর্লোপঃ ॥ ২ ॥

অকারান্ত শব্দের পরবর্ত্তী যে জস এবং শস বিভক্তি তাহাদের লোপ হয়। বৃক্ষাঃ শোভন্তে—বচ্ছা সোহন্তি। "জশ্‌শস ঙস্যাম্‌ সুদীর্ঘঃ' (৫।১২) এই স্থত্রানুসারে দীর্ঘ হওয়ার পর জসের লোপ হইল। বৃক্ষান্ নিযচ্ছত—বচ্ছেণি অচ্ছহ। "এচস্থপ্যাঙি ঙসোঃ" (৫।১২) এই স্থত্রানুসারে এত্ব হওয়ার পর শসের লোপ হইল।

অতোঽমঃ ॥ ৩ ॥

অকারান্ত শব্দের পরবর্ত্তী যে অম্ বিভক্তি, তাহার অকারের লোপ হয়। বৃক্ষং পশ্যতি—বচ্ছং পেক্‌খঈ। "মো বিন্দুঃ (৪।১২)" এই স্থত্রানুসারে অনুস্বার হইয়াছে।

টামো র্ণঃ ॥ ৪ ॥

অকারান্ত শব্দের পরবর্ত্তী যে টা এবং আম্ বিভক্তি, তাহাদের স্থানে ণ হয় বৃক্ষেণ—বচ্ছেণ। "এচস্থপ্যাঙিঙসোঃ" (৫।১২)। বৃক্ষাণাম্—বচ্ছাণ (৫।১১ দীর্ঘ)।

ভিসো হিং ॥ ৫ ॥

অকারান্ত শব্দের পরবর্ত্তী যে ভিস্ বিভক্তি, তাহার স্থানে হিং হয়। বৃক্ষৈঃ—বচ্ছেহিং। (৫।১২এ)।

ঙসে রাদোদুহয়ঃ ॥ ৬ ॥

অকারান্ত শব্দের পরবর্ত্তী যে ঙসি বিভক্তি, তাহার স্থানে আ, দো, দু হি এই চারি আদেশ হয়। বৃক্ষাৎ—বচ্ছা, বচ্ছাদো, বচ্ছাদু, বচ্ছাহি। (৫।১১ দীর্ঘ)।

ভ্যসো হিংতো, সুংতো ॥ ৭ ॥

অকারান্ত শব্দের পরবর্ত্তী যে ভ্যস্ বিভক্তি, তাহার স্থানে হিংতো,এবং সুংতো এই দুই আদেশ হয়। বৃক্ষেভ্যঃ—বচ্ছাহিংতো, বচ্ছাসুংতো। ("এচ সুপ্যঙিঙসোঃ" ৫।১২ এই সূত্রে কথিত চকারের ফলে দীর্ঘ হইল।)

স্সো ঙসঃ ॥ ৮ ॥

অকারান্ত শব্দের পরবর্ত্তী যে ঙস্ বিভক্তি, তাহার স্থানে স্স হয়। বৃক্ষস্য—বচ্ছস্স।

ঙে রেম্মী ॥ ৯ ॥

অকারান্ত শব্দের পরবর্ত্তী যে ঙি বিভক্তি, তাহার স্থানে এ, এবং ম্মি এই দুই আদেশ হয়। বৃক্ষে—বচ্ছে। (ক্বচিঙ্ঙসিঙোর্ল্লোপঃ কোন স্থানে ঙসি ছবং ঙি বিভক্তি পরে থাকিলে পূর্ব্ববর্ত্তী স্বরের লোপ হয়, এই বিধানানুসারে অকারের লোপ হইল।) বচ্ছম্মি।

সুপঃ সু ॥ ১০ ॥

অকারান্ত শব্দের পরবর্ত্তী যে সুপ্ বিভক্তি, তাহার স্থানে সু হয়। বৃক্ষেষু—বচ্ছেসু। (৫।১২এত্ব)।

জশ্‌শস্ঙস্যাম্ সুদীর্ঘঃ ॥ ১১ ॥

জশ্, শস্, ঙসি, এবং আম্, এই চারি বিভক্তি পরে থাকিলে, পূর্ব্ববর্ত্তী অকারের স্থানে দীর্ঘ অর্থাৎ আকার হয়। বৃক্ষাঃ শোভন্তে—বচ্ছা সোহন্তি। বৃক্ষাৎ আগতঃ—বচ্ছাদো আগদো, বচ্ছাদু, বচ্ছাহি। বৃক্ষাণাম্—বচ্ছাণ (৫।৪।৭)।

এচ স্থপ্যঙিঙসোঃ ॥ ১২ ॥

স্থপ্ বিভক্তি পরে থাকিলে পূর্ব্ববর্ত্তী অকারের স্থানে একার হয়; কিন্তু ঙি এবং ঙস্ বিভক্তি পরে থাকিলে একার হয় না। এই সূত্রে চকার দ্বারা সূচিত হইয়াছে যে একারের প্রাপ্তিস্থলে দীর্ঘও হইবে। বৃক্ষান্ পশ্যত—বচ্ছেপেক্খহ (৫।২। লোপ)। বৃক্ষেন—বচ্ছেণ (৫।৪।ণ)। বৃক্ষৈঃ—বচ্ছেহিং। বৃক্ষেভ্যঃ—বচ্ছাহিংতো, বচ্ছাসুংতো (৫।৭।); চকারের ফলে দীর্ঘ হইল। বৃক্ষাণাং—বচ্ছাণ। বৃক্ষেষু—বচ্ছেসু। ঙস এবং ঙি বিভক্তিতে, বৃক্ষস্য—বচ্ছস্স। বৃক্ষে—বচ্ছম্মি।

ক্বচিঙ্ঙসি-ঙ্যোর্লোপঃ ॥ ১৩ ॥

ঙসি এবং ঙি বিভক্তি পরে থাকিলে কোন স্থানে পূর্ব্ববর্ত্তী অকারের লোপ হয়। বৃক্ষাৎ আগতঃ—বচ্ছা আগদো (৫।৬ আ)। বৃক্ষে স্থিতম্—বচ্ছে ঠিঅং (৫।৯।একার হইল)।

ইদুতোঃ শসো ণো ॥ ১৪ ॥

ইকারান্ত এবং উকারন্ত শব্দের পরবর্ত্তী যে শস্ বিভক্তি তাহার স্থানে ণো হয়। অগ্নীন্ পশ্য—অগ্গিণো পেক্খ। বায়ূন্ পশ্য—বাউণো পেক্খ।

ঙসো বা ॥ ১৫ ॥

ইকারান্ত এবং উকারান্ত শব্দের পরবর্ত্তী যে ঙস্, তাহার স্থানে ণো হয়, বিকল্পে; (ণোর বিকল্পে স্স হয়)। অগ্নেঃ—অগ্গিণো, অগ্গিস্স। বায়োঃ—বাউণো,—বাউস্স।

জসশ্চ ও যত্বম্ ॥ ১৬ ॥

ইকারান্ত এবং উকারান্ত শব্দের পরবর্ত্তী যে জস্, তাহার স্থানে ও হয়, এবং চকারের ফলে ণো ও হয়, ওকার হইলে পূর্ব্ববর্ত্তী ইকারের স্থানে

ঈকার এবং উকারের স্থানে উকার হয়। অগ্নয়ঃ—অগ্গীও, অগ্গিণো। বায়বঃ—বাউও, বাউণো।

টা ণা ॥ ১৭ ॥

ইকারান্ত এবং উকারান্ত শব্দের পরবর্ত্তী যে টা বিভক্তি, তাহার স্থানে ণা হয়। অগ্নিনা—অগ্গিণা। বায়ুনা—বাউণা।

সুভিস্ সুপ্সু দীর্ঘঃ ॥ ১৮ ॥

সু, ভিস্, এবং সুপ্ এই কয় বিভক্তি পরে থাকিলে, পূর্ব্ববর্ত্তী ইকার এবং উকার দীর্ঘ হয়। সু। অগ্নিঃ—অগ্গী। বায়ুঃ—বাঊ। ভিস্। অগ্নিভিঃ—অগ্গীহিং। বায়ুভিঃ—বাঊহিং। সুপ্। অগ্নিষু—অগ্গীসু। বায়ুষু—বাঊসু।

স্ত্রিয়াং শস উদোতৌ ॥ ১৯ ॥

স্ত্রীলিঙ্গে বর্ত্তমান শব্দের পরবর্ত্তী যে শস্ বিভক্তি, তাহার স্থানে উ এবং ও হয়। মালাঃ—মালাউ, মালাও। নদীঃ—ণঈউ, ণঈও। বধূঃ—বহূউ, বহূও।

জসো বা ॥ ২০ ॥

স্ত্রীলিঙ্গে বর্ত্তমান শব্দের পরবর্ত্তী যে জস্ বিভক্তি তাহার স্থানে উ এবং ও হয়, বিকল্পে ; জসের লোপও হয়। মালাঃ—মালাউ, মালাও, মালা।

অমিহ্রস্বঃ ॥ ২১ ॥

অম্ বিভক্তি পরে থাকিলে স্ত্রীলিঙ্গে বর্ত্তমান শব্দের আকার, ঈকার এবং ঊকার, এই কয়টী বর্ণের স্থানে ক্রমে হ্রস্ববর্ণ অর্থাৎ অকার, ইকার এবং উকার হয়। মালাম্—মালং। নদীম্—ণইং। বধূম্—বহুং।

টা ঙস্ঙীনা মি দে দ দাতঃ ॥ ২২ ॥

স্ত্রীলিঙ্গে বর্ত্তমান শব্দের পরবর্ত্তী যে টা, ঙস্ এবং ঙি বিভক্তি তাহাদের প্রতে---- স্থানে, ই, এ, অ. এবং আ এই চারিটী আদেশ হয়। (সূত্রে ইং এৎ ইত্যাদি তকার নির্দ্দেশ সুখে উচ্চারণার্থ)। টা। নদ্যাকৃতম্—ণঈই, ণঈএ, ণইঅ, ণঈআ কঅং। ঙস্। নদ্যাবনম্—ণঈই, ণঈএ, ণঈআ বণং। ঙি। নদ্যাং স্থিতম্—ণঈই, ণঈএ, ণঈঅ, ণঈআ ঠিঅং।

নাতো হ্দাতো ॥ ২৩ ॥

স্ত্রীলিঙ্গে বর্ত্তমান আকারান্ত শব্দের পরবর্ত্তী যে টা, ঙস্ এবং ঙি তাহাদের স্থানে অ এবং আ হয় না। (পূর্ব্ব সূত্রানুসারে প্রাপ্তি ছিল)। মালয়াকৃতম্—মালাই, মালাএ কঅং। মালায়াং ধনম্ স্থিতম্—মালাই, মালাএ, ধণং ঠিঅং।

আদীতৌ বহুলম্ ॥ ২৪ ॥

স্ত্রীলিঙ্গে বর্ত্তমান আকারান্ত শব্দের অন্ত্য আকারের স্থানে আকার এবং ঈকার প্রযুক্ত হয় বাহুল্যরূপে॥ সহমানা—সহমাণা, সহমাণী। হরিদ্রা—হলদ্দা, হলদ্দী। সূর্পণখা—সুপ্পণহা, সুপ্পণহী। ছায়া—ছাহা, ছাহী। (২।১৮। য স্থানে হ)।

ন নপুংসকে ॥ ২৫ ॥

নপুংসক লিঙ্গে বর্ত্তমান ইকারান্ত এবং উকারান্ত শব্দ সম্বন্ধে দীর্ঘ হয় না। ("সৌদীর্ঘঃ পূর্ব্বস্য" এই সূত্রানুসারে দীর্ঘের প্রাপ্তি ছিল)। দধি—দহিং। মধু—মহুং। হবিঃ—হবিং।

ইজ্জশ্শসো দীর্ঘশ্চ ॥ ২৬ ॥

নপুংসক লিঙ্গে বর্ত্তমান শব্দের পরবর্ত্তী যে জস্ এবং শস্ তাহাদের স্থানে ইকার হয়, এবং পূর্ব্বস্বরের স্থানে দীর্ঘ হয়। বনানি—বণাই। দধীনি—দহীই। মধূনি—মহূই।

নামন্ত্রণে সাবো ত্বদীর্ঘবিন্দবঃ ॥ ২৭ ॥

আমন্ত্রণ অর্থাৎ সম্বোধন বুঝাইলে সুস্থানে ওকার, সুপরে থাকিলে পূর্ব্ববর্ণের স্থানে দীর্ঘ এবং সুস্থানে অনুস্বার হয় না। (৫।১।ওত্বের প্রাপ্তি, ৫।১৮। দীর্ঘের প্রাপ্তি, ৫।৩০। সুস্থানে অনুস্বারের প্রাপ্তি ছিল)। হে বৃক্ষ!—হে বচ্ছ! হে অগ্নে! হে অগ্‌গি!—হে বায়ো!—হে বাউ। হে বন!—হে বণ! হে দধি!—হে দহি! হে মধু!—হে মহু!

স্ত্রিয়ামাত এত্ ॥ ২৮ ॥

সম্বোধনে বিহিত সুবিভক্তি পরে থাকিলে স্ত্রীলিঙ্গ শব্দের অন্ত্য আকারের স্থানে একার হয়। হে শালে!—হে সালে! হে মালে! ("অন্ত্যস্য হল" এই সূত্রানুসারে সুর লোপ হইল)।

ঈদূতোর্হ্রস্বঃ ॥ ২৯ ॥

আমন্ত্রণে বিহিত সু পরে থাকিলে ঈকার এবং ঊকারের স্থানে হ্রস্ব হয়। হেনদি!—হে নই! হে বধু!—হে বহু!

সোর্বিন্দুর্নপুংসকে ॥ ৩০ ॥

নপুংসকলিঙ্গে বর্ত্তমান শব্দের পরবর্ত্তী যে সুবিভক্তি তাহার স্থানে অনুস্বার হয়। বনম্—বণং। দধি—দহিং। মধু—মহুং।

ঋত আরঃ সুপি ॥ ৩১ ॥

সুপ্ বিভক্তি পরে থাক্তিলে ঋকারান্ত শব্দের অন্ত্যবর্ণ স্থানে আর হয়। ভর্ত্তাশোভতে—ভত্তারো শোহই। ভর্ত্তারং পশ্য—ভত্তারং পেক্খ। ভর্ত্ত্রা কৃতম্—ভত্তারেণ কঅং।

মাতুরাৎ ॥ ৩২ ॥

মাতৃশব্দের ঋকারের স্থানে আকার হয়। মাতা শোভতে—মাআ সোহই। মাতরং পশ্য—মাঅংপেক্খ। মাত্রা কৃতম্—মাআই, মাআত্র কঅং।

উ র্জ্জশ্‌শস্‌ টা ঙস্‌ সুপ্‌সু বা ॥ ৩৩ ॥

জস্‌, শস্‌, টা, ঙস্‌, এবং সুপ্‌ এই কয়টী বিভক্তি পরে থাকিলে ঋকারান্ত শব্দের ঋকারের স্থানে উকার হয় বিকল্পে। জস্‌। ভর্ত্তারঃ—ভত্তুণো, ভত্তারা। শস্‌। ভর্ত্তৄন্‌—ভত্তুণো, ভত্তারে। টা। ভর্ত্রা—ভত্তুণা, ভত্তারেণ। ভর্ত্তৃষু—ভত্তুসু, ভত্তারেসু।

পিতৃ ভ্রাতৃ জামাতৃণা মরঃ ॥ ৩৪ ॥

বিভক্তি পরে থাকিলে পিতৃপ্রভৃতি শব্দের ঋকারের স্থানে অর হয়। পিতরম্‌—পিঅরং। পিত্রা—পিঅরেণ। ভ্রাতরম্‌—ভাঅরং। ভ্রাত্রা—ভাঅরেণ। জামাতরম্‌—জামাঅরং। জামাত্রা—জামাঅরেণ।

আ চ সৌ ॥ ৩৫ ॥

সুবিভক্তি পরে থাকিলে পিতৃ প্রভৃতি শব্দের ঋকারের স্থানে আ এবং আর হয়। পিতা—পিআ, পিঅরো। ভ্রাতা—ভাআ, ভাঅরো। জামাতা—জামাআ, জামাঅরো।

রাজ্ঞ শ্চ ॥ ৩৬ ॥

সু পরে থাকিলে রাজন্‌ শব্দের অন্তস্থানে আকার হয়। রাজা—রাআ।

আমন্ত্রণে বা বিন্দুঃ ॥ ৩৭ ॥

সম্বোধনে রাজন্‌ শব্দের অন্ত স্থানে অনুস্বার হয় বিকল্পে। হে রাজন্‌!—হে রাঅং! হে রাঅ!

জশ্‌ শস্‌ ঙসাং ণো ॥ ৩৮ ॥

রাজন্‌ শব্দের পরবর্ত্তী যে জস্‌ শস্‌ এবং ঙস্‌ এই কয়টী বিভক্তি, তাহাদের স্থানে ণো হয়। রাজানঃ পশ্যন্তি—রাআণো পেকৃখংতি। রাজ্ঞঃ পশ্য—রাআণো পেকৃখ। রাজ্ঞঃ ধনম্‌—রাইণো ধণং, রণ্ণোধণং।

শসএৎ ॥ ৩৯ ॥

রাজন্ শব্দের পরবর্ত্তী যে শস্ বিভক্তি তাহার স্থানে এ কার হয়। রাজ্ঞঃ পশ্য—রাএ পেক্‌খ, রাআণো পেক্‌খ।

আমোণং ॥ ৪০ ॥

রাজন্ শব্দের পরবর্ত্তী যে আম্ বিভক্তি তাহার স্থানে ণং হয়। রাজ্ঞাম্—রাঅণং।

টাণা ॥ ৪১ ॥

রাজন্ শব্দের পরবর্ত্তী যে টা বিভক্তি তাহার স্থানে ণা হয়। রাজ্ঞা—রাইণা।

ঙস শ্চ দ্বিত্বং বাহন্ত্যলোপ শ্চ ॥ ৪২ ॥

রাজন্ শব্দের পরবর্ত্তী যে ঙসাদেশ ণো এবং টাদেশ ণা এই উভয়ের দ্বিত্ব হয়, এবং দ্বিত্ব হইলে অন্ত্যবর্ণের লোপ হয়, বিকল্পে। রাজ্ঞো-ধনম্—রণ্ণো, রাইণোধণং। রাজ্ঞাকৃতম্—রণ্ণা, রাইণাকঅং।

ইদদ্বিত্বে ॥ ৪৩ ॥

ঙসাদেশ এবং টাদেশের দ্বিত্বের অভাব হইলে রাজন্ শব্দের ইকার আগম্ হয়। রাজ্ঞঃ—রাইণো। রাজ্ঞা—রাইণা।

আ ণো ণমো রঙসি ॥ ৪৪ ॥

ণো এবং ণং পরে থাকিলে রাজন্ শব্দের জকারের স্থানে আঁকার হয়, কিন্তু ঙস্ বিভক্তি স্থানে আদিষ্ট ণো থাকিলে হয় না। রাজানঃ পশ্যন্তি—রাআণো পেক্‌খংতি। রাজ্ঞঃ পশ্য—রাআণো পেক্‌খ। রাজ্ঞাং ধনম্—রাআনং ধণং। ঙসাদেশে, রাইণো, রণ্ণো ধণং। অন্য সমস্ত প্রয়োগ অকারান্ত শব্দের মত হয়। অম্। রাজানম্—রাঅং। রাজভিঃ—রাএহিং। ঙসি। রাজ্ঞঃ—রাআ, রাআদো, রাআহু, (রাআহি)। রাজভ্যঃ—রাআ-হিংতো, রাআসুংতো। রাজ্ঞি—রাঅম্মি, রাএ। রাজসু—রাএসু।

আত্মনোঽপ্পাণো বা ॥ ৪৫ ॥

আত্মন্ শব্দের স্থানে অপ্পাণ আদেশ হয়, বিকল্পে। আত্মা—অপ্পা, অপ্পাণো।

ইত্বদ্বিত্ববর্জ্জং রাজবদনাদেশে ॥ ৪৬ ॥

অনাদিষ্ট আত্মন্ শব্দের কার্য্য রাজন্ শব্দের মত হয়, কেবল ইত্ব এবং দ্বিত্ব হয় না। আত্মা—অপ্পা। আত্মানঃ—অপ্পাণো। আত্মনা—অপ্পণা।

ব্রহ্মাদ্যা আত্মবৎ ॥ ৪৭ ॥

ব্রহ্মন্ প্রভৃতি শব্দের রূপ অনেক স্থলেই আত্মশব্দের রূপের মত হয়। ব্রহ্মা—বহ্মা, বহ্মাণো। যুবা—জুবা, জুবাণো। অধ্বা—অদ্ধা, অদ্ধাণো। লক্ষ্যানুসারে এইরূপ অনেক প্রয়োগ হইয়া থাকে।

পঞ্চমঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ।

পঞ্চম পরিচ্ছেদ সমাপ্ত হইল।

ষষ্ঠঃ পরিচ্ছেদঃ।

সর্ব্বাদে র্জস এত্বম্ ॥ ১ ॥

সর্ব্বাদিগণে পঠিত শব্দের পরবর্ত্তী যে জস্ বিভক্তি, তাহার স্থানে একার হয়। সর্ব্বে—সব্বে। যে—জে। তে। কে। কতরে—কদরে।

ঙেঃ স্সিং ম্মি ত্থাঃ ॥ ২ ॥

সর্ব্বাদি শব্দের পরবর্ত্তী যে ঙি বিভক্তি তাহার স্থানে, স্সিং, ম্মি, ত্থ এই তিন আদেশ হয়। সর্ব্বস্মিন্—সব্বস্সি; সব্বস্মি, সব্বত্থ। ইতরস্মিন্—ইঅরস্সিং ইঅরম্মি, ইঅরত্থ।

ইদ মেদৎ কিম্ য ত্তদ্ভ্য ষ্টা ইণা বা ॥ ৩ ॥

ইদম্, এতদ্, কিম্, যদ্, তদ্, এই কয়টী শব্দের পরবর্ত্তী যে টা বিভক্তি, তাহার স্থানে ইণা আদেশ হয়, বিকল্পে। অনেন—ইমিণা। এতেন—এদিণা। কেন—কিণা। যেন—জিণা। তেন—তিণা। পক্ষান্তরে। ইমেণ, এদেণ, কেণ, জেণ, তেণ।

আম এসিং ॥ ৪ ॥

ইদম্ প্রভৃতি শব্দের পরবর্ত্তী যে আম্ বিভক্তি তাহার স্থানে এসিং আদেশ হয়, বিকল্পে। এষাম্—ইমেসিং, ইমাণ। এতেষাম্—এদেসিং এদাণ। কেষাম্—কেসিং, কাণ। যেষাম্—জেসিং, জাণ। তেষাম্—তেসিং, তাণ।

কিংয ত্তদ্ভ্যো ঙস আসঃ ॥ ৫ ॥

কিম্, যদ্, তদ্, এই কয়টী শব্দের পরবর্ত্তী যে ঙস্ বিভক্তি, তাহার স্থানে আস আদেশ হয় বিকল্পে। কস্য—কাস, কস্স। যস্য—জাস, জস্স। তস্য—তাস, তস্স।

ইদ্‌ভ্যঃ স্‌সা সে ॥ ৬ ॥

ইকারান্ত কিম্ প্রভৃতি শব্দের পরবর্ত্তী যে ঙস্ বিভক্তি, তাহার স্থানে স্‌সা এবং সে এই দুই আদেশ হয়। কস্যাঃ—কিস্‌সা, কীসে, (কীআ, কীএ, কীঅ, কীই)। যস্যাঃ—জিস্‌সা, জীসে, (জীআ, জীএ, জীঅ, জীই)। তস্যাঃ—তিস্‌সা, তীসে, (তীআ, তীএ, তীঅ, তীই)।

ঙের্হিং ॥ ৭ ॥

কিম্ প্রভৃতি শব্দের পরবর্ত্তী যে ঙি বিভক্তি তাহার স্থানে হিং আদেশ হয়, বিকল্পে। কস্মিন্—কহিং, কস্‌সিং, কম্মি, কত্থ। যস্মিন্—জহিং, জম্মি, জত্থ। তস্মিন্—তহিং, তম্মি, তত্থ।

আহে ইআ কালে ॥ ৮ ॥

কাল অর্থ বুঝাইলে কিম্ প্রভৃতি শব্দের পরবর্ত্তী যে ঙি বিভক্তি তাহার স্থানে আহে, ইআ, এই দুই আদেশ হয়, বিকল্পে; পূর্ব্বোক্ত হিং প্রভৃতিও হয়। কদা—কাহে—কইআ। যদা—জাহে, জইআ। তদা—তাহে, তইআ। কহিং, জহিং, তহিং।

ত্তো দো ঙসেঃ ॥ ৯ ॥

কিম্, যদ্, তদ্, এই তিনটী শব্দের পরবর্ত্তী যে ঙসি বিভক্তি তাহার স্থানে ত্তো দো এই দুই আদেশ হয়। কস্মাৎ—কত্তো, কদো। যস্মাৎ—জত্তো, জদো। তস্মাৎ—তত্তো, তদো।

তদওশ্চ ॥ ১০ ॥

তদ্‌শব্দের পরবর্ত্তী যে ঙসি বিভক্তি তাহার স্থানে ওকার আদেশ হয়, বিকল্পে। তস্মাৎ—তো, তত্তো, তদো। তাসিং।

ঙসা সে ॥ ১১ ॥

ঙস্ বিভক্তির সহিত তদ্ শব্দের স্থানে সে আদেশ হয়, বিকল্পে। তস্য—সে, তাস, তস্স।

আমাসিং ॥ ১২ ॥

আম্ বিভক্তির সহিত তদ্ শব্দের স্থানে সিং আদেশ হয়, বিকল্পে। তেষাম্—সিং, তাণ।

কিমঃ কঃ ॥ ১৩ ॥

সুপ্ বিভক্তি পরে থাকিলে কিম্ শব্দের স্থানে ক আদেশ হয়। কঃ—কো। কে। কেন—কেণ। কৈঃ—কেহিং।

ইদমইমঃ ॥ ১৪ ॥

সুপ্‌বিভক্তি পরে থাকিলে ইদম্ শব্দের স্থানে ইম আদেশ হয়। অয়ম্—ইমো। ইমে। ইদম্—ইমং। অনেন—ইমেণ। এভিঃ—ইমেহিং।

স্সস্সিমো রদ্ বা ॥ ১৫ ॥

স্স এবং স্সিং পরে থাকিলে ইদম্ শব্দের স্থানে অৎ অর্থাৎ অকার হয়, বিকল্পে। অস্য—অস্স, ইমস্স। অস্মিন্—অস্সিং, ইমস্সিং।

ঙে র্দেন হঃ ॥১৬ ॥

ইদম্ শব্দে দকারের সহিত ঙি বিভক্তির স্থানে হ হয়, বিকল্পে। অস্মিন্—ইহ। বিকল্প পক্ষে, অস্সিং—ইমস্সিং, ইমম্মি।

ন থঃ ॥ ১৭ ॥

ইদম্ শব্দের পরবর্ত্তী যে ঙিবিভক্তি তাহার স্থানে থ হয় না। "ঙেঃ স্সিং ম্মি থাঃ" (৬।২।) এই সূত্রানুসারে প্রাপ্তি ছিল। অস্মিন্—ইহ, অস্সিং, ইমস্সিং ইমম্মি।

নপুংসকে স্বমো রিদ মিণ মিণমো ॥ ১৮ ॥

নপুংসকলিঙ্গে বর্ত্তমান ইদম্ শব্দের স্থানে সু এবং অম্ বিভক্তির সহিত ইদং, ইণং, ইণমো এই তিন আদেশ হয়। ইদং ধনম্—ইদং, ইণং, ইণমো ধণং।

এতদঃ সাবোত্বং বা ॥ ১৯ ॥

সু বিভক্তি পরে থাকিলে এতদ্ শব্দের অন্তস্থানে ওকার হয়, বিকল্পে। এষঃ—এস, এসো।

ত্তো ঙসেঃ ॥ ২০ ॥

এতদ্ শব্দের পরবর্ত্তী যে ঙসি বিভক্তি, তাহার স্থানে ত্তো আদেশ হয়। এতস্মাৎ—এত্তো, (এদাদো), এদাদু, এদাহি।

ত্তোথয়োস্তলোপঃ ॥ ২১ ॥

ঙসি স্থানে জাত ত্তো এবং ঙিস্থানে জাত থ, এই উভয় পরে থাকিলে এতদ্ শব্দের তকারের লোপ হয়। এতস্মাৎ—এত্তো। এতস্মিন্—এথ।

তদেতদোঃ সঃ সাবনপুংসকে ॥ ২২ ॥

নপুংসকলিঙ্গ ভিন্ন লিঙ্গে, (অর্থাৎ পুংলিঙ্গে ও স্ত্রীলিঙ্গে) সু বিভক্তি পরে থাকিলে, তদ্ এবং এতদ্ শব্দের তকারের স্থানে সকার হয়। সঃ পুরুষঃ—সো পুরিসো। সা মহিলা। এষঃ—এস, এসো। এষা—এসা। নপুংসকলিঙ্গে, তৎ, এতৎ ধনম্—তং, এদং ধণং।

অদসো দো মুঃ ॥ ২৩ ॥

সুপ্ বিভক্তি পরে থাকিলে অদস্ শব্দের দকারের স্থানে মু আদেশ হয়। অসৌ পুরুষঃ—অমু পুরিসো। অসৌ মহিলা—অমু মহিলা। অমী

পুরুষাঃ—অমূও পুরিসা। অমূঃ মহিলাঃ—অমূও মহিলাও। অদো বনম্—অমুং বণং। অমূনি বনানি—অমূইং বণাইং।

হশ্চ সৌ ॥ ২৪ ॥

সু পরে থাকিলে অদস্ শব্দের দকারের স্থানে হ হয়। অসৌ পুরুষঃ—অহ পুরিসো। অসৌ মহিলা—অহ মহিলা। অদঃ বনম্—অহ বণং। এই হকারাদেশ পরত্ব নিবন্ধন তিন লিঙ্গে ক্রমে প্রাপ্ত—ওত্ব, আত্ব, এবং বিন্দু অর্থাৎ অনুস্বারের বাধা করিয়াছে।

পদস্য ॥ ২৫ ॥

এইটী অধিকার সূত্র। অতঃপর যে সকল কার্য্যের বিধান হইবে তাহা পদের সম্বন্ধে বুঝিতে হইবে।

যুষ্মদ স্তং তুমং ॥ ২৬ ॥

সু বিভক্তি পরে থাকিলে যুষ্মদ্ শব্দের স্থানে তং এবং তুমং আদেশ হয়। ত্বম্ আগতঃ—তং, তুমং আগদো।

তুং চামি ॥ ২৭ ॥

অম্ বিভক্তি পরে থাকিলে যুষ্মদ্ শব্দের স্থানে তুং এবং তুমং আদেশ হয়। ত্বাং পশ্যামি—তুং, তুমং পেক্‌খামি।

তুহ্মে তুম্হে জসি ॥ ২৮ ॥

জস্ বিভক্তি পরে থাকিলে যুষ্মদ্ শব্দের স্থানে তুহ্মে এবং তুম্হে আদেশ হয়। যূয়ম্ আগতাঃ—তুহ্মে, তুম্হে আগদা।

বো চ শসি ॥ ২৯ ॥

শস্ বিভক্তি পরে থাকিলে যুষ্মদ্ শব্দের স্থানে বো এবং তুহ্মে, তুম্হে আদেশ হয়। যুষ্মান্ পশ্যামি—বো, তুহ্মে, তুম্হে পেক্‌খামি।

টাঙ্যোস্তই তএ তুমএ তুমে ॥ ৩০ ॥

টা এবং ঙি বিভক্তি পরে থাকিলে যুষ্মদ্ শব্দের স্থানে তই, তএ, তুমএ, তুমে এই চারি আদেশ হয়। টা। ত্বয়া কৃতম্—তই, তএ, তুমএ, তুমে কঅং। ঙি। ত্বয়ি স্থিতম্—তই, তএ, তুমএ, তুমে ঠিঅং।

ঙসি তুমো তুহ তুজ্ঝ তুদ্ধ তুম্মাঃ ॥ ৩১ ॥

ঙস্ বিভক্তি পরে থাকিলে যুষ্মদ্ শব্দের স্থানে, তুমো, তুহ, তুজ্ঝ, তুদ্ধ, এবং তুম্ম, এই পাঁচ আদেশ হয়। তব পদম্—তুমো, তুজ্ঝ, তুহ, তুদ্ধ, তুম্ম পদং।

আঙি চ তে দে ॥ ৩২ ॥

চকার দ্বারা ঙসের অনুবৃত্তি হইয়াছে। আঙ্, অর্থাৎ তৃতীয়ার এক-বচন এবং ঙস্ বিভক্তি পরে থাকিলে যুষ্মদ্ শব্দের স্থানে তে এবং দে এই দুই আদেশ হয়। টা। ত্বয়া কৃতম্—তে, দে কঅং। ঙস্। তব ধনম্—তে, দে ধণং।

তুমাই চ ॥ ৩৩ ॥

টা বিভক্তি পরে থাকিলে যুষ্মদ্ শব্দের স্থানে তুমাই আদেশ হয়। ত্বয়া কৃতম্—তুমাই কঅং।

তুজ্ঝেহিং তুম্হেহিং তুম্মেহিং ভিসি ॥ ৩৪ ॥

ভিস্ বিভক্তি পরে থাকিলে যুষ্মদশব্দের স্থানে তুজ্ঝেহিং, তুম্হেহিং, তুম্মেহিং এই তিন আদেশ হয়। যুষ্মাভিঃ কৃতম্—তুজ্ঝেহিং, তুম্হেহিং, তুম্মেহিং কঅং।

ঙসৌ তত্তো তইত্তো তুমাদো তুমাহু তুমাহি ॥ ৩৫ ॥

ঙসি বিভক্তি পরে থাকিলে যুষ্মদ্ শব্দের স্থানে তত্তো, তইত্তো, তুমাদো, তুমাহু, তুমাহি, এই পাঁচ আদেশ হয়। ত্বদ্ আগতঃ—তত্তো, তইত্তো, তুমাদো, তুমাহু, তুমাহি আগদো।

তুম্হাহিংতো তুম্হাসুংতো, ভ্যসি ॥ ৩৬ ॥

পঞ্চমীর বহুবচন ভ্যস্ বিভক্তি পরে থাকিলে যুষ্মদ্ শব্দের স্থানে তুম্হাহিংতো, তুম্হাসুংতো এই দুই আদেশ হয়। যুষ্মৎ আগতঃ—তুম্হাহিংতো, তুম্হাসুংতো আগদো।

বো মে তুজ্ঝাণং তুম্হাণ মামি ॥ ৩৭ ॥

আম্ বিভক্তি পরে থাকিলে যুষ্মদ্ শব্দের স্থানে বো, মে, তুজ্ঝাণং, তুম্হাণং এই চারি আদেশ হয়। যুষ্মাকং ধনম্—বো, মে, তুজ্ঝাণং, তুম্হাণং ধণং।

ঙৌ তুমম্মি ॥ ৩৮ ॥

ঙি বিভক্তি পরে থাকিলে যুষ্মদ্ শব্দের স্থানে তুমম্মি আদেশ হয়। ত্বয়ি স্থিতম্—তুমম্মি ঠিঅং। [পূর্ব্বোক্ত (৬।৩০) তই প্রভৃতি চারি আদেশও হয়।]

তুজ্ঝেসু তুম্হেসু সুপি ॥ ৩৯ ॥

সপ্তমীর বহুবচন সুপ্ বিভক্তি পরে থাকিলে যুষ্মদ্ শব্দের স্থানে তুজ্ঝেসু, তুম্হেসু এই দুই আদেশ হয়। যুষ্মাসু স্থিতম্—তুজ্ঝেসু, তুম্হেসু ঠিঅং। (যুষ্মদ শব্দের স্থানে যে সমস্ত আদেশ উক্ত হইয়াছে, তাহা বিভক্তির সহিত অর্থাৎ সেই সেই বিভক্তিতে নিষ্পন্ন পদের স্থানে হয়, এইরূপ বুঝিতে হইবে। অস্মদ্ শব্দের প্রক্রিয়াতেও ঠিক এইরূপ নিয়ম বুঝিতে হইবে।)

অস্মদো হং অহং অহহং সৌ ॥ ৪০ ॥

সু বিভক্তি পরে থাকিলে অস্মদ্ শব্দের স্থানে হং, অহং, অহহং, এই তিন আদেশ হয়। অহং করোমি—হং, অহং, অহহং করেমি।

অহম্মি রমি চ ॥ ৪১ ॥

অম্ এবং সু বিভক্তি পরে থাকিলে অস্মদ্ শব্দের স্থানে অহম্মি আদেশ হয়। অম্। মাং প্রেক্ষস্ব—অহম্মি পেক্খ। সু। অহং করোমি—অহম্মি করেমি।

মং মমং ॥ ৪২ ॥

দ্বিতীয়া বিভক্তির একবচনে অস্মদ্ শব্দের স্থানে মং, মমং এই দুই আদেশ হয়। মাং প্রেক্ষস্ব—মং, মমং পেক্খ।

অম্হে জশ্‌শসোঃ ॥ ৪৩ ॥

জস্ এবং শস্ বিভক্তি পরে থাকিলে অস্মদ্ শব্দের স্থানে অম্হে আদেশ হয়। বয়ং আগতাঃ—অম্হে আগদা। অস্মান্ প্রেক্ষস্ব—অম্হে পেক্খ।

ণো শসি ॥ ৪৪ ॥

শস্ বিভক্তি পরে থাকিলে অস্মদ্ শব্দের স্থানে ণো আদেশ হয়। অস্মান্ প্রেক্ষস্ব—ণো পেক্খ।

আঙি মে মমাই ॥ ৪৫ ॥

আঙ্ অর্থাৎ তৃতীয়া বিভক্তির একবচন পরে থাকিলে অস্মদ্ শব্দের স্থানে মে, মমাই, এই দুই আদেশ হয়। ময়া কৃতম্—মে, মমাই কঅং।

ঙৌ চ মই মএ ॥ ৪৬ ॥

ঙি বিভক্তি এবং তৃতীয়া বিভক্তির একবচন পরে থাকিলে অস্মদ শব্দের স্থানে মই, মএ, এই দুই আদেশ হয়। ময়ি স্থিতম্—মই, মএ ঠিঅং। ময়া কৃতম্—মই, মএ কঅং।

অম্হেহিং ভিসি ॥ ৪৭ ॥

ভিস্ বিভক্তি পরে থাকিলে অস্মদ্ শব্দের স্থানে অম্হেহিং আদেশ হয়। অস্মাভিঃ কৃতম্—অম্হেহিং কঅং।

মত্তো মইত্তো মমাদো মমাদু মমাহি ঙসৌ ॥ ৪৮ ॥

ঙসি বিভক্তি পরে থাকিলে অস্মদ্ শব্দের স্থানে মত্তো প্রভৃতি পাঁচ আদেশ হয়। মৎ গতঃ—মত্তো, মইত্তো মমাদো, মমাদু, মমাহি গদো।

অম্হাহিংতো অম্হাসুংতো ভ্যসি ॥ ৪৯ ॥

পঞ্চমীর বহুবচন পরে থাকিলে অস্মদ্ শব্দের স্থানে অম্হাহিংতো, অম্হাসুংতো এই দুই আদেশ হয়। অস্মদাগতঃ—অম্হাহিংতো, অম্হাসুংতো গদো।

মে মম মহ মজ্ঝ ঙসি ॥ ৫০ ॥

ঙস্ বিভক্তি পরে থাকিলে অস্মদ শব্দের স্থানে মে, মম, মহ, মজ্ঝ, এই চারি আদেশ হয়। মম ধনম্—মে মম, মহ, মজ্ঝ ধণং।

মজ্ঝণো অম্হ অম্হাণং অম্হে আমি ॥ ৫১ ॥

আম্ বিভক্তি পরে থাকিলে অস্মদ্ শব্দের স্থানে মজ্ঝণো প্রভৃতি চারি আদেশ হয়। অস্মাকং ধনম্—মজ্ঝণো, অম্হ, অম্হাণং, অম্হে ধণং।

মমম্মি ঙৌ ॥ ৫২ ॥

ঙিবিভক্তি পরে থাকিলে অস্মদ্ শব্দের স্থানে মমম্মি আদেশ হয়। ময়ি স্থিতম্—মমম্মিঠিঅং। (পূর্ব্বোক্ত আদেশও হয়) মই, মত্র ঠিঅং।

অম্হেসু সুপি ॥ ৫৩ ॥

সপ্তমীর বহুবচন পরে থাকিলে অস্মদ্ শব্দের স্থানে অম্হেসু আদেশ হয়। অস্মাসু স্থিতম্—অম্হেসু ঠিঅং।

দ্বে দো ॥ ৫৪ ॥

বিভক্তি পরে থাকিলে দ্বিশব্দের স্থানে দো আদেশ হয়। (পূর্ব্বহইতে বিভক্তির অনুবৃত্তি আসিয়াছে)। দ্বাভ্যাম্—দোহিং। দ্বয়োঃ—দোসু।

ত্রে স্তী ॥ ৫৫ ॥

বিভক্তি পরে থাকিলে ত্রিশব্দের স্থানে তী আদেশ হয়। ত্রিভিঃ—তীহিং। ত্রিষু—তীসু।

তিন্নি জশ্‌শস্‌ভ্যাম্ ॥ ৫৬ ॥

জস্ এবং শস্ বিভক্তির সহিত ত্রি শব্দের স্থানে তিন্নি আদেশ হয়। ত্রয় আগতাঃ—তিন্নি আগদা। ত্রীণ্ প্রেক্ষস্ব—তিন্নি পেক্‌খ।

দ্বে দুবে দোণি বা ॥ ৫৭ ॥

জস্ এবং শস্ বিভক্তির সহিত দ্বিশব্দের স্থানে দুবে এবং দোণি এই দুই আদেশ হয়। দ্বৌ কুরুতঃ—দুবে, দোণি কুণন্তি। দ্বৌ প্রেক্ষস্ব—দুবে, দোণি পেক্‌খ। বিকল্প পক্ষে, দো পেক্‌খ।

চতুর শ্চত্তারো চত্তারি ॥ ৫৮ ॥

জস্ এবং শস্ বিভক্তির সহিত চতুর্ শব্দের স্থানে চত্তারো এবং চত্তারি এই দুই আদেশ হয়। চত্বারঃ পুরুষাঃ কুর্ব্বন্তি—চত্তারো, চত্তারি পুরিসা কুণন্তি। চতুরঃ পুরুষান্ প্রেক্ষস্ব—চত্তারো, চত্তারি পুরিসে পেক্‌খ।

এষা মামো ণ্হং ॥ ৫৯ ॥

দ্বি, ত্রি এবং চতুর্ শব্দের পরবর্ত্তী আম্ অর্থাৎ ষষ্ঠীর বহুবচনের স্থানে ণ্হং আদেশ হয়। প্রাকৃত ভাষায় দ্বিবচন নাই, সুতরাং দ্বিশব্দের পরও বহুবচনই হইয়া থাকে। দ্বয়োর্ধনম্—দোণ্হো ধণং। ত্রয়াণাং ধনম্—তীণ্হং ধণং। চতুর্ণাং ধনম্—চতুণ্হং ধণং।

শেষোঽদন্তবৎ ॥ ৬০ ॥

অবশিষ্ট বিভক্তির কার্য্য অকারান্ত শব্দের মত হইয়া থাকে। অর্থাৎ অকারান্ত শব্দের পরবর্ত্তী ভিসের স্থানে যেমন হিং, ঙসের স্থানে যেমন স্স প্রভৃতি হয়, ইকারান্ত উকারান্ত প্রভৃতি শব্দের পরবর্ত্তী বিভক্তিরও সেই মত রূপ হইয়া থাকে।

অগ্নিভিঃ—অগগীহিং। বায়ুভিঃ—বাউহিং। মালাভিঃ—মালাহিং। নদীভিঃ—ণঈহিং। বধূভিঃ—বহূহিং। (ঙস্) অগ্নেঃ—অগ্গিস্স। বায়োঃ—বাউস্স। (ঙসি) অগ্নেঃ—অগ্গীদো। বায়োঃ—বাউদো। অগ্নিষু—অগ্গীস্থ—। বায়ুষু—বাউস্থ। এইরূপ, দ্বাভ্যাম্—দোহিং। ত্রিভিঃ—তীহিং। চতুর্ভিঃ—চউহিং

ন ঙি-ঙস্যো রেদাতৌ ॥ ৬১ ॥

ইকারান্ত এবং উকারান্ত শব্দের পরবর্ত্তী ঙি এবং ঙসির স্থানে একার ও আকার হয় না। অগ্নৌ—অগ্গিম্মি। বায়ৌ—বাউম্মি। এইরূপ হইল, অগ্গিএ, বাউএ এইরূপ হইল না। (ঙসি) অগ্নেঃ—অগ্গীদো, অগ্গীহু, অগ্গীহি। বায়োঃ—বাউহু, বাউদো বাউহি। এইরূপ হইল, অগ্গীআ, বাউআ, এইরূপ হইল না।

এ ভ্যসি ॥ ৬২ ॥

ভ্যস্ বিভক্তি পরে থাকিলে ইকারান্ত এবং উকারান্ত শব্দসম্বন্ধে অকারান্ত শব্দের ন্যায় একার হয় না। (এই সূত্রে পূর্ব্বসূত্র হইতে

নকারের অনুবৃত্তি হইয়াছে)। অগ্নিভ্যঃ—অগ্‌গী হিংতো, অগ্‌গীসুংতো।
বাভয়ুঃ—বাউহিংতো, বাউসুংতো।

দ্বিবচনস্য বহুবচনম্ ॥ ৬৩ ॥

সমস্ত বিভক্তিরই দ্বিবচনের পরিবর্ত্তে বহুবচন ব্যবহৃত হয়। (১মা, ২য়া) বৃক্ষৌ—বচ্ছা। (৩য়া) বৃক্ষাভ্যাম্—বচ্ছেহিং। (৫মী) বৃক্ষাভ্যাম্—বচ্ছাহিংতো। (৬ষ্ঠী) বৃক্ষয়োঃ—বচ্ছাণ। (৭মী) বৃক্ষয়োঃ—বচ্ছেসু। তিঙ্ বিভক্তিতেও এই নিয়ম বুঝিতে হইবে। তিষ্ঠতঃ—চিট্‌ঠংতি।

চতুর্থ্যাঃ ষষ্ঠী ॥ ৬৪ ॥

চতুর্থী বিভক্তির অর্থে ষষ্ঠী বিভক্তি প্রযুক্ত হয়। ব্রাহ্মণায় দেহি—বম্হণস্‌স দেহি। ব্রাহ্মণেভ্যঃ দেহি—বম্হণাণং দেহি।

ষষ্ঠঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ।

ষষ্ঠ পরিচ্ছেদ সমাপ্ত হইল।

সপ্তমঃ পরিচ্ছেদঃ।

ততিপো রিদেতৌ ॥ ১ ॥

ত এবং তিপ্ এই উভয় বিভক্তির প্রত্যেকের স্থানে ইকার এবং একার হয়। তিপ্। পঠতি—পঢ়ই, পঢ়এ। ত। সহতে—সহই, সহএ।

থাস্‌সিপোঃ সি সে ॥ ২ ॥

থাস্ এবং সিপ্* ইহাদের প্রত্যেকের স্থানে সি এবং সে হয়। সিপ্। পঠসি—পঢ়সি, পঢ়সে। থাস্। সহসে—সহসি, সহসে।

ইড়্‌মিপো র্মিঃ ॥ ৩ ॥

ইট্ এবং মিপ্ এই উভয়ের স্থানে মি হয়। পঠামি—পঢ়ামি। হসামি হসামি। সহে—সহামি।

ন্তি হেত্থা মো মু মা বহুষু ॥ ৪ ॥

তিঙ্ বিভক্তির বহুবচনের স্থানে ন্তি, হ, ইত্থা, মো, মু, ম, এই ছয়টা আদেশ হয়। (প্রথমপুরুষে ন্তি; মধ্যমপুরুষে হ, ইত্থা; উত্তমপুরুষে মো, মু, ম)। প্রথমপুরুষ। রমন্তে—রমন্তি। পঠন্তি—পঢ়ন্তি। হসন্তি—হসন্তি। মধ্যম পুরুষ। রমধ্বে—রমহ। পঠথ—পঢ়হ। হসথ—হসহ। পঠথ—পঢ়িত্থা। উত্তম পুরুষ। পঠামঃ—পঢ়ামো, পঢ়ামু, পঢ়াম।

---

* পাণিনি ব্যাকরণের মতে প্রথমতঃ ল স্থানে, তিপ্, তস্, ঝি, সিপ্, থস্, থ, মিপ্, বস্, মস্, (পরস্মৈপদ) এবং ত, আতাং, ঝ, থাস্, আথাম্, ধ্বম্, ইট্, বহি, মহিঙ্, এই অষ্টাদশ আদেশ হয়। ইহাদের স্থানে বিবিধ সূত্র দ্বারা, লট্, লিঙ্ লোট্, লঙ্ প্রভৃতির, বিভিন্ন রূপ সিদ্ধ হয়।

অত এ সে ॥ ৫ ॥

অকারের পরবর্ত্তী হইলেই ত, তিপ্, এবং সিপ্, থাস্, ইহাদের স্থানে এ এবং সে এই দুই আদেশ হয়। অন্য বর্ণের পরবর্ত্তী হইলে হয় না। ত। রমতে—রমএ। তিপ্। পঠতি—পঢ়এ। সি। পঠসি—পঢ়সে। থাস্। রমসে। ভবতি—হোই, এই স্থলে অকারহইতে হয় নাই সুতরাং এ আদেশ হইল না।

অন্তে র্লোপঃ ॥ ৬ ॥

থাস্ এবং সিপ্ পরে থাকিলে অস্ ধাতুর লোপ হয়। সিপ্। সুপ্তো-ঽসি—সুত্তোসি। পুরুষোঽসি—পুরিসোসি। থাস্। (ব্যতিসে—বইসে।

মি-মো-মুমানামধো হশ্চ ॥ ৭ ॥

অস্ ধাতুর পরবর্ত্তী যে মি, মো, মু, এবং ম, এই কয় বিভক্তি, তাহাদের অধোভাগে অর্থাৎ ব্যঞ্জনের পর হকার প্রযুক্ত হয়; এবং অস্ ধাতুর লোপ হয়। গতোঽস্মি—গওম্হি। গতাঃ স্ম—গআম্হো, গআম্হু, গআম্হ।

যক ঈঅ ইজ্জৌ ॥ ৮ ॥

যকের স্থানে ঈঅ এবং ইজ্জ আদেশ হয়। পঠ্যতে—পঢ়ীঅই, পঢ়িজ্জই। সহ্যতে—সহীঅই, সহিজ্জই।

নান্ত্যদ্বিত্বে ॥ ৯ ॥

ধাতুর অন্ত্যবর্ণের দ্বিত্ব হইলে যকের স্থানে ঈঅ এবং ইজ্জ হয় না। হস্যতে—হস্সই। গম্যতে—গম্মই। (গম প্রভৃতি ধাতুর অন্ত্যবর্ণের দ্বিত্ব হয় বিকল্পে, সুতরাং দ্বিত্বের অভাব স্থলে ঈঅ এবং ইজ্জ হইয়া থাকে।) গমীঅই, গমিজ্জই।

ন্ত-মাণৌ শতৃ-শানচোঃ ॥ ১০ ॥

শতৃ এবং শানচ্ এই উভয় প্রত্যয়ের প্রত্যেকের স্থানে ন্ত এবং মাণ এই দুই আদেশ হয়। শতৃ। পঠন্—পঢ়ন্তো, পঢ়মাণো। হসন্—হসন্তো, হসমাণো। শানচ্। (রমমানঃ—রমন্তো, রমমাণো)।

ঈ চ স্ত্রিয়াম্ ॥ ১১ ॥

স্ত্রীলিঙ্গে বর্ত্তমান শতৃ এবং শানচ্ প্রত্যয়ের স্থানে ঈ হয়, এবং পূর্ব্বোক্ত ন্ত এবং মাণও হয়। হসন্তী—হসঈ, হসন্তা, হসমাণা। বেপমানা—বেবঈ, বেবন্তী, বেবমাণা।

ধাতোর্ভবিষ্যতি হিঃ ॥ ১২ ॥

ভবিষ্যৎ কাল বুঝাইলে ধাতুর পর (বিভক্তির পূর্ব্বে) হিশব্দ প্রযুক্ত হয়। ভবিষ্যতি—হোহিই। হসিষ্যতি—হসিহিই। ভবিষ্যন্তি—হোহিন্তি। হসিষ্যন্তি—হসিহিন্তি।

উত্তমে স্সাহাচ ॥ ১৩ ॥

ভবিষ্যৎ কাল বুঝাইলে উত্তমপুরুষাভিধায়ক বিভক্তির পূর্ব্বে ধাতুর পর স্সা, হা, এবং হি প্রযুক্ত হয়। ভবিষ্যামি—হোস্সামি, হোহামি, হোহিমি। ভবিষ্যামঃ—হোস্সামো, হোহামো, হোহিমো। ইত্যাদি।

মিনা স্সং বা ॥ ১৪ ॥

ভবিষ্যৎ কাল বুঝাইলে উত্তমপুরুষের একবচন মি বিভক্তির সহিত (অর্থাৎ মি বিভক্তির পরিবর্ত্তে) ধাতুর পর স্সং শব্দ প্রযুক্ত হয়, বিকল্পে। ভবিষ্যামি—হোস্সং। বিকল্প পক্ষে হোস্সামি, হোহামি, হোহিমি।

মো মু মৈ হিস্সা হিত্থা ॥ ১৫ ॥

ভবিষ্যৎ কালে বিহিত বিভক্তির উত্তমপুরুষের বহুবচনের স্থানে আদিষ্ট মো, মু, এবং ম, এই তিনের স্থানে হিস্সা এবং হিত্থা শব্দ প্রযুক্ত

হয়, বিকল্পে। ভবিষ্যামঃ—হোহিস্‌সা, হোহিত্থা। হসিষ্যামঃ—হসিহিস্‌সা, হসিহিত্থা। বিকল্প পক্ষে। হোহিমো, হোস্‌সামো, হোহামো। হসিহিমো, হসিস্‌সামো, হসিহামো। মু এবং ম বিভক্তিতেও এইরূপ প্রয়োগ হইয়া থাকে।

কৃ-দা-শ্রু-বচি-গমি-রুদি-দৃশ-বিদিরূপাণাং কাহং, দাহং, সোচ্ছং, বোচ্ছং, গচ্ছং, রোচ্ছং, দচ্ছং, বেচ্ছং ॥ ১৬ ॥

ভবিষ্যৎ কালে বিহিত বিভক্তির উত্তমপুরুষের একবচনে কৃ প্রভৃতি ধাতুর স্থানে (বিভক্তির সহিত) যথাক্রমে কাহং প্রভৃতি আদেশ হয়। করিষ্যামি—কাহং। দাস্যামি—দাহং। শ্রোষ্যামি—সোচ্ছং। বক্ষ্যামি—বোচ্ছং। গমিষ্যামি—গচ্ছং। রোদিষ্যামি—রোচ্ছং। দ্রক্ষ্যামি—দচ্ছং। বেৎস্যামি—বেচ্ছং। ইত্যাদি।

শ্রাদীনাং ত্রিম্বপ্যনুস্বারবর্জং হিলোপশ্চ বা ॥ ১৭ ॥

ভবিষ্যৎ কালে বিহিত বিভক্তির প্রথমপুরুষ, মধ্যমপুরুষ, এবং উত্তমপুরুষ পরে থাকিলে শ্রু প্রভৃতি ধাতুর স্থানে সোচ্ছং প্রভৃতি (পূর্ব্বোক্ত) আদেশ হয়, এই সমস্ত আদেশে অনুস্বার থাকে না, (অর্থাৎ সোচ্ছ ইত্যাদি রূপ হয়), এবং ভবিষ্যৎ কালাভিধায়ক বিভক্তির পূর্ব্বে প্রযুক্ত হি'র লোপ হয় বিকল্পে।

শ্রোষ্যতি—সোচ্ছিই, সোচ্ছিহিই। শ্রোষ্যন্তি—সোচ্ছিংতি সোচ্ছিহিংতি। শ্রোষ্যসি—সোচ্ছিসি, সোচ্ছিহিসি। শ্রোষ্যথ—সোচ্ছিত্থা, সোচ্ছিহিত্থা। শ্রোষ্যামি—সোচ্ছিমি, সোচ্ছিহিমি। শ্রোষ্যামঃ—সোচ্ছিমো, সোচ্ছিহিমো, সোচ্ছিমু, সোচ্ছিহিমু, সোচ্ছিম, সোচ্ছিহিম, সোচ্ছিস্‌সামো, সোচ্ছিস্‌সামু, সোচ্ছিস্‌সাম।

বোচ্ছিই প্রভৃতি প্রয়োগও এই রীতিতেই হইয়া থাকে।

উ-সু-মু বিধ্যাদি ষেকস্মিন্ ॥ ১৮ ॥

বিধি, অনুজ্ঞা প্রভৃতি অর্থে বিহিত বিভক্তির একবচনের স্থানে প্রথম-পুরুষ, মধ্যমপুরুষ এবং উত্তমপুরুষে যথাক্রমে উ, সু এবং মু এই তিন আদেশ হয়। হসতু—হসউ। হস—হসসু। হসানি—হসমু।

ন্তুহমো বহুষু ॥ ১৯ ॥

বিধ্যাদি অর্থে বিহিত প্রত্যয়ের বহুবচনের স্থানে প্রথমপুরুষ, মধ্যম-পুরুষ এবং উত্তমপুরুষে যথাক্রমে ন্তু, হ, এবং মো, এই তিন আদেশ হয়। হসন্তু—হসংতু। হসথ—হসহ। হসাম—হসামো।

বর্ত্তমানভবিষ্যদনদ্যতনয়ো র্জ্জ্জা বা ॥ ২০ ॥

বর্ত্তমানকাল অর্থে এবং অনদ্যতন ভবিষ্যৎকাল অর্থে ও বিধি প্রভৃতি অর্থে বিহিত প্রত্যয়ের স্থানে জ্জ এবং জ্জা এই দুই আদেশ হয়, বিকল্পে। এবং অন্যান্য সূত্রানুসারে বিহিত রূপও হয়।

বর্ত্তমান। ভবতি—হোজ্জে, হোজ্জা। পক্ষে, হোই। হসতি—হসেজ্জ, হসেজ্জা। পক্ষে, হসই; ইত্যাদি।

ভবিষ্যদনদ্যতনে। ভবিষ্যতি—হোজ্জ, হোজ্জা। পক্ষে, হোহিই; ইত্যাদি। বিধ্যাদি অর্থেও এই প্রকার রূপ হয়।

মধ্যে চ ॥ ২১ ॥

বর্ত্তমান, ভবিষ্যদনদ্যতন এবং বিধ্যাদি অর্থে বিহিত প্রত্যয় ও ধাতু এই উভরের মধ্যে জ্জ এবং জ্জা আগম হয়, বিকল্পে। বর্ত্তমানে। ভবতি—হোজ্জ, হোজ্জাই। পক্ষে, হোই। ভবিষ্যদনদ্যতনে। ভবিষ্যতি—হোজ্জই, হোজ্জাই। পক্ষে, হোহিই; ইত্যাদি। বিধ্যাদি অর্থে। ভবেৎ—হোজ্জউ, হোজ্জাউ; ইত্যাদি।

নানেকাচঃ ॥ ২২ ॥

যদি অনেকাক্ষর ধাতুর পর বর্ত্তমানাদি অর্থে প্রত্যয় বিহিত হয়, তবে তাহাদের মধ্যে জ্জ এবং জ্জা প্রযুক্ত হয় না, কিন্তু অন্তে প্রযুক্ত হয়। হসতি—হসই। ত্বরতে—তুবরই,। অন্তে। হসেজ্জ, হসেজ্জা। তুবরেজ্জ, তুবরেজ্জা। এইরূপ অন্যান্য উদাহরণও বুঝিতে হইবে।

ঈঅ ভূতে ॥ ২৩ ॥

ধাতুর পর অতীত কাল অর্থে বিহিত প্রত্যয়ের স্থানে ঈঅ আদেশ হয়। অভবৎ—হুবীঅ। অহসৎ—হসীঅ।

একাচো হীঅ ॥ ২৪ ॥

একস্বর ধাতুর পর অতীত কালে বিহিত প্রত্যযের স্থানে হীঅ আদেশ হয়। অভূৎ—হোহীঅ।

অস্তেরাসিঃ ॥ ২৫ ॥

অতীত কালে বিহিত প্রত্যয়ের একবচনের সহিত অস্ ধাতুর স্থানে আসি নিপাত হয়। আসীদ্রাজা—আসি রাআ। আসীদ্বধূঃ—আসি বহূ।

ণিচ এদাদেরত আৎ ॥ ২৬ ॥

ধাতু হইতে বিহিত ণিচের স্থানে একার হয়, এবং ধাতুর আদিতে স্থিত অকারের স্থানে আকার হয়। কারয়তি—কারেই। হাসয়তি—হাসেই। পাঠয়তি—পাঢ়েই।

আবেচ ॥ ২৭ ॥

ধাতু হইতে বিহিত ণিচের স্থানে আবে আদেশ হয়, এবং পূর্ব্বোক্ত প্রাপ্ত কার্য্যও হয়। কারয়তি—করাবেই। হাসয়তি—হসাবেই। পাঠয়তি—পঢ়াবেই। কারাবেই, ইত্যাদি।

আবিঃ ক্তকর্ম্মভাবেষু বা ॥ ২৮ ॥

ক্ত প্রত্যয় পরে থাকিলে এবং ভাবে ও কর্ম্মে বিহিত প্রত্যয় পরে থাকিলে ণিচের স্থানে আবি আদেশ হয় বিকল্পে। কারিতম্—করাবিঅং। হাসিতম্—হসাবিঅং। পাঠিতম্—পঢ়াবিঅং। কারিঅং, হাসিঅং, পাঢ়িঅং। ভাবে এবং কর্ম্মবাচ্যে। কার্য্যতে—করাবিজ্জই। হাস্যতে—হসাবিজ্জই। পাঠ্যতে—পঢ়াবিজ্জই। এবং; কারিজ্জই, হাসিজ্জই, পাঢ়িজ্জই। ইত্যাদি।

নৈদাবে ॥ ২৯ ॥

ক্ত এবং ভাব-কর্ম্মবিহিত প্রত্যয় পরে থাকিলে ণিচের স্থানে এৎ এবং আবে আদেশ হয় না। কারিতম্—করাবিঅং। কার্য্যতে—কারিজ্জই, করাবিজ্জই।

অত আ মিপিবা ॥ ৩০ ॥

মিপ্ বিভক্তি পরে থাকিলে অকারান্ত ধাতুর অন্তস্থিত অকারের স্থানে আকার হয়, বিকল্পে। হসামি—হসামি, হসমি।

ইচ্চ বহুষু ॥ ৩১ ॥

বর্ত্তমান কালে বিহিত বিভক্তির উত্তমপুরুষের বহুবচন পরে থাকিলে ধাতুর অন্তস্থিত অকারের স্থানে ইকার এবং আকার হয়। হসামঃ—হসিমো, হসামো, হসিমু, হসামু ইত্যাদি।

ক্তে ॥ ৩২ ॥

ক্ত প্রত্যয় পরে থাকিলে ধাতুর অন্তস্থিত অকারের স্থানে ইকার হয়। হসিতম্—হসিঅং। পঠিতম—পঢ়িঅং।

এচ ক্ত্বা-তুমুন্-তব্য-ভবিষ্যৎসু ॥ ৩৩ ॥

ক্ত্বা, তুমুন্ এবং তব্য প্রত্যয় ও ভবিষ্যৎকালাভিধায়ী প্রত্যয় পরে থাকিলে ধাতুর অন্তস্থিত অকারের স্থানে একার এবং ইকার হয়। হসিত্বা—হসেঊন, হসিঊন। হসিতুম্—হসেউং, হসিউং। হসিতব্যম্—হসেঅব্বং, হসিঅব্বং। হসিষ্যতি—হসেহিহি, হসিহিহি।

লাদেশে বা ॥ ৩৪॥

লাদেশ অর্থাৎ তিঙ্ বিভক্তি পরে থাকিলে ধাতুর অন্তস্থিত অকারের স্থানে একার হয়, বিকল্পে। হসতি—হসেই, হসই। পঠতি—পঢ়েই, পঢ়ই। হসন্তি—হসেংতি, হসংতি। হসতু—হসেউ, হসউ, ইত্যাদি।

সপ্তমঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ।

সপ্তম পরিচ্ছেদ সমাপ্ত হইল।

অষ্টমঃ পরিচ্ছেদঃ।

ভুবো হো-হুবৌ ॥ ১ ॥

সত্তার্থবাচী ভূধাতুর স্থানে হো এবং হুব আদেশ হয়। ভবতি—হোই, হুবই। ভবন্তি—হোংতি, হুবংতি।

ক্তে হুঃ ॥ ২ ॥

ক্ত প্রত্যয় পরে থাকিলে ভূধাতুর স্থানে হু আদেশ হয়। ভূতম্—হুঅং।

প্রাদের্ভবঃ ॥ ৩ ॥

প্র প্রভৃতি উপসর্গের পরবর্ত্তী ভূধাতুর স্থানে ভব আদেশ হয়। প্রভবতি—পভবই। উদ্‌ভবতি—উব্‌ভবই। সম্ভবতি—সংভবই। পরিভবতি—পরিভবই।

ত্বর স্তুবরঃ ॥ ৪ ॥

(ঞিত্বরা সম্‌ভ্রমে) ত্বর ধাতুর স্থানে তুবর আদেশ হয়। ত্বরতে—তুবরই।

ক্তে তুরঃ ॥ ৫ ॥

ক্ত প্রত্যয় পরে থাকিলে ত্বরধাতুর স্থানে তুর আদেশ হয়। ত্বরিতম্—তুরিঅং।

ঘুণো ঘোলঃ ॥ ৬ ॥

ভ্রমণার্থ ঘুণ ধাতুর স্থানে ঘোল আদেশ হয়। ঘোণতে—ঘোলই।

ণুদো গোল্লঃ ॥ ৭ ॥

প্রেরণার্থ ণুদধাতুর স্থানে গোল্ল আদেশ হয়॥ ণুদতি—গোল্লই। প্রণুদতি—পণোল্লই।

দূঙো দূমঃ ॥ ৮ ॥

পরিতাপার্থ দূঙ্ ধাতুর স্থানে দূম আদেশ হয়। দূয়তে—দূমই।

পটেঃ ফলঃ ॥ ৯ ॥

গত্যর্থ পট ধাতুর স্থানে ফল আদেশ হয়। পটিতং হৃদয়ম্—ফলিঅং হিঅঅং

পদেঃ পালঃ ॥ ১০ ॥

গত্যর্থ পদ ধাতুর স্থানে পাল আদেশ হয়। পদ্যতে—পালেই।

বৃষ-কৃষ-মৃষ-হৃষা মৃতোঽরিঃ ॥ ১১ ॥

বৃষ প্রভৃতি ধাতুর ঋকারের স্থানে অরি আদেশ হয়। বর্ষতি—বরিসই। কর্ষতি—করিসই। মর্ষতি, মর্ষতে, মৃষ্যতে বা—মরিসই। হৃষ্যতি—হরিসই।

ঋতোঽরঃ ॥ ১২ ॥

ঋকারান্ত ধাতুর ঋকারের স্থানে অর আদেশ হয়। ম্রিয়তে—মরই। সরতি, সর্তি বা—সরই। বৃণীতে, বৃণুতে, বৃণোতি বা—বরই।

কৃঞঃ কুণোবা ॥ ১৩ ॥

করণার্থ কৃ ধাতুর স্থানে কুণ আদেশ হয়, বিকল্পে। করোতি—কুণই, করই।

জৃম্ভো জংভাঅঃ ॥ ১৪ ॥

(জৃভী গাত্রবিনামে) জৃভ ধাতুর স্থানে জংভাঅ আদেশ হয়। জৃম্ভতে—জংভাঅই। জৃম্ভন্তে—জংভাঅন্তি।

গ্রহে র্গেণ্হঃ ॥ ১৫ ॥

(গ্রহ উপাদানে) গ্রহ ধাতুর স্থানে গেণ্হ আদেশ হয়। গৃহ্ণাতি—গেণ্হই।

ঘেৎ ক্ত্বা-তুমুন্-তব্যেষু ॥ ১৬ ॥

ক্ত্বা, তুমুন্ এবং তব্য প্রত্যয় পরে থাকিলে গ্রহ ধাতুর স্থানে ঘেত্ আদেশ হয়। গৃহীত্বা—ঘেত্তূণ। গ্রহীতুম্—ঘেত্তুং। গ্রহীতব্যম্—ঘেত্তব্বং।

কৃঞঃ কা ভূতভবিষ্যতোশ্চ ॥ ১৭ ॥

অতীতকালবাচী এবং ভবিষ্যৎকালবাচী প্রত্যয় ও ক্ত্বা, তুমুন এবং তব্য প্রত্যয় পরে থাকিলে কৃধাতুর স্থানে কা আদেশ হয়। অকরোৎ—কাহীঅ। করিষ্যতি—কাহিই। কৃত্বা—কাউণ। কর্ত্তুম্—কাউং। কর্ত্তব্যম্—কাঅব্বং।

স্মরতে র্ভর-সুমরৌ ॥ ১৮ ॥

স্মধাতুর স্থানে ভর এবং সুমর আদেশ হয়। স্মরতি—ভরই, সুমরই।

ভিয়ো ভা-বীহৌ ॥ ১৯ ॥

(ঞি ভী ভয়ে) ভী ধাতুর স্থানে ভা এবং বীহ আদেশ হয়। বিভেতি—ভাই, বীহই।

জিঘ্রতেঃ পা-পাঔ ॥ ২০ ॥

(ঘ্রা গন্ধগ্রহণে) ঘ্রাধাতুর স্থানে পা এবং পাঅ আদেশ হয়। জিঘ্রতি—পাই, পাঅই।

ম্লৈ (ম্লায়ো) বা-বাঔ ॥ ২১ ॥

(ম্লৈ হর্ষক্ষয়ে) ম্লাধাতুর স্থানে বা এবং বাঅ আদেশ হয়। ম্লায়তি —বাই, বাঅই।

তৃপ স্থিংপঃ* ॥ ২২ ॥

(তৃপ্ তৃপ্তৌ) তৃপধাতুর স্থানে থিংপ আদেশ হয়। তৃপ্যতি— থিংপই।

জ্ঞো জাণ-মুণৌ ॥ ২৩ ॥

(জ্ঞা অববোধনে) জ্ঞাধাতুর স্থানে জাণ এবং মুণ আদেশ হয়। জানাতি—জাণই, মুণই ।

জল্পে র্লো মঃ ॥ ২৪ ॥

(জল্প বাক্তায়াং বাচি) জল্প ধাতুর লকারের স্থানে ম হয়। জল্পতি —জংপই।

ষ্ঠা-ধ্যা-গানাং ঠাঅ-ঝাঅ-গাআঃ ॥ ২৫ ॥

(ষ্ঠা গতিনিবৃত্তৌ, ধ্যৈ চিন্তায়াম্, গৈ শব্দে) ষ্ঠাধাতু, ধ্যৈধাতু, এবং গৈধাতুর স্থানে যথাক্রমে ঠাঅ, ঝাঅ, এবং গাঅ আদেশ হয়। তিষ্ঠন্তি— ঠাঅন্তি। ধ্যায়ন্তি—ঝাঅন্তি। গায়ন্তি—গাঅন্তি।

ঠা-ঝা-গাশ্চ বর্ত্তমানভবিষ্যদ্বিধ্যাদ্যেকবচনেষু ॥ ২৬ ॥

বর্ত্তমান কাল এবং ভবিষ্যৎ কালের বাচক বিভক্তির, ও বিধ্যাদি অর্থে বিহিত বিভক্তির, একবচন পরে থাকিলে, স্থা, ধ্যা এবং গা ধাতুর স্থানে ঠা, ঝা এবং গা আদেশ হয়। ঠাঅ প্রভৃতি পূর্ব্বোক্ত আদেশও হয়। তিষ্ঠতি—ঠাই, ঠাঅই। স্থাস্যতি—ঠাহিই, ঠাঅহিই। তিষ্ঠতু—ঠাউ,

---

* তৃপ স্থিপ্পঃ। পাঠান্তরম্।

ঠাঅউ। ধ্যায়তি—ঝাই, ঝাঅই। ধ্যাস্যতি—ঝাহিই, ঝাঅহিই। ধ্যায়তু ঝাউ, ঝাঅউ। গায়তি—গাই, গাঅই। গাস্যতি—গাহিই, গাঅহিই। গায়তু - গাউ, গাঅউ।

খাদি-ধাব্যোঃ খা-ধৌ ॥ ২৭ ॥

(খাদৃ ভক্ষণে, ধাবু জবে) পূর্ব্বোক্ত বর্ত্তমানাদিকালে বিহিত বিভক্তির একবচন পরে থাকিলে, খাদধাতুর স্থানে খা, এবং ধাবধাতুর স্থানে ধা আদেশ হয়। খাদতি—খাই। খাদিষ্যতি—খাহিই। খাদতু—খাউ। ধাবতি—ধাই। ধাবিষ্যতি—ধাহিই। ধাবতু—ধাউ।

গ্রসে র্বিসঃ ॥ ২৮ ॥

(গ্রসু অদনে) গ্রসধাতুর স্থানে বিস আদেশ হয়। গ্রসতি—বিসই।

চিঞঃ শ্চিণঃ ॥ ২৯ ॥

(চিঞ্ চয়নে) চিঞ্ ধাতুর স্থানে চিণ আদেশ হয়। চিনোতি—চিণই।

ক্রীঞঃ কিণঃ ॥ ৩০ ॥

(ডুক্রীঞ্ দ্রব্যবিনিময়ে) ক্রীঞ্ ধাতুর স্থানে কিণ আদেশ হয়। ক্রীণাতি—কিণই।

বেঃ ক্কে চ ॥ ৩১ ॥

বিউপসর্গের পরবর্ত্তী ক্রীধাতুর স্থানে ক্কে এবং কিণ আদেশ হয়। বিক্রীনাতি—বিক্কেই, বিক্কিণই।

উদ্ধ্মো উদ্ধুমা ॥ ৩২ ॥

(ধ্মা শব্দাগ্নিসংযোগয়োঃ) উদউপসর্গের পরবর্ত্তী ধ্মা ধাতুর স্থানে উদ্ধুমা আদেশ হয়। উদ্ধমতি—উদ্ধুমাই।

শ্রদো ধো দহঃ ॥ ৩৩ ॥

শ্রৎ শব্দের পরবর্ত্তী ধা ধাতুর স্থানে দহ আদেশ হয়। শ্রদ্ধধাতি—সদ্দহই।

অবাদ্গাহে র্বাহঃ ॥ ৩৪ ॥

অবউপসর্গের পরবর্ত্তী গাহ ধাতুর স্থানে বাহ আদেশ হয়। অবগাহতে—ওবাহই, অববাহই।

কাসের্বাসঃ ॥ ৩৫ ॥

(কাসৃ শব্দকুৎসায়াম্) অবউপসর্গের পরবর্ত্তী কাস ধাতুর স্থানে বাস আদেশ হয়। অবকাসতে—ওবাসই, অববাসই।

নিরো মাঙো মাণঃ ॥ ৩৬ ॥

(মাঙ্ মানে) নির্ উপসর্গের পরবর্ত্তী মাঙ্ ধাতুর স্থানে মাণ আদেশ হয়। নির্ম্মিমীতে—ণিম্মাণই।

ক্ষিয়ো ঝিজ্জঃ ॥ ৩৭ ॥

(ক্ষি ক্ষয়ে) ক্ষিধাতুর স্থানে ঝিজ্জ আদেশ হয়। ক্ষয়তি—ঝিজ্জই।

ভিদি-চ্ছিদ্যোরন্ত্যস্য ন্দঃ ॥ ৩৮ ॥

(ভিদির্ বিদারণে, ছিদির্ দ্বিধাকরণে) ভিদ্ধাতু এবং ছিদ্ ধাতুর অন্ত্যবর্ণের স্থানে ন্দ হয়। ভিনত্তি—ভিন্দই। ছিনত্তি—ছিন্দই।

ক্বথে র্ঢঃ ॥ ৩৯ ॥

(ক্বথে নিষ্পাকে) ক্বথ ধাতুর অন্ত্যবর্ণের স্থানে ঢ হয়। ক্বথতি—কঢ়ই।

বেষ্টে শ্চ ॥ ৪০ ॥

(বেষ্ট বেষ্টনে) বেষ্টধাতুর অন্ত্যবর্ণের স্থানে ঢ হয়। বেষ্টতি—বেড্ঢই।

উৎ-সমো র্লঃ ॥ ৪১ ॥

উৎ এবং সং উপসর্গের পরবর্ত্তী বেষ্টধাতুর অন্ত্যবর্ণের স্থানে ল হয়। উদ্‌বেষ্টতি—উব্বেল্লই। সংবেষ্টতি—সংবেল্লই।

রুদে র্বঃ ॥ ৪২ ॥

রুদ ধাতুর অন্ত্যবর্ণের স্থানে ব হয়। রোদিতি—রুবই।

উদো বিজঃ ॥ ৪৩ ॥

উদ্‌উপসর্গের পরবর্ত্তী বিজ্ ধাতুর অন্ত্যবর্ণের স্থানে ব হয়। উদ্বিজতে—উব্বিবই।

বৃধে র্ঢঃ ॥ ৪৪ ॥

(বৃধুবর্দ্ধনে) বৃধ্ ধাতুর অন্ত্যবর্ণের স্থানে ঢ হয়। বর্দ্ধতে—বড্‌ঢই।

হন্তে র্ম্মঃ ॥ ৪৫ ॥

হন্‌ধাতুর অন্ত্যবর্ণের স্থানে ম্ম হয়। হন্তি—হম্মই।

রুষাদীনাং দীর্ঘতা ॥ ৪৬ ॥

রুষ প্রভৃতি ধাতুর উকারের স্থানে দীর্ঘ হয়। রুষ্যতি—রূসই। তুষ্যতি—তূষই। শুষ্যতি শূসই।

চ্চো ব্রজ-নৃত্যোঃ ॥ ৪৭ ॥

ব্রজ এবং নৃতী ধাতুর অন্ত্যবর্ণের স্থানে চ্চ হয়। ব্রজতি—বচ্চই। নৃত্যতি—ণচ্চই।

যুধি-বুধ্যতে র্ঝঃ ॥ ৪৮ ॥

(যুধসংপ্রহারে, বুধ অবগমনে) যুধ্ এবং বুধ্ ধাতুর অন্ত্যবর্ণের স্থানে ঝ হয়। যুধ্যতে—জুজ্‌ঝই। বুধ্যতে—বুজ্‌ঝই।

রুধে ন্ধ-ম্ভৌ ॥ ৪৯ ॥

রুধ্ ধাতুর অন্ত্যবর্ণের স্থানে ন্ধ এবং ম্ভ হয়। রুণদ্ধি—রুন্ধই, রুম্ভই।

মৃদো লঃ ॥ ৫০ ॥

(মৃদ্ ক্ষোদে,) মৃদ্‌ধাতুর অন্ত্যবর্ণের স্থানে ল হয়। মৃদ্নাতি—মলই।

শদ্-পত্যো র্ডঃ ॥ ৫১ ॥

(শদ্ শাতনে, পত্ পতনে) শদ্‌ধাতু এবং পত্ ধাতুর অন্ত্য বর্ণের স্থানে ড হয়। শীয়তে—সড়ই। পততি—পড়ই।

শকাদীনাং দ্বিত্বম্ ॥ ৫২ ॥

(শক্ শক্তৌ) শক্ প্রভৃতি ধাতুর অন্ত্যবর্ণের দ্বিত্ব হয়। শক্নোতি—সক্কই। লগতি—লগ্গই।

স্ফুটি-চল্যো র্বা ॥ ৫৩ ॥

(স্ফুট বিকসনে, চল কম্পনে) স্ফুট্ এবং চল্‌ধাতুর অন্ত্যবর্ণের দ্বিত্ব হয়, বিকল্পে। স্ফুটতি—ফুড্ডই, ফুড়ই। চলতি—চল্লই, চলই।

প্রাদে র্মীলঃ ॥ ৫৪ ॥

(মীল নিমেষণে) প্রাদি উপসর্গের পরবর্ত্তী মীলধাতুর অন্ত্যবর্ণের দ্বিত্ব হয় বিকল্পে। প্রমীলতি—পমিল্লই, পমীলই।

ভুজাদীনাং ক্ত্বা-তুমুন্-তব্যেষু লোপঃ ॥ ৫৫ ॥

ক্ত্বা, তুমুন্ এবং তব্য প্রত্যয় পরে থাকিলে ভুজ্ প্রভৃতি ধাতুর অন্ত্য বর্ণের লোপ হয়। ভুজ্। ভুক্ত্বা—ভোত্তূণ। ভোক্তুম্—ভোত্তুং। ভোক্তব্যম্—ভোত্তব্বং। বিদ্। বিদিত্বা—বেত্তূণ। বেদিতুম্—বেত্তুং। বেদিতব্যম্—বেত্তব্বং। রুদ্। রুদিত্বা—রোত্তূণ। রোদিতুম্—রোত্তুং। রোদিতব্যম্—রোত্তব্বং।

শ্রু হু জি লূ ধুবাং ণো হ্রস্বশ্চ * ॥ ৫৬ ॥

(শ্রু শ্রবণে, হু দানে, জি জয়ে, লূঞ্ ছেদনে, ধূঞ্ কম্পনে) শ্রু প্রভৃতি ধাতুর পর ণকার প্রযুক্ত হয়, এবং দীর্ঘ অন্ত্যবর্ণের স্থানে হ্রস্ব হয়। শৃণোতি—সুণই। জুহোতি—হুণই। জয়তি—জিণই। লুনাতি—লুণই। ধূনোতি—ধুণই।

ভাবকর্ম্মণো র্ব্ব শ্চ ॥ ৫৭ ॥

ভাববিহিত এবং কর্ম্মবিহিত প্রত্যয় পরে থাকিলে শ্রু প্রভৃতি ধাতুর পর ব্ব এবং ণ প্রযুক্ত হয়। শ্রূয়তে—সুব্বই, সুণিজ্জই। হূয়তে—হুব্বই, হুণিজ্জই। জীয়তে—জিব্বই, জিণিজ্জই। লূয়তে—লুব্বই, লুণিজ্জই। ধূয়তে—ধুব্বই, ধুণিজ্জই।

গমাদীনাং দ্বিত্বং বা ॥ ৫৮ ॥

ভাববিহিত এবং কর্ম্মবিহিত প্রত্যয় পরে থাকিলে গম্ প্রভৃতি ধাতুর অন্ত্য বর্ণের দ্বিত্ব হয়, বিকল্পে। গম্যতে—গম্মই, গমিজ্জই। রম্যতে—রম্মই, রমিজ্জই। হস্যতে—হস্সই, হসিজ্জই।

লিহে লিজ্ঝঃ ॥ ৫৯ ॥

(লিহ্ আস্বাদনে) ভাব-কর্ম্মবিহিত প্রত্যয় পরে থাকিলে লিহ ধাতুর স্থানে লিজ্ঝ আদেশ হয়। লিহ্যতে—লিজ্ঝই।

হৃ-ক্রো হীর-কীরৌ ॥ ৬০ ॥

(হৃঞ্ হরণে, ডুকৃঞ্ করণে) ভাবকর্ম্মবিহিত প্রত্যয় পরে থাকিলে হৃধাতুর স্থানে হীর এবং কৃধাতুর স্থানে কীর আদেশ হয়। হ্রিয়তে—হীরই। ক্রিয়তে—কীরই।

* "হ্রস্বাস্য" পাঠান্তরম্।

গ্রহে দীর্ঘো বা ॥ ৬১ ॥

ভাবকর্ম্মবিহিত প্রত্যয় পরে থাকিলে গ্রহধাতুর অকারের স্থানে দীর্ঘ হয়, বিকল্পে। গৃহ্যতে—গাহিজ্জই, গহি

ক্তেন দিণ্ণাদয়ঃ ॥ ৬২ ॥

দা প্রভৃতি ধাতুর স্থানে ক্ত প্রত্যয়ের সহিত দিণ্ণপ্রভৃতি নিপাত হয়। দত্তম্—দিণ্ণং। রুদিতম্—রুণ্ণং। ত্রস্তম্—হিত্থং। দগ্ধম্—দড্ঢং। রক্তম্—রত্তং।

খিদে র্বিসূরঃ ॥ ৬৩ ॥

(খিদ্ দৈন্যে) খিদ্‌ধাতুর স্থানে বিসূর আদেশ হয়। খিদ্যতে —বিসূরই। বিসূরই বিরহেণ বালা—খিদ্যতে বিরহেণ বালা।

ক্রুধে র্জূরঃ ॥ ৬৪ ॥

ক্রুধ্ ধাতুর স্থানে জূর আদেশ হয়। ক্রুধ্যতি—জূরই।

চর্চ্চে শ্চংপঃ ॥ ৬৫ ॥

(চর্চ্চ অধ্যয়নে) চর্চ্চ ধাতুর স্থানে চংপ আদেশ হয়। চর্চ্চয়তি—চংপই।

ত্রসে র্বজ্জঃ ॥ ৬৬ ॥

(ত্রসী উদ্বেগে) এসধাতুর স্থানে বজ্জ আদেশ হয়। ত্রস্যতি—

মৃজে র্লুভ-সুপৌ ॥ ৬৭ ॥

(মৃজু শুদ্ধৌ) মৃজ্‌ধাতুর স্থানে লুভ এবং সুপ আদেশ হয়। মার্ষ্টি· লুভই, সুপই।

বুড্ড-খুপ্পা মস্‌জেঃ ॥ ৬৮ ॥

মস্‌জ ধাতুর স্থানে বুড্ড এবং খুপ্প আদেশ হয়। মজ্জ্‌তি—বুড্ডই, খুপ্পই।

দৃশেঃ পুলঅ-ণিঅক্ক-অবকৃথাঃ ॥ ৬৮ ॥

(দৃশির্‌ প্রেক্ষণে) দৃশ্‌ ধাতুর স্থানে পুলঅ, ণিঅক্ক, এবং অবকৃথ আদেশ হয়। পশ্যতি—পুলঅই, ণিঅক্কই, অবকৃথই।

শকে স্তর-বঅ-তীরাঃ ॥ ৭০ ॥

(শক্ল শক্তৌ) শক্‌ ধাতুর স্থানে তর, বঅ এবং তীর আদেশ হয়। শক্লোতি—তরই, বঅই, তীরই।

শেষাণা মদন্ততা ॥ ৭১ ॥

অবশিষ্ট সমস্ত (ব্যঞ্জনান্ত) ধাতুই অকারান্ত রূপে প্রযুক্ত হয়। ভ্রমতি—ভমই। চুম্বতি—চুম্বই।

অষ্টমঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ।

অষ্টম পরিচ্ছেদ সমাপ্ত হইল।

নবমঃ পরিচ্ছেদঃ।

নিপাতাঃ ॥ ১ ॥

অতঃপর এই পরিচ্ছেদে বক্তব্য শব্দগুলি নিপাত নামে অভিহিত।

হুং দান-পৃচ্ছা-নির্দ্ধারণেষু ॥ ২ ॥

দান, পৃচ্ছা (প্রেরণা) এবং নির্দ্ধারণ অর্থে হুং শব্দের নিপাত সংজ্ঞা হয়। (অর্থাৎ নিপাতনে এই সকল শব্দ সিদ্ধ হয়।) দানার্থে। হুং গৃহাণ আত্মনো জীবম্—হুং গেণ্হ অপ্পণো জীঅং। পৃচ্ছা অর্থে। হুং কথয় সাধুষু সদ্ভাবম্—হুং কধেহি সাহুস্থ সব্ভাবম্। নির্দ্ধারণ অর্থে। হুং ভব তূষ্ণীকঃ—হুং হুবস্থ তুণ্হিক্কো।

বিঅ বেঅ অবধারণে ॥ ৩ ॥

অবধারণার্থে বিঅ এবং বেঅ শব্দের নিপাত সংজ্ঞা হয়। এবমেব—এবং বিঅ, এবং বেঅ।

ও সূচনা-পশ্চাত্তাপ-বিকল্পেষু ॥ ৪ ॥

সূচনা, পশ্চাত্তাপ এবং বিকল্প অর্থে ও শব্দের নিপাত সংজ্ঞা হয়। ও চিরয়সি—ও চিরঅসি। (গাথাতেই এই শব্দের ব্যবহার দেখা যায়)।

ইর কির কিলা অনিশ্চিতাখ্যানে ॥ ৫ ॥

অনিশ্চিতের কথন অর্থে ইর, কির এবং কিল শব্দের নিপাত সংজ্ঞা হয়। প্রেক্ষস্ব কিল তেন হতঃ—পেক্খ ইর তেন হদো। অদ্য কিল তেন ব্যবসিতঃ—অজ্জ কির তেণ ববসিও। অয়ং কিল স্বপ্নঃ—অঅং কিল সিবিণও।

হুং কৃখু নিশ্চয়-বিতর্ক-সম্ভাবনেষু ॥ ৬ ॥

নিশ্চয়, বিতর্ক এবং সম্ভাবনা অর্থে হুং এবং কৃখু এই দুই নিপাত হয়। হুং রাক্ষসঃ—হুং রকৃখসো। গুরুঃ খলু ভারঃ—গুরুও কৃখু ভারো।

ণবরঃ কেবলে ॥ ৭ ॥

কেবল অর্থে ণবর নিপাত হয়। কেবল মন্যৎ—ণবর অণ্ণং।

আনন্তর্য্যে ণবরি ॥ ৮ ॥

আনন্তর্য্য অর্থে ণবরি নিপাত হয়। ণবরি অ লঙ্কা দিট্ঠো* (সেতুবন্ধ। ৪। ৫৫।)

কিণো প্রশ্নে ॥ ৯ ॥

প্রশ্ন অর্থে কিণো নিপাত হয়। কিন্নু ধূয়সে?—কিণো ধুধ্বসি? কিন্নু হসসি?—কিণো হসসি?

অব্বো দুঃখ-সূচনা-সম্ভাবনেষু ॥ ১০ ॥

দুঃখ, সূচনা এবং সম্ভাবনা অর্থে অব্বো নিপাত হয়। দুঃখ অর্থে। অহো কজ্জলরসরঞ্জিতাভ্যাং অক্ষিভ্যাম্—অব্বো কজ্জলরসরংজিএহিং অচ্ছীহিং। সূচনা অর্থে। অহো অপরমিব—অব্বো অবরং বিঅ। সম্ভাবনা অর্থে। অহো এন মিবান্তং—অব্বো ণমিব অন্তং।

অলাহি নিবারণে ॥ ১১ ॥

নিবারণ অর্থে অলাহি নিপাত হয়। অলং কলহলেশেন—অলাহি কলহলেসেণ। অলং কলহবন্ধেন—অলাহি কলহবন্ধেণ।

* অনন্তরং চ লঙ্কা দৃষ্টা।

অই বলে সম্ভাষণে ॥ ১২ ॥

সম্ভাষণ অর্থে অই এবং বলে নিপাত হয়। অয়ি অপি মূলং প্রশু-ব্যতি—অই অবি মূলং পস্সুসই। অয়ি কিং কলয়সি—বলে কিং কলেসি।

ণবি বৈপরীত্যে ॥১৩॥

বৈপরীত্য অর্থে ণবি নিপাত হয়। বিপরীতং তথা প্রহসতি বালা—ণবি তহ পহসই বালা।

সূ কুৎসায়াম্ ॥১৪॥

কুৎসা অর্থে স্থ নিপাত হয়। ধিক্ স্বপ্নম্—স্থ সিবিণং।

রে অরে হিরে সম্ভাষণ-রতিকলহাক্ষেপেষু ॥১৫॥

সম্ভাষণ, রতিকলহ এবং আক্ষেপ অর্থে ক্রমে রে, অরে এবং হিরে নিপাত হয়। রে মা কুরুষ্ব—রে মা করেহি। নাগোঽসি অরে—ণাওসি অরে। দৃষ্টোঽসি রে—দিট্‌ঠোসি হিরে।

ম্মিব মিব বিঅ ইবার্থে ॥ ১৬ ॥

ইব শব্দের অর্থে ম্মিব, মিব এব বিঅ নিপাত হয়। গগণমিব—গঅণংম্মিব, গঅণং মিব, গঅণং বিঅ।

অজ্জ আমন্ত্রণে ॥ ১৭ ॥

সম্বোধন অর্থে অজ্জ নিপাত হয়। অহো মহানুভাব কিং করোসি—অজ্জ মহাণহাব কিং করেসি।

শেষঃ সংস্কৃতাৎ ॥ ১৮ ॥

যাহা বলা হইয়াছে, তাহার অতিরিক্ত বিষয়, (প্রত্যয়, সমাস, তদ্ধিত, লিঙ্গ প্রভৃতি সংস্কৃতের নিয়মানুসারে বুঝিতে হইবে।

নবমঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ।

নবম পরিচ্ছেদ সমাপ্ত হইল।

দশমঃ পরিচ্ছেদঃ।

পৈশাচী ॥ ১ ॥

পিশাচদিগের ভাষার নাম পৈশাচী।

প্রকৃতিঃ শৌরসেনী ॥ ২ ॥

পৈশাচী ভাষার মূল শৌরসেনী ভাষা। শৌরসেনীভাষাতে কতকগুলি বিশেষ নিয়ম প্রবর্ত্তিত হইয়া পৈশাচী ভাষার সৃষ্টি করিয়াছে।

বর্গাণাং তৃতীয়-চতুর্থয়োঃ রযুজো রনাদ্যো রাদ্যৌ ॥ ৩ ॥

আদিতে বর্ত্তমান নহে এমন অসংযুক্ত, বর্গের তৃতীয় এবং চতুর্থবর্ণের স্থানে ক্রমে সেই সেই বর্গের প্রথম এবং দ্বিতীয় বর্ণ হয়। গগনম্—গকণং। মেঘঃ—মেখো। রাজা—রাচা। নির্ঝরঃ—নিচ্ছরো। বড়িশম্—বটিসং। দশবদনঃ—দসবতনো। মাধবঃ—মাথবো। গোবিন্দঃ—গোবিংতো। সরভসম্—সরফসং। শলভঃ—সলফো। সংযুক্ত স্থলে হয় না। সংগ্রামঃ—সগ্গামো। ব্যাঘ্রঃ—বগ্ঘো।

ইবস্য পিবঃ ॥ ৪ ॥

ইব শব্দের স্থানে পিব আদেশ হয়। কমলমিব—কমলং পিব।

ণো নঃ ॥ ৫ ॥

ণকারের স্থানে দন্ত্য ন হয়। তরুণী—তলুনী।

ষ্টস্য সটঃ ॥ ৬ ॥

শব্দের অবয়ব যে ষ্ট, তাহার স্থানে সট আদেশ হয়। কষ্টং মম বর্ত্ততে—কসটং মম বট্টই।

স্নস্য সনঃ ॥ ৭ ॥

শব্দের অবয়ব যে স্ন, তাহার স্থানে সন আদেশ হয়। স্নানম্—সনানং। স্নেহঃ—সনেহঃ।

র্য্যস্য রিঅঃ ॥ ৮ ॥

শব্দের অবয়ব যে র্য্য, তাহার স্থানে রিঅ হয়। ভার্য্যা—ভারিআ।

জ্ঞস্য ঞ্জঃ ॥ ৯ ॥

শব্দের অবয়ব যে জ্ঞ, তাহার স্থানে ঞ্জ হয়। বিজ্ঞাতঃ—বিঞ্জাতো। সর্ব্বজ্ঞঃ—সব্বঞ্জো।

কন্যায়াং ন্যস্য ॥ ১০ ॥

কন্যাশব্দের অবয়ব যে ন্য, তাহার স্থানে ঞ্জ হয়। কন্যা—কঞ্জা।

ঞ্জস্য চ্চ ॥ ১১ ॥

শৌরসেনী ভাষায় সাধিত যে ঞ্জ, তাহার স্থানে চ্চ হয়। কার্য্যম্ (শৌরসেনী) কঞ্জং—কচ্চং।

রাজ্ঞো রাচিঃ টা-ঙসি-ঙস্-ঙিষু ॥ ১২ ॥

টা, ঙসি, ঙস্, এবং ঙি, এই কয় বিভক্তি পরে থাকিলে, রাজন্ শব্দের স্থানে রাচি আদেশ হয়, বিকল্পে। রাজ্ঞা—রাচিনা, রঞ্জা। রাজ্ঞঃ—রাচিনো, রঞ্জো। রাজ্ঞি—রাচিনি, রঞ্জি। সু। রাজা—রাচা। অম্। রাজানম্—রাচানং। শস্। রাজ্ঞঃ—রঞ্জো।

ক্ত্বস্তূনং ॥ ১৩ ॥

ক্ত্বা প্রত্যয়ের স্থানে তূনং আদেশ হয়। দত্ত্বা—দাতূনং। কৃত্বা—কাতূনং। গৃহীত্বা—ঘেত্তূনং।

হৃদয়স্য হিতঅকং ॥ ১৪ ॥

হৃদয় শব্দের স্থানে হিতঅক নিপাত হয়। হৃদয়ং হরসি মে তরুণি —হিতঅকং হরসি মে তলুনি!

দশমঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ।

দশম পরিচ্ছেদ সমাপ্ত হইল।

একাদশঃ পরিচ্ছেদঃ।

মাগধী ॥ ১ ॥

মগধদেশবাসীর ভাষার নাম মাগধী।

প্রকৃতিঃ শৌরসেনী ॥ ২ ॥

মাগধী ভাষার মূল শৌরসেনী ভাষা, অর্থাৎ শৌরসেনী ভাষা হইতেই মাগধী ভাষা উৎপন্ন হইয়াছে, সুতরাং মাগধী ভাষাতে কয়টী মাত্র বিশেষ নিয়ম দেখা যায়।

ষসোঃ শঃ ॥ ৩ ॥

ষকার এবং সকারের স্থানে তালব্য শকার হয়। মাষঃ—মাশে। বিলাসঃ—বিলাশে।

জো যঃ ॥ ৪ ॥

জকারের স্থানে য হয়। জায়তে—যায়তে।

চবর্গস্য স্পষ্টতা তথোচ্চারণঃ ॥ ৫ ॥

যাহাতে চবর্গের স্পষ্ট উচ্চারণ হয় সেইরূপ উচ্চারণ কর্ত্তব্য। পরিচয়ঃ—পলিচত্র। গৃহীতচ্ছলঃ—গহিদচ্ছলে। নিঝ্ঝরঃ—নিঝ্ঝলে।

হৃদয়স্য হড়ক্কঃ ॥ ৬ ॥

হৃদয় শব্দের স্থানে হড়ক্ক আদেশ হয়। হৃদয়ে আদরো মম—হড়ক্কে আদলে মম।

র্য্যর্জয়ো র্য্যঃ ॥ ৭ ॥

র্য্য এবং র্জ এই উভয়ের স্থানে য্য হয়। কার্য্যম্—কয্যে। দুর্জনঃ দুয্যণে।

ক্ষস্য স্কঃ ॥ ৮ ॥

ক্ষ এই সংযুক্ত বর্ণের স্থানে স্ক হয়। রাক্ষসঃ—লস্কশে। দক্ষঃ—দস্কে।

অস্মদঃ সৌ হকে হগে অহকে ॥ ৯ ॥

সু বিভক্তি পরে থাকিলে অস্মদ্ শব্দের স্থানে হকে, হগে, এবং অহকে এই তিন আদেশ হয়। অহং ভণামি—হকে, হগে, অহকে ভণামি।

অত ইদেতৌ লুক্ চ ॥ ১০ ॥

সু বিভক্তি পরে থাকিলে অকারান্ত শব্দের পর (অর্থাৎ অন্ত্য অকারের স্থানে) ইকার এবং একার হয়, স্থানবিশেষে অন্ত্য অকারের লোপ ও হয়। এষ রাজা—এশি লাআ। এষ পুরুষঃ—এশে পুলিশে। ফলম—ফল্। জলম্—যল্। মানুষঃ—মাণুশ্। ইত্যাদি।

ক্তান্তাদুশ্চ ॥ ১১ ॥

সু বিভক্তি পরে থাকিলে ক্তপ্রত্যয়ান্ত শব্দের অন্ত্য অকারের পর উকার এবং পূর্ব্বোক্ত ইকার ও একার হয়, অন্ত্য অকারের লোপ ও হয়। হসিতঃ—হশিদু, হশিদি, হশিদে, (হশিদ্)।

ঙসো হো বা দীর্ঘত্বঞ্চ ॥ ১২ ॥

ঙস্ বিভক্তির স্থানে হকার হয় বিকল্পে, এবং হকারের পূর্ব্ববর্ত্তী স্বরের স্থানে দীর্ঘ হয়। পুরুষস্য ধনম্—পুলিশাহ, পুলিশশ্শ ধনে।

অদীর্ঘঃ সম্বুদ্ধৌ ॥ ১৩ ॥

সম্বোধনে শব্দের অন্ত্য অকারের স্থানে আকার হয়। পুরুষ! আগচ্ছ—পুলিশা! আগচ্ছ। মানুষ! আগচ্ছ—মাণুশা! আগচ্ছ।

চিট্‌ঠস্য চিষ্ঠঃ ॥ ১৪ ॥

শৌরসেনী ভাষায় সিদ্ধ চিট্‌ঠ এই রূপের স্থানে চিষ্ঠ আদেশ হয়। পুরুষ তিষ্ঠতি—পুলিশে চিষ্ঠদি।

কৃঞ্‌ মৃঙ্‌ গমাং ক্তস্য ডঃ ॥ ১৫ ॥

(ডুকৃঞ্‌ করণে, মৃঙ্‌ প্রাণত্যাগে, গম্‌লৃ গতৌ) কৃ প্রভৃতি ধাতুর পরবর্ত্তী ক্ত প্রত্যয়ের স্থানে ড হয়। কৃতঃ—কড়ে। মৃতঃ—মড়ে। গতঃ—গড়ে।

ক্ত্বো দাণিঃ ॥ ১৬ ॥

ক্ত্বা প্রত্যয়ের স্থানে দাণি আদেশ হয়। সোঢ়্বা গতঃ—সহিদাণি গড়ে। কৃত্বা আগতঃ—করিদাণি আগড়ে।

শৃগালশব্দস্য শিআলা-শিআলে-শিআলকাঃ ॥ ১৭ ॥

শৃগাল শব্দের স্থানে শিআলা প্রভৃতি আদেশ হয়। শৃগাল আগচ্ছতি—শিআলা, শিআলে, শিআলকে আঅচ্ছদি।

একাদশঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ।

একাদশ পরিচ্ছেদ সমাপ্ত হইল।

দ্বাদশঃ পরিচ্ছেদঃ।

শৌরসেনী ॥১॥

শৌরসেনী ভাষার নিয়ম কথিত হইতেছে।

প্রকৃতিঃ সংস্কৃতম্ ॥২॥

শৌরসেনী ভাষার প্রকৃতি অর্থাৎ মূল সংস্কৃত ভাষা।

অনাদাবযুজো স্তথয়োর্দধৌ ॥৩॥

অনাদিতে স্থিত (অর্থাৎ শব্দের আদিতে নহে) অসংযুক্ত তকার এবং থকারের স্থানে ক্রমে দ এবং ধ হয়। সততম্—সদদং। মিথুনম—মিধুণং। মথুরা—মধুরা। ইত্যাদি।

ব্যাপৃতে ডঃ ॥৪॥

ব্যাপৃত শব্দের তকারের স্থানে ড হয়। ব্যাপৃতম্—বাবিড়ং।

পুত্রেপি ক্বচিৎ ॥৫॥

পুত্র শব্দের তকারের স্থানে কোন স্থলে ড হয়। পুত্রঃ—পুত্তো, পুড্ডো।

ই[দ্]গৃধ্রসমেষু ॥৬॥

গৃধ্রশব্দের সদৃশ যে সকল শব্দ, তাহাদের ঋকারের স্থানে ইকার হয়। গৃধ্রঃ—গিদ্ধো। পৃষ্ঠঃ—পিট্‌ঠো। পিট্‌ঠতো জ্জেব অনুলগ্‌গো গদো*। (মৃচ্ছকটিক ৬অ)। মৃগঃ—মিও। অঅং মিও অঅং বরাহো† (শকু ২অ)।

* পৃষ্ঠত এব অনুলগ্নো গতঃ।

† অয়ং মৃগঃ অয়ং বরাহঃ।

ব্রহ্মণ্য-বিজ্ঞ-যজ্ঞ-কন্যকানাং ণ্য-জ্ঞ-ন্যানাং ঞ্জো বা ॥৭॥

ব্রহ্মণ্য, বিজ্ঞ, যজ্ঞ এবং কন্যকা শব্দের যে ণ্য, জ্ঞ এবং ন্য, তাহাদের স্থানে ঞ্জ হয়, বিকল্পে। ব্রহ্মণ্যম্—বম্হঞ্জং, বম্হণ্ণং। বিজ্ঞঃ—বিঞ্জো, বিজ্জো। যজ্ঞঃ—জঞ্জো, জজ্জো। কন্যকা—কঞ্জআ, কণ্ণআ।

সর্ব্বজ্ঞেঙ্গিতজ্ঞয়ো র্ণঃ ॥৮॥

সর্ব্বজ্ঞ এবং ইঙ্গিতজ্ঞ শব্দের যে জ্ঞ তাহার স্থানে ণ হয়। সর্ব্বজ্ঞঃ—সব্বণ্ণো। ইঙ্গিতজ্ঞঃ—ইঙ্গিতণ্ণো।

ক্ত্ব ইঅঃ ॥৯॥

ক্ত্বা প্রত্যয়ের স্থানে ইঅ আদেশ হয়। ভ্রান্ত্বা—ভমিঅ। পরিহৃত্য—পরিহরিঅ। দিট্ঠি পথং পরিহরিঅ গমিস্সং * (মৃচ্ছ ৯ম)।

কৃ-গমো দুঅঃ ॥১০॥

কৃধাতু এবং গমধাতুর পরবর্ত্তী যে ক্ত্বা প্রত্যয় তাহার স্থানে দুঅ আদেশ হয়। কৃত্বা—কদুঅ। গত্বা—গদুঅ। ববহারমণ্ডবং গদুঅ † (মৃচ্ছ ৯অ)।

নির্জ্জশ্শসো র্বা ক্লীবে স্বরদীর্ঘ শ্চ ॥১১॥

ক্লীবলিঙ্গে বর্ত্তমান শব্দের পরবর্ত্তী যে জস্ এবং শস্ বিভক্তি তাহাদের স্থানে ণি হয় বিকল্পে; এবং পূর্ব্ববর্ত্তী স্বরবর্ণের স্থানে দীর্ঘ হয়। বনানি—বণাণি, বণাই। দধীনি—দহীণি, দহীই। মধূনি—মহূণি, মহূই। ইত্যাদি।

* দৃষ্টি পথং পরিহৃত্য গমিষ্যামি।

† ব্যবহারমণ্ডপং গত্বা।

ভো ভুব স্তিঙি ॥১২॥

তিঙ্ বিভক্তি পরে থাকিলে ভূধাতুর স্থানে ভো আদেশ হয়। ভবতি—ভোদি। ভবতু—ভোদু। ভোদু অঙ্গভঙ্গ-বিঅলো ভবিঅ চিট্ঠিস্সং * (শকু ২ অ)।

ন লৃটি ॥১৩॥

লৃট্ বিভক্তি পরে থাকিলে ভূধাতুর স্থানে ভো আদেশ হয় না। ভবিষ্যতি—হুবিস্সদি। চেটঃ। সব্বং উববন্নং হুবিশ্শদি † (মৃচ্ছ ৮অ)।

দদাতে র্দে দই স্সং লৃটি ॥১৪॥

লৃট্ বিভক্তির স্সং অর্থাৎ উত্তম পুরুষের একবচন পরে থাকিলে (দানার্থ) দা ধাতুর স্থানে দে এবং দই আদেশ হয়। দাস্যামি—দেস্সং, দইস্সং। শোবন্নখোড়আইং দইশ্শং ‡ (মৃচ্ছ ৮অ)।

ডুকৃঞঃ করঃ ॥১৫॥

(করণার্থ) কৃধাতুর স্থানে কর আদেশ হয়। করোতি—করেদি। কহিং আসন পরিগ্গহং করেদিত্তি § (মুদ্রারাক্ষস ৬অ)। এদং পআসং করন্তেণ ণ মে পিঅং অনুট্ঠিদং অমচ্চেণ ¶ (মুদ্রারাক্ষস ৬অ)।

* ভবতু অঙ্গভঙ্গ-বিকলো ভূত্বা স্থাস্যামি।

† সর্ব্বং উপপন্নং ভবিষ্যতি। (এই স্থলে "ষসোঃ শ" এই মাগধী সূত্রানুসারে দন্ত্য সকারের স্থানে তালব্য শকার হইয়াছে)।

‡ সুবর্ণকটকানি দাস্যামি। (এই স্থলেও মাগধীর নিয়মানুসারে কেবল সকারের স্থানে তালব্য শকার হইয়াছে ; অপরাংশ শৌরসেনী-সিদ্ধ)।

§ কুত্র আসন পরিগ্রহং করোতীতি।

¶ এতং প্রয়াসং কুর্ব্বতা ন মে প্রিয়ং অনুষ্ঠিতং অমাত্যেন।

স্থ শ্চিট্ঠঃ ॥ ১৬ ॥

স্থা ধাতুর স্থানে ঠিট্ঠ আদেশ হয়। তিষ্ঠতি—চিট্ঠদি। শকারঃ। থাবলআ! চেড়া! গেহ পবহণং অথবা চিট্ঠ চিট্ঠ * (মৃচ্ছ ৮অ)।

স্মরতেঃ সুমরঃ ॥ ১৭ ॥

স্মৃ ধাতুর স্থানে সুমর আদেশ হয়। স্মরতি—সুমরেদি। অহ্মেবি সুমরেদি † (উত্তর চরিত ১অ)।

দৃশেঃ পেক্খঃ ॥ ১৮ ॥

দৃশ্ ধাতুর স্থানে পেক্খ আদেশ হয়। পশ্যতি—পেক্খদি। বণদেবদাবি মং ণ পেক্খদি ‡ (উত্তর চরিত ৩অ)।

অস্তে রচ্ছঃ ॥ ১৯ ॥

অস্ ধাতুর স্থানে অচ্ছ আদেশ হয়। কিং অচ্ছধ বীসদ্ধা ¶ (মৃচ্ছ ৬অ)।

তিপাহত্থি ॥ ২০ ॥

তিপ্ অর্থাৎ লট্ বিভক্তির একবচনের সহিত, অস্ ধাতুর স্থানে অত্থি আদেশ হয়। অস্তি—অত্থি। অজ্জা! কিং ভণাধ? অত্থি কিং চন্দন দাসস্স মোক্খোবাওত্তি? § (মুদ্রারাক্ষস ৭অ)।

ভবিষ্যতি মিপা স্সং বা স্বরদীর্ঘত্বঞ্চ ॥ ২১ ॥

ভবিষ্যৎকালে বিহিত মিপ্ বিভক্তির সহিত অস্ ধাতুর স্থানে স্সং আদেশ হয়, বিকল্পে; এবং (বিকল্পপক্ষে) অস্ ধাতুর স্বরের (অর্থাৎ অকারের) স্থানে দীর্ঘ হয়। ভবিষ্যামি—স্সং, আস্সং।

---

* শকারঃ। স্থাবরক! চেট! নয় প্রবহণং; অথবা তিষ্ঠ তিষ্ঠ।

† অস্মানপি স্মরতি।

‡ বনদেবতাপি মাং ন পশ্যতি।

¶ কিং স্থ বিস্রব্ধাঃ।

§ আর্যাঃ! কিং ভণথ? অস্তি কিং চন্দনদাসস্য মোক্ষোপায় ইতি।

স্ত্রীয়া মিত্থী ॥ ২২ ॥

স্ত্রীশব্দের স্থানে ইত্থী আদেশ হয়। স্ত্রী—ইত্থী। সগ্‌গং গদা কৃখ্‌ তে দেবা ণন্দা জে দুক্‌খিদং ইত্থীজণং পইদিণং অনুকম্পন্তি* (মুদ্রা রাক্ষস ৭অ)।

এবস্য জেব্ব ॥ ২৩ ॥

এব শব্দের স্থানে জেব্ব আদেশ হয়। অদ্য এব—অজ্জ জেব্ব। মম উন মন্দভাআএ এক্কা জেব্ব দুহিদা † (রত্নাবলী প্রস্তাবনা)।

ইবস্য বিঅ ॥ ২৪ ॥

ইব শব্দের স্থানে বিঅ আদেশ হয়। কিং ইব—কিং বিঅ। এত্তিএণ কালেন কীদিসা বিঅ হোন্তি ? ‡ (উত্তর চরিত ৩অ)।

অস্মদো জসা বঅং চ ॥ ২৫ ॥

জস্‌ বিভক্তির সহিত অস্মদ্‌ শব্দের স্থানে বঅং আদেশ হয়, এবং চকার দ্বারা সূচিত হইয়াছে যে একবার অহ্মে আদেশও হয়। বয়ম্‌—বঅং, অহ্মে।

সর্ব্বনাম্নাং ঙেঃ সিত্থা ॥ ২৬ ॥

সর্ব্বনাম শব্দের পরবর্ত্তী যে ঙি বিভক্তি, তাহার স্থানে সি এবং ত্থা হয়। সর্ব্বস্মিন্‌—সব্বসি, সব্বত্থা। ইত্যাদি।

ধাতো র্ভাব-কর্ম্ম-কর্ত্তৃষু পরস্মৈপদম্‌ ॥ ২৭ ॥

ধাতুর পর ভাববাচ্যে কর্ম্মবাচ্যে এবং কর্ত্তৃবাচ্যে পরস্মৈপদ হয়। করোতি—করেদি। ক্রিয়তে—করীঅই, করিজ্জই। ইত্যাদি।

* স্বর্গংগতাঃ খলু তে দেবা নন্দা যে দুঃখিতং স্ত্রীজনং প্রতিদিনং অনুকম্পন্তে।

† মমপুন র্মন্দভাগায়া একৈব দুহিতা।

‡ এতাবতা কালেন কীদৃশাবিব ভবতঃ।

অনন্ত্যে এ চ্চ ॥ ২৮ ॥

ধাতুপ্রত্যয়ঘটিত পদের অনন্ত্য অর্থাৎ মধ্যবর্ত্তী যে অকার তাহার স্থানে একার হয়, এবং চকার দ্বারা একারের অভাবও সূচিত হইয়াছে। সেবতে—সেবেদি। সোবি মন্দভাইনীএ অধন্নদাএ রিউবক্কং জ্জেব সেবেদি* (মহাবীর চরিত ৭অ)।

মিপো লোটি চ ॥ ২৯ ॥

লোট্ বিভক্তির মিপ্ অর্থাৎ উত্তম পুরুষের এক বচনের আদিবর্ণের স্থানে একার হয়। গচ্ছানি—গচ্ছেণি।

আশ্চর্য্যস্যাচ্চরিঅং ॥ ৩০ ॥

আশ্চর্য্য শব্দের স্থানে অচ্চরিঅ আদেশ হয়। আশ্চর্য্যম্—অচ্চরিঅং। কহিংবি বিসএ অচ্চরিঅং দট্ঠুং মিচ্ছামি †(কর্পূরমঞ্জরী ১ জবনিকান্তর)।

প্রকৃত্যা দোলা-দণ্ড-দশনেষু ॥৩১ ॥

দোলা, দণ্ড এবং দশন এই তিন শব্দের দকারের স্থানে ড হয় না। সাধারণ প্রাকৃতের নিয়মানুসারে দকারের স্থানে ড হইয়া ডোলা, ডণ্ডো ডসণো, এই প্রকার রূপ হইবার প্রসক্তি ছিল, তাহা না হইয়া দোলা, দণ্ডো, দসনো এই প্রকার রূপ হয়।

* সোপি মন্দ ভাগিন্যা অধন্যতয়া রিপুপক্ষমেব সেবতে।

† কস্মিন্নপি বিষয়ে আশ্চর্য্যং দ্রষ্টুমিচ্ছামি।

শেষং মাহারাষ্ট্রীবৎ ॥ ৩২ ॥

শৌরসেনী ভাষার অবশিষ্ট সকল নিয়ম মাহারাষ্ট্রী ভাষার মত

দ্বাদশঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ।

দ্বাদশ পরিচ্ছেদ সমাপ্ত হইল।

ইতি শ্রীগিরিশচন্দ্রবেদান্ততীর্থ-বিরচিতা বররুচিকৃত-
প্রাকৃতপ্রকাশ-ভাষাবৃত্তিঃ সমাপ্তা।

পরিশিষ্টম

প্রাকৃতং ত্রিবিধং, দেশ্যং, সংস্কৃতভবং, সংস্কৃতসমঞ্চ ॥ ১ ॥

প্রাকৃত তিন প্রকার; দেশ্য, সংস্কৃতোৎপন্ন এবং সংস্কৃততুল্য।

ন দেশ্যস্য ॥ ২ ॥

দেশ্য প্রাকৃতের কোনও লক্ষণ নাই,—অর্থাৎ, ইহা কোন বিশেষ নিয়মের অধীন নহে।

লক্ষণমিতরয়োঃ ॥ ৩ ॥

সংস্কৃতোৎপন্ন এবং সংস্কৃততুল্য প্রাকৃতই লক্ষণ দ্বারা সাধিত হইয়া থাকে।

আর্ষং বহুলম্ ॥ ৪ ॥

আর্ষপ্রয়োগে লৌকিক প্রাকৃতের নিয়ম বহুলরূপে প্রবর্ত্তিত হয়,—অর্থাৎ সূত্রের প্রসক্তি থাকিলেও কাজ হয় না, এবং কোথায়ও অপ্রাপ্তি স্থলেও কাজ হয়, কোন স্থলে অন্যথা হয়, এবং কোথাও বিকল্পে হয়। (জৈনাচার্য্যগণই এই স্থলে ঋষিনামে অভিহিত হইয়াছেন, এবং তাঁহাদের গ্রন্থে ব্যবহৃত প্রয়োগই আর্ষপ্রয়োগ নামে অভিহিত হইয়াছে।) উদাহরণ; অপহৃতম্—অবহড়ং। আহৃতম্—আহড়ং। তির্য্যক্—তিরিয়া। দুকূলম্—দুগুল্লং। দুষ্কৃতম্—দুক্কড়ং। সুকৃতম্—সকড়ং। সূক্ষ্মম্—সুহ্মং। হ্রদঃ—হরও। আরনালং, অনিলো, অনলো, ইত্যাদি স্থলে ণত্ব হইল না।

স্বরা ঋ ৠ ঌ ঐ ঔ বর্জাঃ ॥ ৫ ॥

প্রাকৃতভাষায় ঋ ৠ ঌ ঐ ঔ এই কয়টী স্বরের ব্যবহার নাই।

ঐ ঔ মাগধ্যাং কেচিদিচ্ছন্তি ॥ ৬ ॥

কাহারও মতে মাগধী ভাষায় ঐ ঔ এই দুই স্বরের ব্যবহার আছে। তথাচ,—হৈমে। কৈতবম্—কৈঅবং। সৌন্দর্য্যম্—সৌঅরিঅং। কৌরবাঃ—কৌরবা। কৈঅবরহিতং পিম্মং, নখিচ্চিয় মামি মানুসে লোএ। অহ পিম্মং কো বিরহো কোবি জীএই। *

পদয়োঃ সন্ধির্ব্বা ॥ ৭ ॥

সংস্কৃতের রীতি অনুসারে পদদ্বয়ের সন্ধিকার্য্য হয়, বিকল্পে। ব্যাস+ঋষিঃ—বাসেসী, বাসইসী। বিষম+আতপঃ—বিসমায়বো, বিসমআয়বো। দধি+ঈশ্বরঃ—দহীসরো, দহিইসরো। স্বাদু+উদকম্—সাউঅকং, সাউউঅকং; ইত্যাদি। এক পদে সন্ধি হয় না। কাঙ্ক্ষতি—মহই, মহএ। বহুলার্থ বাশব্দের ফলে কোন কোন স্থলে একপদেও সন্ধিকার্য্য হয়। কাঙ্ক্ষিষ্যতি—কাহী, কহিই।

নেবর্ণোবর্ণয়ো রসবর্ণে ॥ ৮ ॥

অসবর্ণ পরে থাকিলে ইবর্ণ এবং উবর্ণের সন্ধি হয় না। ন বৈরিবর্গেপি+অবকাশঃ—ন বেরিবগ্গেবি অবআসো। দনুজ+ইন্দ্ররুধিরলিপ্তঃ—দনু ইন্দরুহিরলিত্তো।

* কৈতবরহিতং প্রেম নাস্ত্যেব মামি, মানুষে লোকে। অথ প্রেম কো বিরহঃ কোঽপি জীবতি।

এদোতোঃ স্বরে ॥ ৯ ॥

স্বরবর্ণ পরে থাকিলে একার এবং ওকারের সন্ধিকার্য্য হয় না। বহু-আএ ণহুল্লিহণে+আবংধংতীএ+ইকংচুঅং অঙ্গে। * অহো+অচ্চরিঅং।

স্বরস্যাবশিষ্টে ॥ ১০ ॥

(প্রাকৃতের রীতি অনুসারে অনেক স্থলে স্বরসম্পৃক্ত ব্যঞ্জন লুপ্ত হইয়া যায়। ব্যঞ্জন লুপ্ত হইল যে স্বর অবশিষ্ট থাকে, তাহার নাম অবশিষ্ট।) অবশিষ্ট স্বর পরে থাকিলে পূর্ব্ববর্ত্তী স্বরের সন্ধিকার্য্য হয় না। নিশাচরঃ—ণিসাঅরো, ণিসিঅরো। বহুলের অধিকার দ্বারা কোন স্থলে (এক পদে) বিকল্পে সন্ধি হয়। কুম্ভকারঃ—কুংভ আরো, কুংভারো। সুপুরুষঃ—সুউরিসো, সূরিসো। কোন স্থলে (একপদে) সন্ধিই হয়। সাতবাহনঃ—সালাহণো (তকারের স্থানে ল হইয়াছে)। চক্রবাকঃ—চক্কাও।

তিবাদীনাম্ ॥ ১১ ॥

তিবাদি বিভক্তির স্বরের সহিত অন্য স্বরের সন্ধিকার্য্য হয় না। ভবতি+ইহ—হোই ইহ।

নঞর্থে অণ নাইং চ ॥ ১২ ॥

নঞ অর্থাৎ নিষেধ অর্থে অণ এবং নাই শব্দ প্রযুক্ত হয়। অণচিন্তি-মমুণন্তী নাই করেমি রোসং। †

* বধূকায়া নখোল্লিখনে আবধ্নত্যাঃ কঞ্চুকং অঙ্গে।

† অচিন্তিতং অজানতী ন করোমি রোষম্।

হদ্ধী নির্ব্বেদে ॥ ১৩ ॥

নির্ব্বেদ (খেদ) অর্থে হদ্ধীশব্দ প্রযুক্ত হয়।

মামি হলা হলে সখীসম্বোধনে ॥ ১৪ ॥

মামি, হলা এবং হলে শব্দ সখীর সম্বোধনে প্রযুক্ত হয় সউন্তলে! ণথিচ্চিয়! মামি মাণসে লোএ।

সমাপ্তমিদং পরিশিষ্টম্।